শুভেচ্ছা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রথম আলো উত্তর আমেরিকার সকল পাঠক, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ীসহ সবাইকে শুভেচ্ছা

—সম্পাদক

প্রথম আলো

Prothom Alo North America

Thursday, 27 March 2025, 9th Year, Issue 419, 40 Pages

তালেবান-ট্রাম্পের মধ্যস্থতাকারী কে এই খলিলজাদ পৃষ্ঠা ২৪

বৃহস্পতিবার, ২৭ মার্চ ২০২৫, ১৩ চৈত্র ১৪৩১, ২৭ রমজান ১৪৪৬, ৯ম বর্ষ, সংখ্যা ৪১৯, পৃষ্ঠা ৪০

অন্তর্বর্তী সরকারকে পূর্ণ সমর্থন দেওয়ার প্রতিশ্রুতি চীনের

ঢাকা ডেস্ক

ড. ইউনূস

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারকে পূর্ণ সমর্থন দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে চীন। এ ছাড়া বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও গভীর করার সিদ্ধান্ত নিয়েছে দেশটি। চীনের উপপ্রধানমন্ত্রী ডিং শুয়েশিয়াং অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসকে গতকাল বৃহস্পতিবার এসব কথা জানান।

হাইনানে বোয়াও ফোরাম ফর এশিয়া সম্মেলনে প্রধান উপদেষ্টার সঙ্গে পার্শ্ব বৈঠকে দেশটির এ সিদ্ধান্তের কথা জানান চীনের উপপ্রধানমন্ত্রী। প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রেস উইং এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানায়।

ইউনূস চার দিনের সরকারি সফরে চীনে আছেন। আজ শুক্রবার দেশটির প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে বেইজিংয়ে তাঁর দ্বিপক্ষীয় বৈঠক হওয়ার

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার বক্তব্য অস্পষ্ট : ফখরুল

ঢাকা অফিস

মির্জা ফখরুল

ডিসেম্বর থেকে জুন মাসের মধ্যে নির্বাচন হবে—প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের এই বক্তব্যকে 'অস্পষ্ট' অভিহিত করে অবিলম্বে 'স্পষ্ট রোডম্যাপ' ঘোষণার দাবি করেছেন বিএনপির

এরপর পৃষ্ঠা ১২ কলাম ৫

প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএন টিভি'র প্রতিষ্ঠাবার্ষিকী

প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএন টিভির যৌথ আয়োজনে এই বর্ণাঢ্য অনুষ্ঠান উপস্থিত ছিলেন কবি, সাহিত্যিক, রাজনীতিবিদ, ব্যবসায়ী ও সমাজকর্মীরা। ১২ মার্চ নিউইয়র্ক। ছবি: প্রথম আলো

কবিতাময় উজ্জ্বল সন্ধ্যা এবং মায়েদের প্রতি শ্রদ্ধা

প্রতিষ্ঠাবার্ষিকীর এই রাতটি ছিল আবেগ, শ্রদ্ধা আর সৃজনশীলতার এক অনবদ্য প্রতিচ্ছবি।

বিশেষ প্রতিনিধি

২১ মার্চ, শুক্রবার। কুইনসের আগ্রা পার্টি হল যেন হয়ে উঠেছিল বাংলা সংস্কৃতি ও সম্প্রীতির মিলনমেলা। প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএন টিভির যৌথ আয়োজনে এই বর্ণাঢ্য অনুষ্ঠানে মাতিয়েছিলেন নিউইয়র্কের কবি, সাহিত্যিক, রাজনীতিবিদ, ব্যবসায়ী ও সমাজকর্মীরা। প্রতিষ্ঠাবার্ষিকীর এই রাতটি ছিল আবেগ, শ্রদ্ধা আর সৃজনশীলতার এক অনবদ্য প্রতিচ্ছবি। ভিন্নতায় ভাবালুতায় নিউইয়র্কের জনসমাজে বরাবরের মতোই ভিন্নমাত্রার আনুষ্ঠান করেছে প্রথম আলো উত্তর আমেরিকা।

সম্পাদক ইব্রাহীম চৌধুরী, নির্বাহী সম্পাদক মনজুরুল হক এবং সিনিয়র লেখক সাংবাদিক রহমান মাহবুব শুরুতেই সবাইকে অনুষ্ঠানে যোগ দেয়ার আমন্ত্রণ জানান।

উপস্থিত ছিলেন বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, যিনি প্রথম আলোর সম্পাদক ইব্রাহীম চৌধুরীকে "সাংবাদিকতার পাশাপাশি কমিউনিটি গঠনের দক্ষ কারিগর" আখ্যা দেন। প্রবীণ সাংবাদিক, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান তাঁর বক্তব্যে বলেছেন, অন্য বাংলা পত্রিকাগুলো নিউইয়র্কে যা করতে পারেনি, প্রথম আলো তা করতে পেরেছে। একটি ঐক্যবোধ প্লাটফর্ম করেছে, যেখানে নারীদের অগ্রাধিকার দেয়া হয়। সংবাদ পরিবেশনেও তাদের ভিন্নতা উল্লেখ করে প্রবীণ এ সম্পাদক প্রথম আলো উত্তর আমেরিকার প্রতি তাঁর ভালোবাসা প্রকাশ করেন।

হিউম্যান কনসার্ন ইউ এস এ সম্পাদক মাসুম মাহবুব,মধ্যপ্রাচ্যের গাজায় বিপন্ন মানবতার প্রসঙ্গ উচ্চারণ করে মানবতার পক্ষে সহমর্মিতা নিয়ে দাঁড়ানোর জন্য সকলের প্রতি আহ্বান জানান। নিউইয়র্ক সিটির হিউম্যান রাইটস কমিশনের প্রেস সেক্রেটারি লোরা ব্রান্টলি তাঁর চমৎকার বক্তৃতায় মানবাধিকার, নারীঅধিকারসহ নগর প্রশাসনের এসংক্রান্ত কর্মসূচি প্রথম আলো'র সাথে যৌথভাবে পরিচালনা করার আশ্বাস প্রদান করেন।

এবিসিসিআই চেয়ারম্যান গিয়াস আহমেদের বক্তব্যে উঠে আসে প্রবাসে বাঙালি উদ্যোক্তাদের সাফল্যের গল্প। মূলধারার রাজনীতিতে সক্রিয় গিয়াস আহমেদ প্রথম আলো উত্তর

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

রাজনীতি ফের উত্তপ্ত আওয়ামী লীগ ইস্যুতে

জোরালো হচ্ছে গণহত্যার বিচার ও নিষিদ্ধের দাবি

ঢাকা ডেস্ক

ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের রাজনীতি করা না করা নিয়ে বিতর্ক যেন থামছেই না। সর্বশেষ বৃহস্পতিবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের আওয়ামী লীগকে নিষিদ্ধ করার কোনো পরিকল্পনা নেই। তিনি আরও বলেন, 'তবে দলের যেসব নেতার বিরুদ্ধে হত্যা ও মানবতাবিরোধী অপরাধসহ অন্যান্য অপরাধের অভিযোগ রয়েছে, তাদের বাংলাদেশের আদালতে বিচার করা হবে।' প্রধান উপদেষ্টার এমন বক্তব্যে নতুন করে দেখা দিয়েছে বিতর্ক; উত্তপ্ত হচ্ছে রাজনীতির মাঠ।

শুরু থেকেই বৈষম্যবিরোধী আন্দোলন এবং নতুন রাজনৈতিক দল

জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) বিভিন্ন রাজনৈতিক দল আওয়ামী লীগ কর্তৃক ছাত্র-জনতার ওপর চালানো গণহত্যার বিচারকে প্রাধান্য দেওয়ার দাবি জানিয়ে আসছে। গণহত্যার অভিযোগে দলটির রাজনীতিও নিষিদ্ধের দাবি জানাচ্ছে তারা। গতকাল শুক্রবার এক জরুরি সংবাদ সম্মেলনে দল হিসেবে আওয়ামী লীগকে নিষিদ্ধ ও

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

এক মাস বাড়লো পিপিএলে যুক্ত হওয়ার সময়

হোমকেয়ারে অস্থিরতা

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের ভোক্তা-পরিচালিত ব্যক্তিগত সহায়তা কর্মসূচিতে (সিডিপেপ) যুক্ত হওয়ার জন্য নিবন্ধনের সময়সীমা এক মাস বাড়ানো হয়েছে। রাজ্যের স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, যারা এখনো পাবলিক পার্টনারশিপ এলএলসিতে (পিপিএল) নিবন্ধন সম্পন্ন করেননি তারা ৩০ এপ্রিল পর্যন্ত সময় পাবেন।

জানা গেছে, ১ এপ্রিল থেকে সিডিপেপের সম্পূর্ণ ব্যবস্থাপনা পিপিএলের হাতে চলে যাচ্ছে। যার ফলে রাজ্যের ৬ শতাধিক ছোট আর্থিক ইন্টারমিডিয়ারি প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাবে। তবে নিবন্ধন প্রক্রিয়ায় জটিলতা ও বিভ্রান্তির কারণে হাজারো ব্যবহারকারী ও কর্মী সময়মতো নতুন ব্যবস্থায় যুক্ত হতে পারেননি। এই পরিস্থিতি বিবেচনায় নিয়েই অতিরিক্ত ৩০ দিনের সময়সীমা ঘোষণা করা হয়েছে।

স্বাস্থ্য কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড জানান, ব্যবহারকারী ও কর্মীদের কোনো দোষ নেই। তাদের

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

Taxes, Immigration, Bookkeeping & more

All Under One Roof!

Dynamic Tax & Accounting

(646) 295-3811

www.dynamicsrv.com

Abdul Wahab Chowdhury

Co Founder / Managing Partner

আমরা দীর্ঘ ২৫ বছরেরও বেশি সময় ধরে অত্যন্ত সফলতার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি

CDPAP Transition

Community Outreach Partner

● Bangla ● Hindi ● Urdu ● Spanish

+1 347 571 1804

CHISHTI CPA PC

GROW YOUR BUSINESS WITH US

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিসনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services

Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্স
- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAD DRIVER)

একাউন্টিং ও বুককিপিং
- PAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

Call/email/make appointment at www.chishtiaccounting.com
T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY11372

LIBERTY TRAVELS & TECH

AIR TICKET, WORLDWIDE MONEY TRANSFER

Our Other Services:
- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING

Mohammad K. Chishti, CPA

72-30 Roosevelt Ave, Jackson Hts, NY 11372. Cell: 347-448-6092, 518-699-2499

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চ্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- দাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা ৭ দিনই খোলা
কল করুন আজই

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- **বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।**
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com
Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন
74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911
*ইমিগ্রেশন *ব্যাংক্রাপসি *সেন্টিফিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাসটডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ক্রিমা ও ফিন্যানসি ক্রিমা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

গ্লোবাল ট্যুরস অ্যান্ড ট্রাভেলসের ইফতার ও দোয়া মাহফিল

নিউইয়র্কে গ্লোবাল ট্যুরস অ্যান্ড ট্রাভেলস-এর উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১৯ মার্চ (বুধবার) জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্টে এই আয়োজন সম্পন্ন হয়। ইফতার পূর্বে দোয়া মাহফিলে মুসলিম উম্মাহর শান্তি ও সমৃদ্ধি কামনা করা হয়।

গ্লোবাল ট্যুরস অ্যান্ড ট্রাভেলস-এর সিইও মোহাম্মদ শামসুদ্দিন বশির স্বাগত বক্তব্যে প্রতিষ্ঠানটির সেবা ও কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন।

তিনি জানান, গ্লোবাল ট্যুরস অ্যান্ড ট্রাভেলস দীর্ঘ ১৫ বছর ধরে সুনামের সাথে সেবা প্রদান করে আসছে এবং অনলাইন ট্রাভেল এজেন্সি হিসেবে গ্রাহকদের সাশ্রয়ী মূল্যে টিকেট ও অন্যান্য সেবা প্রদান করছে।

আশরাফুল হাসান বুলবুলের সঞ্চালনায় এ ইফতার মাহফিলে রাজনীতিবিদ গিয়াস আহমেদসহ নিউইয়র্কের বিভিন্ন কমিউনিটি নেতৃবৃন্দ, সাংবাদিক ও বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

ইশরাককে ঢাকা দক্ষিণের মেয়র ঘোষণা

ঢাকা ডেস্ক

ইশরাক হোসেন

২০২০ সালে অনুষ্ঠিত ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাচনের ফল বাতিল করে সাবেক মেয়র সাদেক হোসেন খোকার ছেলে বিএনপি নেতা ইশরাক হোসেনকে মেয়র ঘোষণা করে রায় দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার ঢাকার প্রথম যুগ্ম জেলা জজ ও নির্বাচনী ট্রাইব্যুনালের বিচারক মো. নুরুল ইসলাম এ রায় দেন।

রায় ঘোষণার সময় আদালতে উপস্থিত ছিলেন ইশরাক হোসেন। রায় ঘোষণার পর আদালতে বিজয় মিছিল করছেন ইশরাক হোসেন।

ইশরাক হোসেনের আইনজীবী রফিকুল ইসলাম বলেন, ২০২০ সালে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাচনের প্রার্থী ইশরাক হোসেনের গাড়িবহরে হামলা করা হয়, ইভিএম মেশিনে ভোট জালিয়াতি করা হয়, নির্বাচনে ভোটারদের ভোটগ্রহণে বাধা দেওয়া হয়, নির্বাচনে ভোট জালিয়াতি করা হয়। এতসব জালিয়াতির পরেও নির্বাচন কমিশন শেখ ফজলে নূর তাপসকে মেয়র ঘোষণা করে। নির্বাচন কমিশনের গেজেট চ্যালেঞ্জ করে ২০২০ সালের ৩ মার্চ ইশরাক হোসেন বাদী হয়ে মামলা করেন। আদালত পূর্ণাঙ্গ শুনানি নিয়ে ইশরাক হোসেনকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ঘোষণা করেছেন।

মামলার আরজিতে ইশরাক অভিযোগ করেন, ২০২০ সালের ১ ফেব্রুয়ারি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হয়। তিনি ছিলেন একজন মেয়র প্রার্থী। ইশরাক হোসেনের নির্বাচনী কর্মী, তাঁদের এজেন্টদের মারধর করা হয়। এ নিয়ে তখন গণমাধ্যমে প্রতিবেদনে প্রকাশিত হয়। এ বিষয়ে লিখিত অভিযোগ দেওয়া হলেও সেগুলো আমলে নেওয়া হয়নি। বরং নির্বাচন কমিশন নীরব দর্শকের ভূমিকায় ছিলেন। নির্বাচনের দিন তাঁর এজেন্টদের মারধর করে বের করে দেওয়া হয় ।

মামলায় ইশরাক আরও দাবি করেন, ২০২০ সালের ৫ জানুয়ারি শেখ ফজলে নূর তাপস নির্বাচনী আইন লঙ্ঘন করে রঙিন পোস্টার লাগান। এ বিষয়ে ইশরাক নির্বাচন কমিশনে অভিযোগও দিয়েছিলেন।

KARNAFULLY HOME CARE

KARNAFULLY HOME CARE LLC

A TRUSTED INSTITUTION FOR HOME CARE SERVICES

WE ARE LICENSED HOME CARE SERVICES AGENCY

We Care
Your Family
Like Ours

LHCSAs

Our Services in New York Counties

We Provide The Following Home Care Services

HHA (Home Health Aide)
PCA (Personal Care Assistant)
CDPAP (Consumer Directed Personal Assistance Program)

Service Areas (Boroughs & Counties)

- Queens
- Nassau
- Suffolk
- Bronx
- Westchester
- Dutchess
- Orange
- Rockland
- Sullivan
- Ulster

NYS Department of Health LHCSAs

Main Office
37-20 74th Street, 2nd Fl,
Jackson Heights, NY, 11372

Jamaica Office
167-18 Hillside Ave, 2nd Fl,
Jamaica, NY, 11432

Mohammed Hasem, EA, MBA
President and CEO

MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

Fax: 347-338-6799

347-621-6640

সম্পাদকীয়

ঈদুল ফিতর: সাম্য, সংহতি ও আত্মশুদ্ধির মহিমায় ভাস্বর

প্রতিবারের মতো এবারও রমজানের আত্মিক পবিত্রতা ও সংযমের মাস পেরিয়ে এলো ঈদুল ফিতর—সুখ, সমৃদ্ধি ও সাম্যের বার্তাবাহী এক উৎসব। শাওয়ালের চাঁদ শুধু নতুন একটি দিনের সূচনা করেনি, বরং এনেছে মানবতার প্রতি অঙ্গীকারের পুনর্বাসন। রোজার সিয়াম সাধনার মাধ্যমে আত্মশুদ্ধি, সংযম ও সহমর্মিতার যে শিক্ষা আমরা অর্জন করি, ঈদুল ফিতর তারই বাস্তব প্রতিফলন। এটি কেবল ধর্মীয় আনুষ্ঠানিকতা নয়, বরং সামাজিক বন্ধন দৃঢ়করণ, আর্থিক বৈষম্য হ্রাস ও মানবিক মূল্যবোধের জাগরণের অনন্য উপলক্ষ।

রমজান মাস মুমিনের জীবনে আত্মিক পুনর্জাগরণের সময়। সিয়ামের মাধ্যমে আমরা ক্ষুধা-তৃষ্ণার যন্ত্রণা অনুভব করি, যাতে দরিদ্রের কষ্ট উপলব্ধি করতে পারি। এই শিক্ষাকে ঈদুল ফিতর বাস্তব কর্মে রূপ দেয়। ঈদের নামাজ, সদকাতুল ফিতর ও পারস্পরিক ক্ষমা চাওয়া—সবকিছুর মূলে রয়েছে সামাজিক দায়বদ্ধতা। ইসলামের দৃষ্টিতে ঈদুল ফিতর কেবল উৎসব নয়, এটি একটি সামাজিক সমাধান। সদকাতুল ফিতরের বাধ্যতামূলক বিধান ধনী-দরিদ্রের মধ্যে সম্পদ পুনর্বণ্টনের একটি ব্যবস্থা, যা অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় সহায়ক। বাংলাদেশে এই প্রথা গ্রামীণ সমাজ থেকে শহুরে জীবনে এখনও প্রাণবন্ত, যা সামাজিক সংহতির প্রতীক।

ঈদের নামাজের বিশেষত্ব হলো—এখানে ধনী-গরিব, উঁচু-নিচু, ক্ষমতাবান-নিরীহ সবাই এক কাতারে দাঁড়ান। ঈদগাহের এই দৃশ্য সাম্যের এক জীবন্ত উদাহরণ। সমাজে যেখানে শ্রেণি-বৈষম্য প্রকট, সেখানে ঈদের দিনটি যেন সমস্ত বিভেদ মুছে দেয়। কবি কাজী নজরুল ইসলামের ভাষায়, *“ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ”*—এই গান শুধু উৎসবের আবেশই বহন করে না, বরং তা সমাজের সর্বস্তরে ঈদের আনন্দ ছড়িয়ে দেওয়ার আহ্বান জানায়। বাংলাদেশের গ্রামীণ সমাজে আজও ঈদের দিনে প্রতিবেশীর বাড়িতে মিষ্টি বিতরণ, নতুন পোশাক আদান-প্রদান ও দরিদ্রদের জন্য খাবারের আয়োজন চোখে পড়ে। এটি শুধু সংস্কৃতি নয়, বরং ইসলামের শিক্ষারই প্রতিফলন।

ঈদুল ফিতরের অন্যতম শিক্ষা হলো হিংসা-বিদ্বেষ ভুলে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হওয়া। আজকের বাংলাদেশে যেখানে রাজনৈতিক বিভাজন, ধর্মীয় অসহিষ্ণুতা ও সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়াচ্ছে, সেখানে ঈদের এই বার্তা অত্যন্ত প্রাসঙ্গিক। ঈদ আমাদের শেখায়—অন্যের ধর্ম, মতাদর্শ ও পরিচয়কে সম্মান করতে। বাংলাদেশের ইতিহাসে ঈদের উদারতা সর্বদাই দৃষ্টান্তমূলক: হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান সম্প্রদায়ের মানুষও ঈদের আনন্দে শরিক হন, মুসলিমরা পালন করেন তাদের উৎসব। এই সহাবস্থানই আমাদের জাতীয় শক্তি।

বাংলাদেশে ঈদুল ফিতরের প্রাক্কালে সদকাতুল ফিতর আদায়ের প্রথা এখনও টিকে আছে, তবে এর তাৎপর্য ক্রমশ সংকুচিত হচ্ছে। শহুরে জীবনে অনেকেই এই ফিতরা আদায়কে ফরমালিটি হিসেবে দেখেন, অথচ এর মূল উদ্দেশ্য হলো দরিদ্রদের ঈদের আনন্দে শরিক করা। পবিত্র কোরআনে সূরা বাকারায় বলা হয়েছে,“তাদের সম্পদে অভাবগ্রস্ত ও বঞ্চিতদের অধিকার রয়েছে।” (৫১:১৯)। ঈদের দিনে দরিদ্র শিশুদের নতুন জামা, ক্ষুধার্তের জন্য খাবারের ব্যবস্থা—এই ছোট ছোট উদ্যোগই সামাজিক নিরাপত্তা বলয় গড়ে তুলতে পারে। সরকারি ও বেসরকারি পর্যায়ে সদকাতুল ফিতরের সঠিক বণ্টন নিশ্চিত করলে তা অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখতে পারে।

বর্তমান বাংলাদেশে ঈদের আনন্দ ম্লান হয় রাজনৈতিক কোন্দল, মূল্যস্ফীতি ও বেকারত্বের যন্ত্রণায়। ঈদের কেনাকাটায় নিম্ন আয়ের মানুষের দুঃখ, পথশিশুরা নতুন জামা থেকে বঞ্চিত—এসব চিত্র আমাদের সমাজের অন্ধকার দিক। অথচ ইসলামের দৃষ্টিতে ঈদ হলো সেই দিন, যখন কোনো মানুষই অভুক্ত থাকবে না। এই লক্ষ্য অর্জনে রাষ্ট্রীয় ও সামাজিক উদ্যোগ জরুরি। এজন্যই ঈদুল ফিতর কেবল ব্যক্তির নয়, সমষ্টির উৎসব।

ঈদুল ফিতরের মর্মবাণী সদাই প্রাসঙ্গিক, কারণ এটি শেখায়: ধনী-দরিদ্রের বিভেদ মুছে দেওয়া। পারিবারিক ও সামাজিক বন্ধন দৃঢ় করা। দুর্বলের পাশে দাঁড়ানো। আত্মকেন্দ্রিকতা ত্যাগ করে সমাজের জন্য কাজ করা।

এই শিক্ষাগুলোকে কাজে লাগিয়ে আমরা একটি সুন্দর সমাজ গড়ে তুলতে পারি। উদাহরণস্বরূপ, করোনাকালে অনেকেই ঈদের আনন্দ ভাগ করে নিয়েছেন দরিদ্রদের মধ্যে খাদ্য বিতরণ করে। এটি ঈদের চেতনারই প্রতিফলন।

ঈদুল ফিতর কেবল একটি দিনের উৎসব নয়, এটি একটি জীবনদর্শন। এই দর্শন আমাদের শেখায়—পার্থক্য ভুলে ঐক্যবদ্ধ থাকতে, সম্পদে দরিদ্রের অধিকার স্বীকার করতে এবং হিংসার স্থলে প্রেম স্থাপন করতে। বাংলাদেশের মতো একটি বহুসংস্কৃতির দেশে এই শিক্ষা অপরিহার্য। আসুন, ঈদের এই পবিত্র দিনে আমরা অঙ্গীকার করি: ব্যক্তিগত স্বার্থ ত্যাগ করে সমাজ গঠনে ভূমিকা রাখব, দরিদ্রের মুখে হাসি ফুটাব এবং জাতীয় সংহতি সুদৃঢ় করব। মহান আল্লাহ আমাদের সকলকে ঈদের প্রকৃত বার্তা বুঝে তা বাস্তবায়নের তৌফিক দিন। ঈদ মোবারক!

ঈদের আলোয় উদ্ভাসিত হোক প্রতিটি হৃদয়। মহান আল্লাহ আমাদের জীবনকে সুখ, শান্তি ও সমৃদ্ধিতে পূর্ণ করুন। সকলের জন্য বয়ে আনুক ঈদের অনাবিল আনন্দ।

বিভেদ বাড়িয়ে ঐক্যের ডাকে কাজ হবে তো

আজাদুর রহমান চন্দন

আওয়ামী লীগকে নিষিদ্ধ করার পরিকল্পনা নেই অন্তর্বর্তী সরকারের

গত বছরের ৫ আগস্ট ক্ষমতা হারানোর পর থেকে সেপ্টেম্বরের শেষ নাগাদ আওয়ামী লীগের পক্ষে কথা বলছিলেন কেবল সজীব ওয়াজেদ জয়। আওয়ামী লীগের প্রধান শেখ হাসিনার ছেলে জয়ের সেসব বক্তব্যে ক্ষমতায় থাকাকালীন সীমাহীন দুর্নীতি, নির্বাচনের নামে বারবার তামাশা এবং সর্বোপরি আন্দোলনকারীদের দমাতে শিক্ষার্থীদের বিরুদ্ধে রাষ্ট্রীয় বিভিন্ন বাহিনীর পাশাপাশি দলীয় সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে ব্যাপক হত্যা-নৃশংসতার জন্য এতটুকু অনুশোচনা প্রকাশ পায়নি। উল্টো তিনি গত ২৪ সেপ্টেম্বর রয়টার্সকে বলেছিলেন, দেশের সবচেয়ে পুরোনো ও বড় রাজনৈতিক দলকে বাদ দিয়ে আইনসংগত সংস্কার ও নির্বাচন অসম্ভব। যুক্তরাষ্ট্রে বসবাসরত জয় দেশের সবচেয়ে পুরোনো ও বড় রাজনৈতিক দল বলতে নিজের দল আওয়ামী লীগকে বুঝিয়েছিলেন। এর পরিপ্রেক্ষিতে ‘না শুধরে কি পাবে আওয়ামী লীগ’ শিরোনামে এক নিবন্ধে তখনই লিখেছিলাম, অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, আওয়ামী লীগের নেতৃত্ব পরিবর্তিত পরিস্থিতির উপযোগী করে নিজেদের শুধরে নেওয়ার বদলে অনুকূল সময় ও সুযোগের অপেক্ষায় থাকার কৌশল নিয়েছে। কিন্তু নিজেদের শোধরানোর উদ্যোগ না নিলে তাঁদের সেই অপেক্ষার প্রহর শেষ হবে কি না, সেই প্রশ্নও রেখেছিলাম।

আমার মতো এক নগণ্য ব্যক্তির দৃষ্টিভঙ্গি বা অভিমতের বিষয়ে একটি বড় রাজনৈতিক দলের নীতিনির্ধারকেরা সরাসরি কোনো প্রতিক্রিয়া ব্যক্ত করবেন—এমন আশা কস্মিনকালেও পোষণ করি না। তবে গত কয়েক মাসে আওয়ামী লীগের পলাতক নেতারা নানা বিষয়ে যেসব প্রতিক্রিয়া জানিয়েছেন, তাতে তাঁদের কৃতকর্মের জন্য অনুতাপের লেশমাত্রও দেখা যায়নি। উল্টো তাঁরা আদৌ কোনো অপরাধ বা ভুল করেছেন কি না, সে বিষয়ে জনমত জানতে আগে তাঁদের নির্বাচনে অংশ নিতে দেওয়ার সুযোগ চান দলটির কোনো কোনো নেতা। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম গত ডিসেম্বরের শেষ দিকে বিবিসি বাংলাকে বলেছিলেন, ভবিষ্যতে ভুল-ত্রুটি সামনে এনেই রাজনীতিতে এবং জনগণের কাছে ফিরতে চায় তাঁদের দল।

নাছিম আরও বলেন, ‘আমরা যদি ভুল করি, মানুষ খারাপ বললে সেই সমালোচনা মেনে নিয়ে আমরা শোধরাবার চেষ্টা করব। অভিজ্ঞতা নিয়ে আরও সমৃদ্ধ কাজ করার চেষ্টা করব। আমরা খারাপটাকে বর্জন করব। খারাপ যদি করে থাকি, সেটার জন্য অবশ্যই উপযুক্ত পরিবেশ পেলে আমরা দলীয় মূল্যায়ন করে দেশের মানুষের কাছে গিয়ে তুলে ধরব।’

দলীয় বা সরকারি পদে থেকে ক্ষমতার অপব্যবহার যাঁরা করেছেন, তাঁদের মনোভাব এমন হলেও সাধারণ অনেক কর্মী-সমর্থকের কাছ থেকে শোধরানোর পক্ষেই মত পেয়েছি। ফোনে, সামাজিক যোগাযোগমাধ্যমে, এমনকি সরাসরি আলাপচারিতায় চেনাজানা বেশ কয়েকজন আওয়ামী লীগারের কাছ থেকে এমন অভিমত পাই। আমার নিজ এলাকার একজন সুপরিচিত বীর মুক্তিযোদ্ধা ও নিষ্ঠাবান আওয়ামী লীগার তো ফেসবুকে মন্তব্যের ঘরে সরাসরি লিখেছেন, ‘এ বিষয়ে আওয়ামী লীগ নীতিনির্ধারক মহলের ভাববার সময় এখনই’।

আওয়ামী লীগারদের প্রতিক্রিয়া যা-ই হোক না কেন, লেখাটি ছাপা হওয়ার পর একদা বামপন্থী দু-একজন বন্ধু কিন্তু আমার ওপর বেজায় চটেছিলেন। একজন লিখেছিলেন, ‘আপনাদের লজ্জা করে না ইনিয়ে-বিনিয়ে, প্রকারান্তরে আওয়ামী লীগের মতো একটা দুর্বৃত্ত দলের পক্ষে কথা বলতে?’ ওই বন্ধুটির কাছে আওয়ামী লীগকে শোধরানোর তাগিদ দেওয়ার মানে হলো ‘প্রকারান্তরে আওয়ামী লীগের মতো একটা দুর্বৃত্ত দলের পক্ষে কথা’ বলা!

পুরোনো প্রসঙ্গটি টেনে আনলাম ‘রিফাইন্ড (পরিশীলিত বা সংশোধিত) আওয়ামী লীগ’ নিয়ে হঠাৎ রাজনীতি উত্তপ্ত হয়ে ওঠার কারণে। রাজনীতিতে এই নতুন উত্তাপ দেখা দিয়েছে মূলত ‘আওয়ামী লীগকে নিষিদ্ধ করার পরিকল্পনা সরকারের নেই’ বলে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের এক মন্তব্যের পর। ড. ইউনূস গত বৃহস্পতিবার ঢাকায় ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের প্রতিনিধিদলের কাছে ওই মন্তব্য করেন। আওয়ামী লীগ নিষিদ্ধ করা প্রসঙ্গে ড. ইউনূসের বক্তব্যের প্রতিক্রিয়ায় নবগঠিত জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ বৃহস্পতিবার রাত ১২টার বেশ কিছুক্ষণ পর ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে একটি পোস্ট দেন। এতে তিনি বলেন, ‘ড. ইউনূস, আওয়ামী লীগ ৫ আগস্টেই নিষিদ্ধ হয়ে গেছে। উত্তরপাড়া ও ভারতের প্রেসক্রিপশনে আওয়ামী লীগের চ্যাপ্টার ওপেন করার চেষ্টা করে লাভ নেই।’ এর ঘণ্টাখানেক পর আরেকটি বড় পোস্টে হাসনাত দাবি করেন, ভারতের পরিকল্পনায় ‘রিফাইন্ড আওয়ামী লীগ’ নামে আওয়ামী লীগকে পুনর্বাসনের ষড়যন্ত্র চলছে। তিনি লেখেন, ‘আমিসহ আরও দুজনের কাছে ক্যান্টনমেন্ট থেকে এই পরিকল্পনা উপস্থাপন করা হয় ১১ মার্চ দুপুর ২: ৩০-এ। আমাদের প্রস্তাব দেওয়া হয়, আসন সমঝোতার বিনিময়ে আমরা যেন এই প্রস্তাব মেনে নিই।’ হাসনাত আরও লেখেন, ‘আমাদের আরও বলা হয়, “রিফাইন্ড আওয়ামী লীগ” যাদের দিয়ে করা হবে, তারা এপ্রিল-মে থেকে শেখ পরিবারের অপরাধ স্বীকার করবে, হাসিনাকে অস্বীকার করবে এবং তারা বঙ্গবন্ধুর আওয়ামী লীগ করবে—এমন প্রতিশ্রুতি নিয়ে জনগণের সামনে হাজির হবে।’

দেশের সক্রিয় বেশির ভাগ রাজনৈতিক দলই আওয়ামী লীগকে আর রাজনীতিতে দেখতে চায় না। কিন্তু কী উপায়ে দলটিকে নির্বাচন থেকে দূরে রাখা যাবে, সেই কৌশল নিয়ে মতভিন্নতা থাকতে পারে। এ ছাড়া অপরাধে জড়িত না থাকা ব্যক্তিদের নেতৃত্বে আওয়ামী লীগ রাজনীতি করতে চাইলে সেই সুযোগ দেওয়া উচিত বলেও মনে করেন কোনো কোনো রাজনীতিক। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী প্রশ্ন তুলে বলেছেন, ‘যাঁরা স্বচ্ছ ভাবমূর্তির অধিকারী, তাঁদের নেতৃত্বে আওয়ামী লীগ রাজনীতি করতে পারবে না কেন?’ তাঁর এই বক্তব্য নিয়েও দেখলাম সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রল করছেন বিএনপিরও কিছু লোক। রিজভী কিন্তু আওয়ামী লীগের অপরাধী নেতাদের বিচারের বিপক্ষে কিছু বলেননি। তাঁর বক্তব্যেও মূলত পরিশীলিত আওয়ামী লীগের ধারণারই সমর্থন মেলে। কিন্তু তাঁকে জনতুষ্টিবাদী রাজনীতির শিকার বানানোর চেষ্টা চলছে। কিছু মহল বিষয়টিকে ফ্যাসিস্ট দলের পুনর্বাসনের ষড়যন্ত্র হিসেবে প্রচার করে নিজস্ব গোষ্ঠীস্বার্থে সাধারণ মানুষকে পক্ষে টানার চেষ্টায় লিপ্ত। এই সুযোগ কাজে লাগিয়ে পরিস্থিতি উত্তপ্ত করার চেষ্টায়ও আছে কিছু ব্যক্তি-গোষ্ঠী। কেউ কেউ এই ইস্যুতে নিরাপত্তা বাহিনীকেও জনগণের প্রতিপক্ষ বানাতে চাইছে। এতে যে সংঘাতের ঝুঁকি সৃষ্টি হচ্ছে, তা বুঝতে অসুবিধা হচ্ছে না চিন্তাবিদ তো বটেই, সাধারণ মানুষেরও।

হাসনাত আবদুল্লাহ তাঁর দ্বিতীয় পোস্টের একেবারে শেষে লিখেছেন, ‘আসুন, সকল যদি কিন্তু পাশে রেখে আওয়ামী লীগের বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ হই।’ যদিও একটি বিষয়েই শুধু নয়, বরং সামগ্রিক পরিবর্তনের জন্যই অপরিহার্য ছিল ঐক্য। কিন্তু বাস্তবে হলো উল্টোটা। শুরু থেকেই উপেক্ষা করা হতে থাকল বামপন্থী রাজনৈতিক দল-সংগঠন ও বুদ্ধিজীবী-পেশাজীবীদের। দিনে দিনে নানা বিষয়ে তাদের সঙ্গে মতভেদও প্রকাশ পায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও অন্তর্বর্তী সরকারের। এমনকি গণতান্ত্রিক অধিকারসহ নানা ইস্যুতে বছরের পর বছর আন্দোলন করে আসা ব্যক্তি-সংগঠনকেও কখনো ‘শাহবাগি’, কখনো ‘ফ্যাসিস্টের দোসর’ ট্যাগ দিয়ে মব লেলিয়ে দেওয়ার অপচেষ্টা করা হচ্ছে। ‘শক্তি-সামর্থ্য’ কম বলেই বোধ করি বিষয়টি অনেকের কাছে ততটা গুরুত্ব পাচ্ছে না। কিন্তু একপর্যায়ে দেশের অন্যতম প্রধান দল বিএনপির সঙ্গেও মতভিন্নতা দেখা দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের নেতৃত্বে গঠিত এনসিপি ও অন্তর্বর্তী সরকারের। রাষ্ট্রপতিকে সরানো, গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্র প্রকাশ, জাতীয় নির্বাচনের আগেই সংস্কার ও স্থানীয় নির্বাচনসহ নানা বিষয়ে এই মতভেদ দেখা যায়। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তো শনিবারও এক সংবাদ সম্মেলনে বলেছেন, সংস্কার আগে, নির্বাচন পরে কিংবা নির্বাচন আগে, সংস্কার পরে—এ ধরনের অনাবশ্যক বিতর্কের কোনো অবকাশ নেই। জাতীয় সংস্কার কমিশনগুলোর বিভিন্ন সুপারিশ প্রসঙ্গে তিনি বলেন, সুপারিশগুলো পর্যালোচনা করলে দেখা যায়, ভবিষ্যতে অনির্বাচিত ব্যক্তিদের রাষ্ট্রীয় দায়িত্বে নিয়োগের অযৌক্তিক প্রচেষ্টা রয়েছে, যা অনভিপ্রেত।

আওয়ামী লীগের কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে আগাগোড়াই আন্দোলনে ছিল বিএনপি ও তার সমমনা বিভিন্ন দল, সিপিবি-বাসদসহ বাম গণতান্ত্রিক জোট, ফ্যাসিবাদবিরোধী বাম মোর্চাসহ অনেক রাজনৈতিক দল। আন্দোলনকারী অনেক দলের সঙ্গে দূরত্ব সৃষ্টি করে নিজেদের সুবিধামতো ঐক্যের ডাক কতটা ফলদায়ক হবে সেটা অচিরেই স্পষ্ট হবে বলে আশা করা যায়।

লেখক: সাংবাদিক ও গবেষক

সেনাবাহিনী ও এনসিপির পরস্পরবিরোধী বক্তব্যের প্রেক্ষাপট

শাহাবুদ্দিন শুভ

বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি গত কয়েক দিনে নাটকীয় পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। বিশেষ করে নতুন রাজনৈতিক দল ন্যাশনাল সিটিজেনস পার্টি (এনসিপি) ও সেনাবাহিনীর পক্ষ থেকে পরস্পরবিরোধী বক্তব্য সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করেছে। সেনাবাহিনীর ভূমিকা ও রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরীণ মতবিরোধ দেশের ভবিষ্যতের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। এই বিশ্লেষণধর্মী লেখায় হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলম, মাসুদ, পাটোয়ারী ও সেনাবাহিনীর পক্ষ থেকে প্রকাশিত বিবৃতি পর্যালোচনা করব।

হাসনাত আব্দুল্লাহর বক্তব্য ও অভিযোগ

১১ মার্চ, দুপুর ২:৩০-এ, এনসিপির অন্যতম নেতা হাসনাত আব্দুল্লাহ তার ফেসবুক স্ট্যাটাসে অভিযোগ করেন যে, সেনাবাহিনীর পক্ষ থেকে তাকে এবং আরও কয়েকজনকে ডেকে ‘রিফাইন্ড আওয়ামী লীগ’ গঠনের প্রস্তাব দেওয়া হয়েছিল। তিনি দাবি করেন, ভারতীয় প্রভাবের কারণে এই পরিকল্পনা করা হয়েছে এবং এতে সাবের হোসেন চৌধুরী, শিরিন শারমিন ও তাপসের নাম উঠে এসেছে।

হাসনাতের ভাষ্যমতে, সেনাবাহিনী এই পরিকল্পনার অংশ হিসেবে আওয়ামী লীগের শীর্ষ নেতাদের অপরাধ স্বীকার করানোর মাধ্যমে নতুনভাবে দলকে পুনর্বাসিত করতে চাচ্ছে। তার মতে, আওয়ামী লীগকে নিষিদ্ধ না করে পুনর্বাসনের যে কোনো পরিকল্পনাই জনগণের সঙ্গে প্রতারণার শামিল হবে। তিনি স্পষ্টভাবে উল্লেখ করেন যে, আওয়ামী লীগকে ফিরিয়ে আনতে হলে তাদের লাশের ওপর দিয়েই তা করতে হবে।

হাসনাত আরও অভিযোগ করেন যে, সেনাবাহিনীর পক্ষ থেকে তাদের ওপর চাপ সৃষ্টি করা হয়েছে এবং তারা রাজি না হওয়ার কারণে তাদের হুমকির মুখে পড়তে হয়েছে। তিনি জনগণের প্রতি আহ্বান জানান যে, আওয়ামী লীগকে নিষিদ্ধ করার জন্য আন্দোলন চালিয়ে যেতে হবে।

সেনাবাহিনীর পাল্টা প্রতিক্রিয়া

হাসনাত আব্দুল্লাহর এই দাবির পরিপ্রেক্ষিতে সেনাবাহিনী সদর দপ্তর তা সম্পূর্ণ অস্বীকার করে। সুইডেনভিত্তিক সংবাদমাধ্যম নেত্র নিউজকে দেওয়া এক বিবৃতিতে সেনাবাহিনীর পক্ষ থেকে বলা হয় যে, হাসনাতের বক্তব্য ‘সম্পূর্ণ রাজনৈতিক স্ট্যান্টবাজি’।’ সেনাসদর এই অভিযোগকেও ‘অত্যন্ত হাস্যকর ও অপরিপক্ক গল্পের সম্ভার’ বলে আখ্যা দেয়।

তবে, নেত্র নিউজের প্রতিবেদন অনুযায়ী, সেনাসদর স্বীকার করেছে যে, ১১ মার্চ সেনাপ্রধান ওয়াকার-উজ-জামানের সঙ্গে হাসনাত ও সারজিসের বৈঠক হয়েছিল। তবে এই বৈঠকটি তাদের আমন্ত্রণে নয় বরং হাসনাত ও সারজিসের আগ্রহেই হয়েছিল বলে দাবি করা হয়েছে। সেনাবাহিনীর মতে, কোনো চাপ প্রয়োগ করা হয়নি, বরং রাজনৈতিক পরিস্থিতি নিয়ে সাধারণ আলোচনা হয়েছে।

সারজিস আলমের সংশোধিত বিবৃতি

এনসিপির আরেক শীর্ষ নেতা সারজিস আলম ২৩ মার্চ তার ফেসবুক স্ট্যাটাসে হাসনাতের বক্তব্যের কিছু অংশ সংশোধন করেন। তিনি বলেন, ‘১১ মার্চের বৈঠকটি সেনাবাহিনীর আমন্ত্রণে নয়, বরং তাদের নিজস্ব আগ্রহেই হয়েছিল।’ তিনি সেনাপ্রধানের বক্তব্যকে ‘প্রস্তাব’ হিসেবে দেখেন না, বরং এটিকে ‘অভিমত প্রকাশ’ বলে ব্যাখ্যা করেন।

সারজিসের মতে, সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান বৈঠকে স্পষ্ট ভাষায় বলেছিলেন যে, ‘এনাফ ইজ এনাফ’ এর মানে হলো, দেশের রাজনীতিতে একটি স্থিতিশীলতা দরকার এবং সেনাবাহিনী এ বিষয়ে কোনো একপক্ষীয় অবস্থান নিতে চায় না। তবে সারজিস স্বীকার করেন যে, বৈঠকে আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়ে আলোচনা হয়েছে এবং সেনাপ্রধান আওয়ামী লীগের অপরাধ স্বীকার ও নেতৃত্বের পরিবর্তনের ধারণার প্রতি আগ্রহ দেখিয়েছেন।

মাসুদ ও পাটোয়ারীর প্রতিক্রিয়া

এনসিপির অন্যতম মুখপাত্র হান্নান মাসুদ এক সংবাদ সম্মেলনে বলেন, ‘আমাদের দল কোনো চাপের মুখে নতি স্বীকার করবে না। জনগণের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে কোনো দলকে পুনর্বাসন করা হলে তা প্রতিরোধ করা হবে।’ তিনি সেনাবাহিনীর নিরপেক্ষতার ব্যাপারে সন্দেহ প্রকাশ করেন এবং দাবি করেন যে, রাজনৈতিক দলগুলোর স্বাভাবিক বিকাশে কোনো বাহ্যিক শক্তির হস্তক্ষেপ কাম্য নয়।

অন্যদিকে, নাসিরুদ্দি পাটোয়ারী বলেন, ‘বাংলাদেশের রাজনীতি এখন এক নতুন মোড়ে রয়েছে, যেখানে সেনাবাহিনীর ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। আমরা চাই দেশ গণতান্ত্রিকভাবে পরিচালিত হোক এবং জনগণের ইচ্ছাই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে প্রাধান্য পাক।’

তিনি আরও বলেন, ‘সেনাবাহিনীর ভূমিকা নিরপেক্ষ থাকা উচিত এবং কোনো দল বা গোষ্ঠীকে বিশেষ সুবিধা দেওয়া উচিত নয়।’

পরস্পরবিরোধী বক্তব্যের প্রভাব

হাসনাত, সারজিস, মাসুদ, পাটোয়ারী ও সেনাবাহিনীর বক্তব্য পর্যালোচনা করলে স্পষ্ট হয় যে, বিবৃতিগুলো একে অপরের সঙ্গে পুরোপুরি মিলছে না। হাসনাত বলছেন যে, তাদের ওপর চাপ সৃষ্টি করা হয়েছে, সেনাবাহিনী বলছে, এটি একটি রাজনৈতিক চাল এবং সারজিস বলছেন এটি মূলত একটি আলোচনা ছিল। মাসুদ ও পাটোয়ারী এই পরিস্থিতিকে আরও স্পষ্ট করে তুলেছেন, যেখানে রাজনৈতিক দলগুলোর ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা দেখা যাচ্ছে।

বাংলাদেশের রাজনৈতিক ভবিষ্যৎ কোন পথে

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি অত্যন্ত জটিল ও সেনাবাহিনীর ভূমিকা নিয়ে জনগণের মধ্যে বিভ্রান্তি রয়েছে। সাম্প্রতিক সময়ে সেনাবাহিনীর অবস্থান ও রাজনৈতিক দলগুলোর কৌশলগত পদক্ষেপ দেশের ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ হবে।

দেশের রাজনীতিতে সেনাবাহিনীর ভূমিকা একাধিকবার আলোচনার কেন্দ্রে এসেছে। অতীতে সামরিক হস্তক্ষেপের উদাহরণ রয়েছে, যা রাজনীতির ধারা পরিবর্তন করেছে। তবে, বর্তমান পরিস্থিতিতে সেনাবাহিনী সরাসরি ক্ষমতায় আসবে কিনা, তা নিয়ে বিতর্ক রয়েছে। এনসিপির দাবি অনুযায়ী, সেনাবাহিনী রাজনৈতিক পুনর্বাসনের একটি রূপরেখা তৈরি করছে, কিন্তু সেনাসদর এটি অস্বীকার করছে।

অন্যদিকে, বিএনপি, জাতীয় পার্টি ও অন্যান্য বিরোধী দলগুলোর প্রতিক্রিয়াও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। তারা সেনাবাহিনীর নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ করছে এবং আওয়ামী লীগের সম্ভাব্য পুনর্বাসন নিয়ে উদ্বেগ প্রকাশ করছে। জনগণের আস্থার সংকট, রাজনৈতিক অনিশ্চয়তা এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতিক্রিয়াও এই পরিস্থিতিতে প্রভাব ফেলবে।

বাংলাদেশের রাজনৈতিক ভবিষ্যৎ নির্ভর করবে আগামী কয়েক মাসের ঘটনাপ্রবাহের ওপর। সেনাবাহিনী যদি সত্যিই নিরপেক্ষ থাকে এবং রাজনৈতিক দলগুলো যদি গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে নিজেদের অবস্থান নির্ধারণ করতে পারে, তবে স্থিতিশীলতার সম্ভাবনা রয়েছে। অন্যথায়, নতুন সংঘাতের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যাবে না।

পরিশেষে বলতে পারি, বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি এক নতুন মোড়ে পৌঁছেছে; যেখানে সেনাবাহিনীর ভূমিকা ও রাজনৈতিক দলগুলোর অবস্থান নিয়ে প্রশ্ন উঠছে। হাসনাত আব্দুল্লাহর বক্তব্য, সেনাবাহিনীর পাল্টা বিবৃতি, সারজিস আলমের সংশোধিত বক্তব্য, মাসুদ ও পাটোয়ারীর প্রতিক্রিয়া এক জটিল চিত্র উপস্থাপন করে। আগামী দিনগুলোতে এই বিতর্কের সমাধান কোথায় গিয়ে দাঁড়াবে, তা দেশের রাজনৈতিক স্থিতিশীলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

লেখক: ফ্রান্স প্রবাসী সাংবাদিক ও লেখক

INTERLINKED360



জটিল আইটি সমস্যার সমাধান আমাদের কাছেই

আমাদের সেবা সমূহ

- বিজনেস ইমেইল এবং ওয়েবসাইট ডেভেলপমেন্ট
- আপনার তথ্য হ্যাকার এর কাছ থেকে সুরক্ষিত রাখা
- ক্লাউডের মাধ্যমে আপনার ফাইল ব্যাকআপ রাখা
- ওয়্যারলেস/নেটওয়ার্ক এবং সার্ভার সেটআপ
- আপনার টেক কনসালটেন্ট
- সিকিউরিটি ক্যামেরা সেটআপ
- ক্যাবলিং এবং ওয়্যারিং (লো ভোল্টেজ)
- বিজনেস ফোন সেটআপ
- অডিও/ভিডিও সরঞ্জাম সেটআপ
- লাইভ স্ট্রিমিং সেটআপ

আমরা আপনাকে কিভাবে সাহায্য করতে পারি সেজন্য আজ আমাদের সাথে যোগাযোগ করুন!

যোগাযোগ মাধ্যমঃ

516-853-0476 hello@interlinked360.com www.interlinked360.com

KARNAFULLY TAX SERVICES INC.

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS CPA & Enrolled Agent এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

একাউন্টিং
- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP
- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন
- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

AUTHORIZED IRS e-file PROVIDER | Direct Deposit | ENROLLED AGENT | NATP | Member of AICPA | naea | NOTARY PUBLIC

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
Admitted to Practice before the IRS

Office Hours:
Monday - Saturday
10 am - 9 pm
Sunday 7 pm

Phone: 718-205-6040
718-205-6010
Fax : 718-424-0313

Tax Preparation fee pay by Cradit card

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

Please subscribe to our YouTube Channel KARNAFULLY TAX to get the latest updates.

37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

৪র্থ বাংলাদেশ রেমিট্যান্স ফেয়ার ২০২৫

বৈধ রেমিট্যান্স, উন্নত বাংলাদেশ

Bangladesh Remittance Fair 2025

১৯-২০ এপ্রিল ২০২৫
(শনিবার এবং রবিবার)

বিকাল ৩টা - রাত ৮ টা

শানাই রেস্তোরাঁ ও পার্টি হল
জ্যাকসন হাইটস, নিউইয়র্ক, ইউএসএ

মেলার আকর্ষণ

ENTRY FREE

মেলায় থাকবে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ২০টির অধিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

মানি ট্রান্সফার কোম্পানির অংশগ্রহণ

প্রবাসী বাংলাদেশিদের ব্যাংক একাউন্ট খোলার সুযোগ

রেমিট্যান্স অফশোর ব্যাংকিং ও প্রবাসী ব্যবসা সংক্রান্ত সেমিনার আলোচনা এবং প্রশ্ন/উত্তর পর্ব

সেরা ১০ বাংলাদেশি-আমেরিকান রেমিট্যান্স প্রেরককে পুরস্কার প্রদান

বাংলাদেশের শীর্ষ ৩ রেমিট্যান্স রিসিভার ব্যাংককে পুরস্কার প্রদান

শীর্ষ ৩ মানি এক্সচেঞ্জ কোম্পানি/ রেমিট্যান্স চ্যানেল পার্টনারকে পুরস্কার প্রদান

রেমিট্যান্স নেটওয়ার্কিং ডিনার ও প্রবাসী নেটওয়ার্কিং ডিনার

মেলায় অংশগ্রহণ করছে

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
- মানি ট্রান্সফার অপারেটর
- রেমিট্যান্স চ্যানেল পার্টনার
- মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস
- অফশোর ব্যাংকিং সেবা প্রদানকারী
- মানি ট্রান্সফার এবং রেমিট্যান্স অ্যাপ
- প্রবাসী ক্ষুদ্র উদ্যোক্তাবৃন্দ

কারা মেলা পরিদর্শন করবেন?

- রেমিট্যান্স প্রেরণকারী মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশি প্রবাসী
- পেশাজীবী সম্প্রদায় ও সাংস্কৃতিক সংস্থার সদস্য
- প্রবাসী ফোরাম ও সমিতির সদস্য
- প্রবাসী উদ্যোক্তা ও ব্যবসায়ী প্রমুখ

অতিথিবৃন্দ

প্রধান অতিথি

জনাব ড. আহসান এইচ মনসুর
মাননীয় গভর্নর, বাংলাদেশ ব্যাংক

বিশেষ অতিথি

জনাব ড. মো. হাবিবুর রহমান
ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

জনাব মো. হাফিজুর রহমান
প্রশাসক, এফবিসিসিআই

জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী
চেয়ারম্যান, সোনালী ব্যাংক পিএলসি

জনাব আব্দুল হাই সরকার
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস

এছাড়া বাংলাদেশ এবং আমেরিকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনেক জনমান্য ব্যক্তিবর্গ মেলায় উপস্থিত থাকবেন

স্টল বুকিং ও যোগাযোগ

+১(৩৪৭)৬৫৬-৫১০৬ | +১(৩৪৭)৮৬৪-১২১৮

info@banglaleshremittancefair.com

In association with: FBCCI

Media Partners: বণিক বার্তা, The Business Standard, ঠিকানা

Organized by: BUCCI, USA-Bangladesh Business Links

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী – লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জানিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেষ্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরকিান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

এক মাস বাড়লো পিপিএলে যুক্ত হওয়ার

প্রথম পৃষ্ঠার পর

বিভ্রান্ত করা হয়েছে। তাই কেউ যাতে সেবা থেকে বঞ্চিত না হন, সে লক্ষ্যেই সময় বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এই অতিরিক্ত সময়সীমা শুধুমাত্র নিবন্ধনের সুযোগ হিসেবে দেওয়া হয়েছে, ব্যবস্থাপনার পরিবর্তন যথাসময়ে কার্যকর হবে।

এদি নতুন ব্যবস্থাপনার কারণে ভোগান্তিতে পড়েছেন অনেকেই। অনেক কর্মী এখনো নিশ্চিত নন, তারা সময়মতো বেতন পাবেন কী-না। বিভিন্ন অ্যাডভোকেসি গ্রুপ ও আইনপ্রণেতারা এই সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেছেন এবং পুরো পরিবর্তন প্রক্রিয়াকে বিশৃঙ্খল বলে আখ্যা দিয়েছেন।

গভর্নর ক্যাথি হোচুল এই পরিবর্তনকে প্রয়োজনীয় উল্লেখ করে বলেছেন, সিডিপেপের ব্যয় মাত্র পাঁচ বছরে ৩.২ বিলিয়ন ডলার থেকে ১১.২ বিলিয়ন ডলারে পৌঁছেছে। যা নিয়ন্ত্রণে আনতে নতুন ব্যবস্থাপনা জরুরি। তিনি জানান, রাজ্য প্রশাসনের প্রধান লক্ষ্য রোগী ও কর্মীদের সুরক্ষা নিশ্চিত করা। তবে আগের প্রতিষ্ঠানগুলোর অনিয়ম ও অব্যবস্থাপনার কারণে তাদের আর সময় দেওয়া হবে না।

নিবন্ধনের সময়সীমা এক মাস বাড়ানো হলেও, এটি অনেকের জন্য পর্যাপ্ত হবে কী-না, তা নিয়ে এখনো অনিশ্চয়তা রয়ে গেছে। আইনপ্রণেতারা সময় আরও বাড়ানোর দাবি জানালেও, রাজ্য প্রশাসন সিদ্ধান্তে অনড় রয়েছে।

সিডিপেপে যারা অন্তর্ভুক্ত হতে পারবে না তাদের করণীয়

নির্ধারিত এই সময়ের মধ্যে কেউ যদি পিপিএলে নিবন্ধন করতে না পারে তবে তার সিডিপেপ সেবা বন্ধ হয়ে যেতে পারে। এমন পরিস্থিতিতে গ্রহকরা বিপাকে পড়তে পারেন। তবে একটি বিকল্প উপায়ের মাধ্যমে এই সমস্যা নিরসন সম্ভব বলে জানিয়েছেন কর্ণফুলী হোম কেয়ারের সিইও মো. হাশেম।

তিনি বলেন, সিডিপেপ যাদের বন্ধ হয়ে যাবে তারা আর ব্যবসায়ে টিকে থাকেতে পারবে না। এমন পরিস্থিতিতে যদি কোন প্রতিষ্ঠান লাইসেন্সধারী হোম কেয়ার সার্ভিসেস এজেন্সি (লেকসা) হয়ে থাকে তারা পার্সোনাল কেয়ার সার্ভিস (পিসিএস) দিতে পারবে। এমন পরিস্থিতিতে তারা টিকে থাকতে পারবে। কিন্তু যাদের কাছে এই লাইসেন্স নেই তারা পুরোপুরি ব্যবসা থেকে ছিটকে পড়বে।

তিনি বলেন, আমরা চেষ্টা করছি যারা পার্সোনাল কেয়ার সার্ভিসের জন্য উপযুক্ত নন তাদের পিপিএলে যাওয়ার পরামর্শ দিয়েছি। আর যারা পার্সোনাল কেয়ার সার্ভিসের জন্য উপযুক্ত তাদের আমরা নিজস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে সেবা দিচ্ছি।

মো. হাশেম বলেন, আমাদের কুইন্স এবং পুরো লং আইল্যান্ডে আমরা হোমকেয়ার সেবা দিচ্ছি। অপর প্রতিষ্ঠানের মাধ্যমে ব্রঙ্কস, রকলেন্ড কাউন্টি, অরেঞ্জ কাউন্টি, ডাচেস কাউন্টি, অস্কার এবং সুল্লিভান কাউন্টি পুরো এলাকায় সেবা দিয়ে যাচ্ছি।

তিনি বলেন, আমাদের হোম কেয়ার সার্ভিসেস এজেন্সির লাইসেন্স থাকায় আমরা পিসিএস সেবাটা দিতে পারবো। কিন্তু যাদের লাইসেন্স নেই তাদের অবশ্যই পিসিএলে যেতে হবে।

সিডিপেপ ও পিসিএসের পার্থক্য কি?

পিসিএস প্রোগ্রামে স্থানান্তর প্রক্রিয়া

ভোক্তা পরিচালিত ব্যক্তিগত সহায়তা প্রোগ্রাম (সিডিপেপ) এবং ব্যক্তিগত সহায়তা সেবা (পিসিএস) দুটি মেডিকেইড দ্বারা অর্থায়িত হোম কেয়ার প্রোগ্রাম। তবে তাদের কার্যক্রমের ধরন একেবারে আলাদা। সিডিপেপ প্রোগ্রামের মাধ্যমে ব্যবহারকারীরা নিজেদের কেয়ারগিভার নির্বাচন, প্রশিক্ষণ এবং সময়সূচি নির্ধারণ করতে পারেন। এর মধ্যে, পরিবারের সদস্যদের কেয়ারগিভার হিসেবে নিয়োগের সুযোগও রয়েছে। তবে স্বামী বা স্ত্রীর কেয়ারগিভার হওয়া নিষিদ্ধ। এটি ব্যবহারকারীদের অধিক স্বাধীনতা প্রদান করে এবং তাদের প্রয়োজন অনুযায়ী কেয়ারগিভারের ব্যবস্থাপনা করতে সহায়ক।

অন্যদিকে, পিসিএস প্রোগ্রামে, কেয়ারগিভারের নিয়োগ এবং তাদের সময়সূচি পরিচালনা করে একটি এজেন্সি। এজেন্সির মাধ্যমে কেয়ারগিভার নিয়োগের ফলে ব্যবহারকারীর কেয়ারগিভারের নির্বাচন এবং প্রশিক্ষণের ওপর কম নিয়ন্ত্রণ থাকে। এছাড়া, পিসিএস প্রোগ্রামে পরিবারের সদস্যদের কেয়ারগিভার হিসেবে নিয়োগের অনুমতি নেই, কিছু বিশেষ পরিস্থিতি ছাড়া।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, যারা বর্তমান নির্দেশনা অনুযায়ী যারা সিডিপেপ প্রোগ্রামে থাকতে চান তারা ৩০ এপ্রিল পর্যন্ত পিপিএলে নিবন্ধন করতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (ডিওএইচ) নির্দেশিকা অনুযায়ী, পিসিএস প্রোগ্রামে স্থানান্তর করতে গেলে, মেডিকেইড পরিচালিত যত্ন সংস্থা (এমএমসিও) এবং স্থানীয় সমাজসেবা বিভাগ (এলডিএসএস) এর সাথে যোগাযোগ করতে হবে। পিসিএস-এ স্থানান্তর করলে গ্রাহকের একটি নতুন মূল্যায়ন এবং পূর্ব অনুমোদন প্রয়োজন হবে। যা সঠিকভাবে প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অপরিহার্য।

প্রসঙ্গত, নতুন সিডিপেপ পরিকল্পনার উদ্দেশ্য হলো গৃহ পরিচর্যা কর্মসূচিতে অপচয়, জালিয়াতি ও অপব্যবহার কমানো। এই পরিবর্তন রাজ্য ও ফেডারেল করদাতাদের প্রায় এক বিলিয়ন ডলার সাশ্রয় করবে বলে মতামত সংশ্লিষ্টদের। তবে এই পরিবর্তনের ফলে গৃহ পরিচর্যা কর্মীরা তাদের বর্তমান স্বাস্থ্যবিমা হারানোর ঝুঁকিতে পড়বেন। সেইসাথে তাদের মজুরিও পরোক্ষভাবে কমে যেতে পারে। এতে করে প্রায় ৪ লাখ গৃহ পরিচর্যা কর্মী এবং ২ লাখ ৮০ হাজার বয়স্ক ও প্রতিবন্ধী নাগরিকের ওপর সরাসরি প্রভাব পড়বে। তবে সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, তারা কর্মীদের স্বাস্থ্য বীমা সুবিধা নিশ্চিত করতে কাজ করছে।

শেখ হাসিনাসহ ৭৩ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা

ঢাকা ডেস্ক

'জয় বাংলা ব্রিগেড' নামের একটি অনলাইন প্ল্যাটফর্মে সভা করে দেশে গৃহযুদ্ধ বাধানোর পরিকল্পনা এবং বর্তমান সরকার উৎখাতের ষড়যন্ত্রের অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনাসহ ৭৩ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা হয়েছে।

মামলায় দ্বিতীয় আসামি করা হয়েছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহসভাপতি ড. রাব্বি আলমকে। এ ছাড়া অনলাইন মিটিংয়ে অংশগ্রহণকারী আরও ৫০৩ জনকে সন্দেহভাজন হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের পর বৃহস্পতিবার ঢাকার মুখ্য মহানগর হাকিমের আদালতে মামলাটি করা হয়। আদালত তা আমলে নিয়ে সিআইডি তদন্তের নির্দেশ দিয়েছেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ১৯ ডিসেম্বর অনলাইন প্ল্যাটফর্মে একটি বৈঠক অনুষ্ঠিত হয়, যেখানে 'জয় বাংলা ব্রিগেড' নামে একটি সংগঠন গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে অংশগ্রহণকারীরা একটি গৃহযুদ্ধের মাধ্যমে পলাতক শেখ হাসিনাকে পুনরায় প্রধানমন্ত্রীর দায়িত্ব ফিরিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেন এবং এই উদ্দেশ্যে শেষনিশ্বাস পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার করেন। মোট ৫৭৭ জন দেশ- বিদেশের বিভিন্ন স্থান থেকে এই জুম মিটিংয়ে অংশ নেন এবং শেখ হাসিনার সকল নির্দেশনা অনুসরণ করার ব্যাপারে একমত হন ।

প্রতারক মিনহাজের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

ঢাকা ডেস্ক

মিনহাজ

বিএনপির স্ট্যান্ডিং কমিটির সমন্বয়ক ও ভারপ্রাপ্ত ভাইস চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা পরিচয়ে প্রতারণার অভিযোগে মো. আশরাফুজ্জামান মিনহাজের বিরুদ্ধে মামলা দায়েরের পর গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে। আজ বৃহস্পতিবার ঢাকার মহানগর হামিক সারাহ ফারজানা পরোয়ানা জারির এই নির্দেশ দেন।

সকালে অ্যাডভোকেট ইলতুৎমিশ সওদাগর এ্যানি বাদী হয়ে মামলা করেন। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে আসামিকে গ্রেপ্তারে পরোয়ানা জারি করেন।

মামলার অভিযোগে বলা হয়, আশরাফুজ্জামানের বাড়ি নোয়াখালীতে। তিনি একজন মেধাবী শ্রেণির প্রতারক। নিজেকে কখনো কানাডার ইয়র্ক ইউনিভার্সিটির পিএইচডি গবেষক, কখনো যুক্তরাষ্ট্রের হার্ভার্ড ইউনিভার্সিটির প্রফেসর পরিচয় দিয়ে সম্মান অর্জন করেছে বলে পরিচয় দেন। বিভিন্ন ব্যক্তিকে বিভিন্ন কাজ করে দেওয়ার প্রতিশ্রুতি প্রদানের মাধ্যমে বিপুল অর্থ আয় করাই তাঁর মূল পেশা।

এতে আরও বলা হয়, তাঁর প্রতারণার সূচনা হয় ২০০৮ সালে ওয়ান ইলেভেনের সেনা সমর্থনে আওয়ামী সরকারের উত্থানের মধ্য দিয়ে। ২০০৯ সালে সাহারা খাতুন স্বরাষ্ট্রমন্ত্রী হওয়ার পর তাঁর জামাতা পরিচয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্তা ব্যক্তিদের চাকরির পদোন্নতি করা, বদলি করা এবং নিয়োগ প্রদানের মাধ্যমে প্রচুর অর্থ সম্পদ অর্জন করে। অর্থের নেশা আসামিকে এতটাই মোহাচ্ছন্ন করেছিল, প্রশাসনের উচ্চ পর্যায়ের ও পুলিশের ভয়ভীতি দেখিয়ে নিরীহ ও নিরপরাধ ব্যক্তিদের কাছ থেকে বিপুল অর্থ আদায় করা তার মূল লক্ষ হয়ে ওঠে। এই ধারাবাহিকতা সম্পর্কে জ্ঞাত হয়ে তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী তাঁকে জেল হাজতে পাঠান।

মামলায় আরও বলা হয়, চলতি মাসে আসামি তার ব্যবহৃত হোয়াটসঅ্যাপের মাধ্যমে মামলার ২ নম্বর সাক্ষী বিএনপি নেতা মোয়াজ্জেম হোসেন আলালের সঙ্গে যোগাযোগ করে নিজেকে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মনোনীত স্ট্যান্ডিং কমিটির সমন্বয়কারী ও ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা কমিটির সদস্য হিসেবে পরিচয় দেয় এবং তাকে পরবর্তীতে স্ট্যান্ডিং কমিটিতে স্থান করে দেওয়ার প্রতিশ্রুতি দেয়।

পরে দলের সিদ্ধান্ত হয় তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার। ওই সিদ্ধান্তমতে বাদী শেরেবাংলা নগর থানায় যান মামলা করতে। তবে থানা মামলা না নেওয়ায় আদালতে মামলা করেন তিনি।

কবিতাময় উজ্জ্বল সন্ধ্যা

প্রথম পৃষ্ঠার পর

আমেরিকার সব কর্মীদের শুভেচ্ছা ও ভালোবাসা জানান। নারী সংগঠক সালমা ফেরদৌস তাঁর বক্তৃতায় বলেছেন, প্রথম আলো যেন আমাদের নতুন প্রজন্মকে লক্ষ্য করে সংবাদ ও অভিমত প্রকাশ করে। এর ফলে আমাদের নতুন প্রজন্মের সাথে শেকড়ের সংযোগটি দৃঢ় হবে বলে তিনি উল্লেখ করেন।

প্রবীণ জনসংগঠক ও কমিউনিটি নেতা নাছির উদ্দিন খান পল বলেছেন প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক তাঁর আপনজন বলেই নয়, এ পত্রিকার সাথে জড়িত সকলের কাজকর্মের সাথে তিনি পরিচিত। নাছির উদ্দিন খান পলকে মঞ্চে স্বাগত জানান মোহাম্মদ আলী।

নিউজার্সির পেটার্সন থেকে অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন স্কুল বোর্ডের নির্বাচিত কমিশনার মোহাম্মদ রশিদ। তিনি তাঁর শুভেচ্ছা বক্তব্যে জানান নিজেও প্রথম আলোর নানা কর্মকান্ডের সাথে জড়িয়ে আছেন। এ আনন্দযাত্রায় সংযুক্ত থাকতে পেরে নিজেকে ধন্য মনে করেন মোহাম্মদ রশিদ বলে তিনি উল্লেখ করেন।

প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে 'কবিতার একপাতা'র সম্পাদক কবি ফারুক ফয়সল আবেগময় বক্তৃতায় চলমান সামাজিক ও রাজনৈতিক বাস্তবতার ইঙ্গিত দিয়েছেন। তিনি তাঁর বক্তৃতায় গত এক দশকের যৌথ পথ চলার মাধ্যমে বাংলা কবিতার শ্রেষ্ঠ মাসিক আয়োজন 'কবিতার এক পাতা' নিয়ে কথা বলেন। এ পাতার নিয়মিত কবিদের মধ্যে কবি হোসাইন কবির, কবি রওশন হাসান,কবি মনিজা রহমান, কবি লায়লা ফারজানা, কবি জেবুন্নেসা জ্যোৎস্না, কবি শামস চৌধুরী রুশো এবং কবি ফারুক ফয়সল কাব্যে ও কথনে দর্শকদের মুগ্ধ করে রাখেন।

প্রথম আলো উত্তর আমেরিকার সাহিত্য বিভাগ নিয়ে কবিতা ও আলোচনা পর্ব শুরু করেন এইচ বি রিতা। সেখানে কবিতা পাঠ করেন, শরিফুজ্জামান পল, সুমন শামসুদ্দিন, আহমেদ সহুল, রাজিয়া নাজমী, নবনীতা দ্বিমিত্রা, স্বপন বিশ্বাস, মিয়া আছকির, শামস রুশো, আক্তার নাসিমা, কান্তা কাবির। বক্তব্য রাখেন মনিজা রহমান, শেলী জামান খান, রওশন হক, কুলসুম আক্তার সুমী, শামসুন ফৌজিয়া, সুরিত বড়ুয়া, রুপা খানম, সিমু আফরোজ। 'টক অফ দ্য উইক' নামের ফেসবুক ভিত্তিক সাপ্তাহিক অনুষ্ঠান নিয়ে কথা বলেন, ফরিদা ইয়াসমীন, সোহানা নাজনীন ও রোকেয়া দীপা।

অন্যান্যের মধ্যে সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাংবাদিক সাঈদ তারেক, ডিজিটাল ট্রাভেল এস্টোরিয়ার সিইও নজরুল ইসলাম, ল সোসাইটির সহসভাপতি মোহাম্মদ জুনেল, ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি দুলাল বেহেদু, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মশিউর রহমান, অ্যাংকর ট্রাভেলের সিইও মাইনউদ্দিন পিন্টু, সানমান গ্লোবাল এক্সপ্রেসের সিইও মাসুদ রানা তপন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূঁইয়া, সমাজসেবক ইঞ্জিনিয়ার ফজলুল হক, টাইম টিভি'র প্রশাসনিক কর্মকর্তা রাশীদা আখতার, সাংবাদিক জলি আহমেদ, আরিফুর রহমান, কলি ফারুক, আসিফুর রহমান, সাইফুল আলম, সায়ান সিদ্দিক, জাকির হোসেন, আব্দুল কাইয়ুম, সানজিদা উর্মি, তাসনুবা আনাম, মাসুম আহমেদ, শিল্পী মরিয়ম মারিয়া, মুক্তি জহির, কাবির আহমেদ, নুরুল খান , সাংবাদিক প্রতীক রহমান, কণ্ঠশিল্পী রোজী প্রমুখ উপস্থিত ছিলেন।

কবি কাজী জহির তাঁর বক্তৃতায় , প্রবাসে সাহিত্য সংস্কৃতির বিকাশে প্রথম আলো উত্তর আমেরিকার গুরুত্বপূর্ণ ভূমিকার উল্লেখ করে এ সংবাদপত্রটির সমৃদ্ধি কামনা করেন।

সাংবাদিক শামীম শাহেদ তাঁর শুভেচ্ছা বক্তব্যে পত্রিকাটির সাথে একসময় নিজের সংশ্লিষ্টতার কথা উল্লেখ করেন। তিনি কৌতুক শুনিয়ে শ্রোতাদের মুগ্ধ করেন।

অনুষ্ঠানের সবচেয়ে হৃদয়গ্রাহী অধ্যায় ছিল পাঁচ মায়ের সম্মাননা। রওশন হকের মা গুলশান আরা চৌধুরী, রোকেয়া দীপার মা হাসনা হেনা, মনজুরুল হকের শাশুড়ি রোকেয়া বেগম, এইচ বি রিতার মা আনোয়ারা বেগম এবং শেলী জামান খানের মা সাজেদা জামানকে সম্মাননা দেওয়া হয়। গুলশান আরা চৌধুরীর কণ্ঠে কৃতজ্ঞতা ফুটে উঠেছিল এভাবে— "সন্তানেরা যখন ভালো কাজে জড়িত, তখন মায়ের বুক ফুলে ওঠে। আপনাদের এই উদ্যোগ সত্যিই প্রশংসার দাবিদার।" রোকেয়া বেগমের চোখে জল এসে বলেছিলেন, "মেয়েকে সুযোগ দিয়েছেন বলেই আজ আমিও এই মঞ্চে।" মায়েরা তাদের সন্তানদের জন্য সবার কাছে দোয়া কামনা করেন। উপস্থিত সকল দর্শক শ্রোতাদের মাতৃ অভিব্যক্তিই উচ্চারিত হচ্ছিল তাদের আশীর্বাদমাখা কণ্ঠে।

অনুষ্ঠানের বিশেষ দিক ছিল নারীদের প্রাধান্য। রওশন হক, রাজীয়া নাজমী, ফরিদা ইয়াসমীন, সোহানা নাজনীন ও রোকেয়া দীপার আলোচনায় উঠে এসেছিল নারীর আত্মবিকাশের চ্যালেঞ্জ ও জয়গাথা। শেলী জামান খান, রুপা খানম, সিমু আফরোজার মতো নেতৃত্বদানকারী নারীরা বক্তব্যে তুলে ধরেন সম্পাদক ইব্রাহীম চৌধুরী ও নির্বাহী সম্পাদক মনজুরুল হকের প্রতি কৃতজ্ঞতা— "তাদের আস্থাই আমাদের পথ চলার শক্তি।"

কথা বলেছেন, অনুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করেছেন ঢাকা জেলা এসোসিয়েশনের দুলাল বেহেদু থেকে শুরু করে সাংবাদিক জলি আহমেদ, সমাজসেবক ইঞ্জিনিয়ার ফজলুল হক প্রমুখ।

প্রথম আলো উত্তর আমেরিকার এই প্রতিষ্ঠাবার্ষিকী শুধু একটি অনুষ্ঠান নয়, এটি ছিল হৃদয়ের ডায়েরিতে লেখা এক অধ্যায়। যেখানে কবিতার পাতায় লেগেছিল মায়ের আশীর্বাদের গন্ধ, আলোচনায় মিলেছিল প্রবাসের স্বপ্ন-সংগ্রামের ছায়া। সম্পাদক ইব্রাহীম চৌধুরী ও নির্বাহী সম্পাদক মনজুরুল হক ও তাঁর টিমের প্রতি উপস্থিত সবাই জানিয়েছেন অভিনন্দন। বলেছেন, — "আপনাদের হাত ধরেই এই আলোকিত যাত্রা চলমান থাক।"

ইফতার, নৈশভোজ ও সম্পাদকের কৃতজ্ঞতা প্রকাশের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

অন্তর্বর্তী সরকারকে পূর্ণ সমর্থন দেওয়ার

প্রথম পৃষ্ঠার পর

কথা রয়েছে।

উপপ্রধানমন্ত্রী ডিং শুয়েশিয়াং প্রধান উপদেষ্টাকে বলেন, 'প্রেসিডেন্ট সি চিন পিং আপনার সফরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনা করছেন।...চীন আশা করে, অধ্যাপক ইউনূসের নেতৃত্বে বাংলাদেশ সমৃদ্ধি অর্জন করবে।'

ডিং শুয়েশিয়াং বলেন, ২০২৮ সাল পর্যন্ত বাংলাদেশি পণ্য চীনে শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার পাবে। এ ছাড়া চীন বাংলাদেশের সঙ্গে মুক্ত বাণিজ্য আলোচনা শুরু করতে আগ্রহী। বাংলাদেশে মোংলা বন্দরের আধুনিকায়ন ও দাশেরকান্দি পয়োনিষ্কাশন প্রকল্পের অর্থায়নে তাঁর দেশের আগ্রহের কথা জানান।

ডিং শুয়েশিং ইউনূসকে জানান, চলতি বছরের গ্রীষ্মকালে চীন বাংলাদেশ থেকে আম আমদানি শুরু করবে। এর বাইরে কাঁঠাল, পেয়ারা ও অন্যান্য কৃষিপণ্য আমদানি করতেও চীন আগ্রহী। এর মাধ্যমে চীনের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ভারসাম্যের বিশাল ব্যবধান কমানো যেতে পারে, এমন আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উপপ্রধানমন্ত্রী ডিং বলেন, হাজার হাজার বাংলাদেশি শিক্ষার্থী চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছেন। চীন সরকার ও বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশের শিক্ষার্থীদের পড়াশোনার জন্য আরও বেশি বৃত্তি দেবে।

রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ শিপিং করপোরেশনকে চারটি সমুদ্রগামী জাহাজ কিনতে চীন অর্থায়ন করবে, ডিং শুয়েশিয়াং প্রধান উপদেষ্টাকে এ আশ্বাস দেন।

প্রধান উপদেষ্টা বাংলাদেশের পক্ষ থেকে 'এক চীন' নীতি মেনে চলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি অবকাঠামো উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ন প্রকল্পে চীনের সহায়তা চান। বাংলাদেশকে দেওয়া চীনের ঋণের সুদের হার ৩ শতাংশ থেকে কমিয়ে ১ থেকে ২ শতাংশে আনার জন্য অনুরোধ করেন। এর বাইরে চীনের অর্থায়নে পরিচালিত প্রকল্পগুলোর 'অঙ্গীকার ফি' মওকুফের আহ্বান জানান।

প্রধান উপদেষ্টা চীনের তৈরি পোশাক কারখানা, বৈদ্যুতিক যানবাহন, হালকা যন্ত্রপাতি, উচ্চ প্রযুক্তির ইলেকট্রনিকস, চিপ উৎপাদন ও সৌর বিদ্যুতের প্যানেল শিল্প বাংলাদেশে স্থানান্তর করতে দেশটির সরকারের সহায়তা চান। রোহিঙ্গা সংকটের সমাধানেও তিনি চীনের সহায়তা চান।

বোয়াও সম্মেলনে যা বললেন

বোয়াও সম্মেলনের উদ্বোধনী পর্বে দেওয়া বক্তব্যে মুহাম্মদ ইউনূস বৈশ্বিক মহামারি চুক্তির চলমান আলোচনায় এশিয়ার ঐক্যবদ্ধ অবস্থান নেওয়ার ওপর জোর দেন। তিনি জীবন রক্ষাকারী ওষুধ ও প্রযুক্তিতে মানুষের সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিত করা, এশিয়ায় ডিজিটাল বৈষম্য দূর করা, প্রযুক্তি ও উদ্ভাবনের ক্ষেত্রে আঞ্চলিক সক্ষমতা তৈরির ওপর জোর দেন।

নোবেল বিজয়ী এই অর্থনীতিবিদ তাঁর বক্তৃতায় মুনাফার চেয়ে মানুষ ও পৃথিবীকে অগ্রাধিকার দিয়ে টেকসই অর্থনৈতিক মডেল গড়ে তোলার দিকে অগ্রসর হওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন।

জাতিসংঘের সাবেক মহাসচিব ও বোয়াও ফোরাম ফর এশিয়ার চেয়ারম্যান বান কি মুন গতকাল প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন।

রাশিয়ার উপপ্রধানমন্ত্রীর সাক্ষাৎ

রাশিয়ার উপপ্রধানমন্ত্রী আলেক্সেই ওভারচুক গতকাল হাইনানে বোয়াও সম্মেলনের পাশে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন।

ঢাকায় রাশিয়ার একটি (ব্যাংক) হিসাবে রূপপুর বিদ্যুৎকেন্দ্রের অর্থ পরিশোধ করা হচ্ছে, এমনটা জানিয়ে ইউনূস আশা প্রকাশ করেন, বিদ্যুৎকেন্দ্রটিতে পরীক্ষামূলকভাবে উৎপাদন শুরু হবে। রাশিয়ার জ্বালানি সংস্থা গ্যাজপ্রম বাংলাদেশে গ্যাস অনুসন্ধান শুরু করতে পারে কি না, সে বিষয়ও খতিয়ে দেখা হচ্ছে বলে জানান তিনি।

আলেক্সেই ওভারচুক বলেন, রাশিয়া বাংলাদেশে আরও বেশি গম ও সার রপ্তানি করতে চায়।

কৃষিপণ্য রপ্তানিতে এফএওর সহায়তার প্রতিশ্রুতি

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) মহাপরিচালক কু ডংগিউও গতকাল মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন। এফএও প্রধানকে ইউনূস চীনের আমদানিকারক ও বাংলাদেশের কৃষিপণ্য ও ফল উৎপাদনকারীদের মধ্যে মধ্যস্থতা করতে একটি ব্যবস্থা তৈরি করে দেওয়ার আহ্বান জানান। ইউনূস বলেন, ফল প্রক্রিয়াজাত করা, সবজি সংরক্ষণ, গুদামজাত করা ও প্যাকেজিংয়ের ক্ষেত্রে এফএওর সহায়তা প্রয়োজন।

বাংলাদেশকে সহায়তার আশ্বাস দিয়ে কু ডংগিউও বলেন, এফএও চীনে বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানিতে সহায়তার জন্য একটি নতুন প্রকল্প নেবে।

ড. ইউনূস বেইজিংয়ে

মুহাম্মদ ইউনূস গতকাল চীনের হাইনানে আটটি কর্মসূচিতে অংশগ্রহণের পর রাতে সেখান থেকে দেশটির রাজধানী বেইজিং পৌঁছেছেন। আজ তিনি বেইজিংয়ের গ্রেট হল অব পিপলসে দেশটির প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন।

‘আমার বোরকা লাগতো নায়, বাবা তুমি ফিরে আও’

শহীদ আজমত আলীর মেয়ের আর্তনাদ

মতিউর রহমান মুন্না, নবীগঞ্জ (হবিগঞ্জ) থেকে ফিরে

‘আমার বোরকা লাগতো নায়, বাবা তুমি ফিরে আও, তোমারে আর কোন দিন বোরকার কথা কইতাম নায়, তুমি আইলেই অইবো।’ ৫ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গিয়ে পুলিশের গুলিতে মৃত্যুবরণকারী আজমত আলীর স্কুল পড়ুয়া মেয়ে নাহিদা আক্তার এভাবেই সাংবাদিকদের কাছে বর্ণনা করতে গিয়ে বাবার স্মৃতি মনে করে বারবার কাঁদছেন। ৪ আগস্ট তার বাবার সাথে সবশেষ মুঠোফোনে কথা হয়েছিল হবিগঞ্জ জেলার নবীগঞ্জ ম্যাপল স্কুলের ৮ম শ্রেণীর ছাত্রী নাহিদা আক্তারের।

নাহিদা আক্তার জানান, ‘বিকার তাগিদে বিগত ৫ বছর ধরে তার পিতা আজমত আলী ঢাকায় বসবাস করে সেখানে মাছের ব্যবসা করেন। তিনি মাসে মাসে পরিবারের খরচ ও তাদের লেখা পড়ার খরচ পাঠাতেন। তা দিয়েই চলতো পরিবার। তার বোরকা পুরাতন হয়ে যাওয়ায় তার পিতাকে নতুন একটি বোরকা কিনে দেয়ার আবদার জানিয়েছিল, তখন তার পিতা আজমত আলী ফোনে জানিয়েছিলেন ঢাকায় এখন আন্দোলন চলছে সব কিছু বন্ধ। তিনি বাড়িতে আসবেন নয়তো দোকানপাঠ খুললেই ১ সপ্তাহের মধ্যেই বিকাশে বোরকার টাকা পাঠিয়ে দিবেন। কিন্তু পরের দিনই তার মৃত্যুর খবর আসে।

নিহত আজমত আলী হবিগঞ্জ জেলার নবীগঞ্জ পৌর এলাকার হরিপুর গ্রামের মজর আলীর ছেলে। জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪এ শহীদদের তালিকা গেজেট আকারে প্রকাশ করেছে সরকার। গত ১৫ জানুয়ারি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এটি প্রকাশ করেছে। সরকারি এ গেজেট অনুযায়ী, ওই গণ-অভ্যুত্থানে শহীদের সংখ্যা ৮৩৪। এর মধ্যে আজমত আলী রয়েছেন ৪৭৬ নম্বরে। গেজেট অনুযায়ী তার মেডিকেল কেস আইডি ২২৫৩৮।

আজমত আলীর পরিবারে রয়েছেন, তার দুই ছেলে মাহফুজ আলম মাহিদ (১৮), মাহিনুর আলম মাহিন (১২) ও এক মেয়ে নাদিয়া আক্তার (১৫) এবং অসুস্থ স্ত্রী রবিরুন বেগম।

সরেজমিনে নবীগঞ্জ পৌর এলাকায় গেলে স্থানীয়রা জানান, আজমত আলী স্থানীয় বিএনপি রাজনীতির সাথে জড়িত ছিলেন। অভাব অনটনে সংসার চালাতে হিমসিম খেতে হতো আজমত আলীর। তাই বিগত ৫ বছর পূর্বে জীবন জীবিকার তাগিদে আজমত আলী রাজধানী ঢাকায় চলে যান। সেখানে গিয়ে যাত্রাবাড়ী এলাকায় মাছের ব্যবসা করতেন। ঢাকায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ৫ই আগষ্ট ঢাকা যাত্রাবাড়ী এলাকায় মিছিলে যোগ দেন আজমত আলী। ওই সময় পুলিশের গুলিতে ঘটনাস্থলেই শহীদ হন আজমত আলী। এই খবর এলাকায় ছড়িয়ে পড়লে কান্নার রুল পড়ে ওই পরিবারসহ গ্রামবাসীর মাঝে। অবুঝ সন্তানদের আহাজারিতে এলাকার বাতাস ভারি হয়ে উঠে। সন্তানদের নিয়ে মানবেতর জীবন যাপন করছেন শহীদ আজমত আলীর স্ত্রী।

মোবাইল ফোনে পিতা আজমত আলীর ছবি নিয়ে নাহিদা

স্থানীয়রা জানান, অভাব অনটনের মাঝে ছোট ছেলে-মেয়ে নিয়ে অতিকষ্টে জীবন যাপন করছেন আজমত আলীর স্ত্রী রবিরুন বেগম। তারা এখনও জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে সহায়তা পাননি। পরিবারটির পাশে দাঁড়াতে সরকারের দৃষ্টি আকর্ষন করেন এলাকাবাসী।

নিহত আজমত আলীর অসুস্থ স্ত্রী রবিরুন বেগম জানান, বিএনপি ও জামায়াতে ইসলামী বাংলাদেশ এর পক্ষ থেকে আর্থিক ভাবে কিছু সহযোগিতা পেয়েছেন। তবে টিভিতে ও খবরের কাগজে দেখেছেন বিভিন্ন জায়গায় শহীদ পরিবারকে সরকারীভাবে সাহায্য করা হচ্ছে। কিন্তু তারা এখনো কিছু পাননি।

রাজনীতি ফের উত্তপ্ত আওয়ামী লীগ ইস্যুতে

প্রথম পৃষ্ঠার পর

জুলাই-আগস্ট আন্দোলন চলাকালে গণহত্যার বিচারের দাবি জানিয়েছে এনসিপি। একই দাবিতে বিক্ষোভ কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণাও দিয়েছে দলটি। এদিন রাত সাড়ে ৮টায় রাজধানীর বাংলামটরে এনসিপির কার্যালয়ে আয়োজিত এ সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম।

এদিকে, গণহত্যার দায়ে আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) বৃহস্পতিবার মধ্যরাতে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। বিক্ষোভ শেষে রাজু ভাস্কর্যের সংক্ষিপ্ত সমাবেশে তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, আওয়ামী লীগকে নিষিদ্ধের আগে কোনো নির্বাচন হবে না। আওয়ামী লীগ নিষিদ্ধের বিষয়ে প্রধান উপদেষ্টা যে বক্তব্য দিয়েছেন, তা প্রত্যাহার করতে হবে। গতকালও বিক্ষোভে উত্তাল ছিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে।

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা বাংলাদেশ থেকে পালিয়ে ভারতে অবস্থান নেন। মূলত ওই সময় থেকেই আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধ ও নিবন্ধন বাতিলের দাবি ওঠে। নানা ইস্যুতে মাঝখানে এই দাবি কিছুটা চাপা পড়লেও সম্প্রতি সেটা ফের জোরালো হয়েছে। সাত মাস ধরে রাজনৈতিক অঙ্গনে বিষয়টি নিয়ে নানা তর্কবিতর্ক এবং আলোচনা চললেও আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে সোচ্চার হচ্ছেন এনসিপি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা। পাশাপাশি বড় রাজনৈতিক দলগুলো প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধের আগে জুলাই অভ্যুত্থানে গণহত্যার বিচারের দাবির পক্ষে মত দিয়েছে।

জানা গেছে, বৃহৎ দল বিএনপি, বাংলাদেশ জামায়াতে ইসলামী, গণঅধিকার পরিষদ, এবি পার্টি ছাড়াও এনসিপি, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, হেফাজতে ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক দল ও ফোরাম থেকে আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধ করার পক্ষে সরকারের প্রতি চাপ বাড়ছে। শুরুর দিকে অন্তর্বর্তীকালীন সরকারের বিভিন্ন পর্যায়ের নীতিনির্ধারকরাও আওয়ামী লীগ রাজনীতি করতে পারবে না মর্মে একাধিক বক্তব্য দিয়েছেন। পাশাপাশি দলটির নিবন্ধন বাতিলের বিষয়েও আলোচনা চলছে। তবে গত বছরের জুলাই অভ্যুত্থানে গণহত্যার দায়ে আন্তর্জাতিক যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের মাধ্যমে আওয়ামী লীগের বিচারের বিষয়টি প্রক্রিয়াধীন।

প্রসঙ্গত, আওয়ামী লীগকে নিষিদ্ধ ও দলটির নিবন্ধন বাতিল চেয়ে গত ১৯ আগস্ট হাইকোর্টে রিট করে ‘সারডা সোসাইটি’ নামের একটি সংগঠন। ২৭ আগস্ট সেই রিটের শুনানি হয়। পরে হাইকোর্ট আওয়ামী লীগকে নিষিদ্ধ ও দলটির নিবন্ধন বাতিল চেয়ে করা রিটটি সরাসরি খারিজ করে দেন।

২০ মার্চ বৃহস্পতিবার মধ্যরাতে এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এক পোস্টে লেখেন, “কিছুদিন আগে আমি আপনাদের বলেছিলাম যে, ‘রিফাইন্ড আওয়ামী লীগ’ নামে নতুন একটি ষড়যন্ত্র নিয়ে আসার পরিকল্পনা চলছে। এই পরিকল্পনা পুরোপুরি ভারতের।” আওয়ামী লীগকে ফেরানো নিয়ে পরিকল্পনা উপস্থাপন করা হয় জানিয়ে তিনি লিখেছেন, ‘আপনি দেখবেন, গত দুদিন মিডিয়ায় আওয়ামী লীগের পক্ষে একাধিক রাজনীতিবিদ বয়ান দেওয়া শুরু করেছে...।’

বিএনপির অবস্থান: আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধ প্রসঙ্গে গত ৪ ফেব্রুয়ারি বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ‘বিএনপি আওয়ামী লীগকে নিষিদ্ধ চায় না—কথাটি সত্য নয়। আওয়ামী লীগকে নিষিদ্ধ করা হবে কি না, এ সিদ্ধান্ত জনগণকে নিতে হবে। রাষ্ট্র মিলে এ সিদ্ধান্ত নিতে হবে।’

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, ‘আমরা আওয়ামী লীগের দলীয় ও আওয়ামী লীগের নেতৃবৃন্দের বিচার দাবি করছি অবিলম্বে। দলীয় বিচারের মাধ্যমে দোষী সাব্যস্ত হলে আওয়ামী লীগকে নিষিদ্ধ করা সম্ভব।’ তিনি বলেন, ‘আওয়ামী লীগের অনেক লোক এখনো বাংলাদেশে রয়ে গেছে। তাদের চিহ্নিত করেন। পুলিশের হাতে তুলে দেবেন। কারণ আওয়ামী লীগের মধ্যে কোনো ভদ্র লোক ও ভালো লোক নেই, আওয়ামী লীগে থাকতে পারে না।’

বিএনপির স্থায়ী কমিটির আরেক সদস্য সালাহউদ্দিন আহমেদ সম্প্রতি বলেছেন, ‘ছাত্র-জনতার বৈপ্লবিক গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে এ দেশের মানুষ আওয়ামী লীগকে প্রত্যাখ্যান করেছে। তাদের বিতাড়ন করেছে। সেই আওয়ামী লীগ বাংলাদেশে আওয়ামী লীগ নামে রাজনীতি করতে পারবে না। আমরা আওয়ামী লীগের এই গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের জন্য রাজনৈতিক সংগঠন হিসেবে বিচার দাবি করছি।’ তিনি আরও বলেন, ‘বিচারিক প্রক্রিয়ার মধ্য দিয়েই নির্ধারিত হোক আওয়ামী লীগ বাংলাদেশে রাজনীতি করতে পারবে কি না, নির্বাচন করতে পারবে কি না।’

এদিকে আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধ ইস্যুতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এক অনুষ্ঠানে বলেছেন, ‘যে লোক আওয়ামী লীগের নেতৃত্বে আসবে সে যদি অপরাধ না করে, সে যদি ছাত্রহত্যা না করে, সে যদি কোনো অর্থ লোপাট না করে, টাকা পাচার না করে—এই রকম লোক যদি নেতৃত্বে আসে তাহলে সেই আওয়ামী লীগ কেন রাজনীতি করতে পারবে না? তবে যারা টাকা পাচার করেছে। শিশু-কিশোর, আহনাফ, আবু সাঈদ, মুগ্ধ এদের যারা হত্যা করেছে, তাদের তো আমরা সবাই চিনি। তাদের তো বিচার হতে হবে।’

তিনি আরও বলেন, ‘ছাত্রদের গণআন্দোলনে রক্ত ঝরানোর জন্য, ধ্বংস করার জন্য আওয়ামী লীগের কার নির্দেশ রয়েছে, কোন নেতাদের নির্দেশ রয়েছে—এসবের বিচার দ্রুত নিশ্চিত করতে হবে। আওয়ামী লীগ একটি পুরোনো রাজনৈতিক দল। সেই দলের যারা অপরাধী তাদের অপরাধের বিচার হলে পরে তারা যদি জনগণের কাছে যায় এবং জনগণ রাজনীতি করার সুযোগ দেয় তাহলে তো আমাদের কিছু বলার নেই।’

অলি আহমদের অভিমত: লিবারেল ডেমক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ গতকাল কালবেলাকে বলেছেন, আওয়ামী লীগের পতনের পর এলডিপির উদ্যোগে সর্বপ্রথম বাংলাদেশে ৮ আগস্ট দলীয় কার্যালয়ে সংবাদ সম্মেলন করেছিলাম। সেদিন বলেছি, হিটলারের পরে গণহত্যাকারী হলো শেখ হাসিনা। এ ধরনের গণহত্যাকারী আর কেউ চিহ্নিত হয়নি। সুতরাং তার এবং তার দলের এ দেশের রাজনীতি করার কোনো অধিকার নেই।

জামায়াতের অবস্থান: বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান গতকাল নিজের ভেরিফায়েড ফেসবুক পেজের এক পোস্টে আওয়ামী লীগের রাজনীতি প্রসঙ্গে লিখেছেন, ‘আওয়ামী লীগের পুনর্বাসন জনগণ মেনে নেবে না। বাংলাদেশ ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ বাক অতিক্রম করছে। এ সময় জনগণ অগ্রাধিকার ভিত্তিতেই গণহত্যার বিচারটাই দেখতে চায়। এর বাইরে অন্য কিছু ভাবার কোনো সুযোগ নেই। আমরা সর্বস্তরের জনগণকে সংযত, সতর্ক ও ঐক্যবদ্ধ থেকে দল-মতের উর্ধ্বে উঠে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় দায়িত্বশীল ভূমিকা পালন করার আহ্বান জানাই।’ পরে কমেন্ট বক্সে জামায়াত আমির লিখেছেন, ‘আওয়ামী লীগের চ্যাপ্টার ৩৬ জুলাই ক্লোজ হয়ে গেছে। নতুন করে ওপেন করার কোনোই অবকাশ নেই।’

এবি পার্টির অভিমত: আওয়ামী লীগ প্রসঙ্গে আমার বাংলাদেশ (এবি) পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু বলেছেন, ‘আওয়ামী লীগ অবশ্যই নির্বাচনে অংশ নিতে পারবে, তবে তার আগে তারা যাদের নৃশংসভাবে খুন করেছে সেই হাজার হাজার সন্তানহারা মায়েদের কোলে তাদের সন্তানদের ফিরিয়ে দিতে হবে। যাদের পৈশাচিক নির্যাতন করে পঙ্গু করে ফেলা হয়েছে তাদের চোখ, হাত, পা ফেরত দিতে হবে। আমাদের লুট করা লাখ লাখ কোটি টাকা ফেরত আনতে হবে।

সিলেটে দল আয়োজিত এক ইফতার মাহফিলে এসব কথা বলেন। আওয়ামী লীগের রাজনৈতিক অধিকার নির্ধারণে প্রয়োজনে গণভোট দেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান মজিবুর রহমান মঞ্জু।

বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব মামুনুল হক বলেন, বিগত ফ্যাসিস্ট সরকার পিলখানা গণহত্যা থেকে শুরু করে শাপলা চত্বর, মোদিবিরোধী আন্দোলন, জুলাই অভ্যুত্থানে যে গণহত্যা চালিয়েছে, সেসবের বিচার ছাড়া দেশের রাজনীতিতে আওয়ামী লীগ ও শেখ হাসিনার নাম-নিশানা দেশের মানুষ বরদাশত করবে না। আওয়ামী লীগকে দেশের রাজনীতিতে আসতে হলে, আমাদের লাশের ওপর দিয়ে আসতে হবে। গাজায় ইসরায়েলি হামলা ও নির্বিচারে গণহত্যার প্রতিবাদে গতকাল বাদ জুমা বায়তুল মোকাররমের উত্তর গেটে ঢাকা মহানগর হেফাজতের বিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন।

সরকারের অবস্থান: সার্বিক বিষয়ে জানতে চাইলে অন্তর্বর্তীকালীন সরকারের সিনিয়র সহকারী প্রেস সচিব ফয়েজ আহম্মদ কালবেলাকে বলেন, এ দেশে আওয়ামী লীগের রাজনীতির ভবিষ্যৎ কী হবে তা আওয়ামী লীগকেই সিদ্ধান্ত নিতে হবে। তারা কীভাবে বিচারের মুখোমুখি হবে, কীভাবে ট্রাইব্যুনাল মোকাবিলা করবে, তার ওপর নির্ভর করবে তাদের রাজনীতি। এ বিষয়ে সরকারের নিজস্ব কোনো এজেন্ডা নেই। কারণ, ট্রাইব্যুনাল বা বিচারবিভাগের ওপর সরকারের কোনো নিয়ন্ত্রণ নেই। কোনো হস্তক্ষেপও করবে না। তবে আওয়ামী লীগ ইস্যুতে গণঅভ্যুত্থানের পক্ষের শক্তি ছাত্র-জনতা এবং রাজনৈতিকদলগুলোর মতামতকে অন্তর্বর্তীকালীন সরকার অবশ্যই প্রাধান্য দেবে।

সূত্র : কালবেলা

টাইম টিভি ও বাংলা পত্রিকার কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার

উত্তর আমেরিকা অফিস

ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে তৃতীয় বারের মতো অনুষ্ঠিত হয়েছে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার মাহফিল।

গত শনিবার (১৫ মার্চ) এস্টোরিয়ার ভ্যারাইটি বয়েজ এন্ড গার্লস ক্লাবে মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী সপরিবারে অংশ নেন।

বিকেল তিনটার দিকে প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড শুরু হয়। এর আগে স্বাগত বক্তব্য দেন টাইম টেলিভিশনের সিইও এবং বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের।

ফাইনালে দুই বিভাগ থেকে পাঁচজন করে মোট ১০ জন প্রতিযোগী অংশ নেন।

আবু সুফিয়ানের উপস্থাপনায় প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন শেখ ওমর ও ওস্তাদ রাহাত ইকবাল। ফাইনালের ক বিভাগে আসফিয়া আবসার আয়শা প্রথম, লিয়ান আল সাইদী দ্বিতীয় ও আব্দুর রহমান সালেহ তৃতীয় এবং খ বিভাগে মুয়াজ ইবনে কামাল প্রথম, মাশরাফি আলম দ্বিতীয় ও হুজাইফা খান তৃতীয় স্থান অধিকার করে। অতিথিবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ বিজয়ীদের

> এবারের কিরাত প্রতিযোগিতায় ৬৪ জন শিশু কিশোর-কিশোরী প্রথম পর্বে অংশ নেয়। পরবর্তী দ্বিতীয় পর্বে উত্তীর্ণ ৪৫ জন প্রতিযোগির মধ্য থেকে ১০ জন চূড়ান্ত পর্বে অংশ নেয়।

মাঝে পুরস্কারের চেক বিতরণ করেন।

অনুষ্ঠানে অতিথি ছিলেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, স্টেট সিনেটর ও সিটির আগামী মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে মেয়র পদপ্রার্থী জেসিকা রামোস, রাজনীতিক এটর্নী মঈন, নিউইয়র্ক সিটির নির্বাচনে জজ পদে প্রার্থী থমাস, ডাক্তার ঝুন্নুন চৌধুরী, রুহুল আমীন, ফার্মাসিস্ট শাহাব আহমেদ, মর্টগেজ ব্যাংকার জান ফাহিম, এস্টোরিয়াস্থ আল আমীন ইসলামিক সেন্টার পরিচালনা কমিটির সভাপতি মোহাম্মদ শাহাব উদ্দিন, খানস টিউটোরিয়ালের সিই ইভান খান, মামুন'স টিউটোরিয়ালের কর্ণধার শেখ আল মামুন, ডাক্তার নাহিদ খান, বাংলাদেশী আমেরিকান সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক আমিন মেহেদী, রিয়াল এস্টেট ব্যবসায়ী সেলিনা আক্তার, রাজনীতিক মেরী জোবায়দা, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র সাবেক সভাপতি শাহেদ চৌধুরী, এস্টোরিয়ার ওয়ালফেয়ার সোসাইটি ইউএসএ'র উপদেষ্টা আব্দুর রহমান, সভাপতি সোহেল আহমদ, সহ সভাপতি কয়েছ আহমদ, সাধারণ সম্পাদক জাবেদ আহমেদ, সহ সাধারণ সম্পাদক মইনুল হক চৌধুরী, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সদস্য মীর জাকির, শাহীন হাসনাত, মোহাম্মদ নূরুল হক, আবু সোলেমান, জহিরুল হক চৌধুরী, ব্যবসায়ী ইকবাল হায়দার।

অনুষ্ঠানে বক্তারা এই কিরাত প্রতিযোগিতা আয়োজনের প্রশংসা করেন এবং আগামীতে ব্যাপক আকারে এমন অনুষ্ঠান আয়োজনের উপর গুরুত্বারোপ করেন।

এবারের কিরাত প্রতিযোগিতায় নতুন প্রজন্মের ৬৪জন শিশু কিশোর-কিশোরী প্রথম পর্বে অংশ নেয়। পরবর্তী দ্বিতীয় পর্বে উত্তীর্ণ ৪৫ জন প্রতিযোগির মধ্য থেকে ১০ জন চূড়ান্ত পর্বে অংশ নেয়। আমেরিকার মিশ্র সাংস্কৃতিক পরিমন্ডলে মুসলিম কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে ইসলামের আলো ছড়িয়ে দিতে কোরআনের কিরাত প্রতিযোগিতা ভূমিকা রাখবে- এমনটাই মনে করেন সংশ্লিষ্টরা।

ইফতার পূর্ব বিশেষ মুনাজাত পরিচালনা করেন মওলানা রশীদ আহমদ।

একাত্তর ও চব্বিশ আলাদা কিছু নয়: নাহিদ

ঢাকা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, '৭১ ও ২৪ আলাদা কিছু নয়, বরং ২৪-এর গণ-অভ্যুত্থানের মাধ্যমে একাত্তরের চেতনা পুনরুজ্জীবিত হয়েছে।'

আজ বুধবার স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা জানানোর পর বিএনপি নেতা মির্জা আব্বাসের বক্তব্যের প্রতিক্রিয়ায় নাহিদ ইসলাম এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেছেন, 'একাত্তরে আমরা যা চেয়েছিলাম, সেটা ৫৪ বছরেও অর্জিত হতে পারে নাই বিধায় একটা ফ্যাসিজম ১৫ বছর ধরে বাংলাদেশে চেপে বসেছিল। গণ-অভ্যুত্থানের প্রয়োজন হয়েছিল। একাত্তরে যে সাম্যের কথা বলা হয়েছিল চব্বিশে কিন্তু সেই বৈষম্যহীন সমাজের কথাই আমরা বলেছি। ফলে যারা এটা পরস্পরবিরোধী বা মুখোমুখি দাঁড় করাতে চাইছে, তাদের উদ্দেশ্য অসৎ।'

নির্বাচন নিয়ে নাহিদ বলেছেন, 'সংস্কার ও বিচারবিহীন যদি নির্বাচন দেওয়া হয় এবং কোনো একটি দলকে ক্ষমতায় বসানোর জন্য যদি নির্বাচন চাপিয়ে দেওয়া হয়, সংস্কার ও বিচার ছাড়া; তাহলে তা অবশ্যই মেনে নেওয়া হবে না।'

নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার

প্রথম পৃষ্ঠার পর

মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার সকালে রাজধানীর শেরে বাংলা নগরে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধার্ঘ্য অর্পণের পরে বিএনপি মহাসচিব এ মন্তব্য করেন। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে এই শ্রদ্ধা নিবেদনের আয়োজন করে বিএনপি।

মির্জা ফখরুল বলেন, ডিসেম্বর থেকে জুন মাসের মধ্যে নির্বাচন হবে— এটা অত্যন্ত অস্পষ্ট কথা। ডিসেম্বর থেকে জুন ছয় মাস। আমরা বারবার বলে আসছি যে, স্পষ্ট রোডম্যাপ এবং দ্রুত নির্বাচন। তা না হলে যে সংকটগুলো সৃষ্টি হচ্ছে এই সংকটগুলো কাটবে না।

বিএনপি মহাসচিব বলেন, বিএনপি ক্ষমতায় যাওয়ার জন্য নির্বাচনের কথা বলছে না। বিএনপি জাতির স্বার্থে, জাতিকে রক্ষা করার স্বার্থে, স্বাধীনতা–সার্বভৌমত্বকে রক্ষা করার স্বার্থেই নির্বাচনের কথা বলছে এবং নির্বাচিত পার্লামেন্ট এবং সরকারের কথা বলছে। আমরা আশা করব, অন্তর্বর্তীকালীন সরকার অতি দ্রুত ন্যূনতম সংস্কারগুলো করে অর্থাৎ নির্বাচনের ঘোষণা দেবেন।

মির্জা ফখরুল বলেন, 'আমি অত্যন্ত হতাশ হয়েছি যে, প্রধান উপদেষ্টা যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যে তিনি নির্বাচনের রোডম্যাপের কথা বলেননি। আমরা হতাশ হয়েছি যে, তাঁর বক্তব্যের মধ্যে তিনি স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরউত্তমের নাম একবারও উচ্চারণ করেননি। অথচ এটাই ছিল ইতিহাস।

তিনি বলেন, 'আমরা চাই না, আওয়ামী লীগ যে ইতিহাস বিকৃত করেছে, এখন আবার সেই ইতিহাস বিকৃত হোক। প্রকৃত সত্যকে উদ্‌ঘাটিত করে জনগণের যে আকাঙ্ক্ষা একটি গণতান্ত্রিক সরকার, সেই গণতান্ত্রিক সরকারে যত দ্রুত ফিরে যাওয়া যাবে আমাদের সমস্যাগুলো ততই সমাধান হবে বলে আমি বিশ্বাস করি।

বিএনপি মহাসচিব বলেন, 'আজকের এই দিনে আমাদের দলের পক্ষ থেকে, আমাদের দলের চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার পক্ষ থেকে, আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে আমরা গোটা জাতিকে শুভেচ্ছা জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এবং প্রত্যাশা করছি অতি শিগগিরই আমরা আমাদের কাঙ্ক্ষিত গণতন্ত্র ফিরে পাব।

এ সময় বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য আমান উল্লাহ আমান, ফরহাদ হালিম ডোনার, মাহবুব উদ্দিন খোকন, জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, হাবিব উন নবী খান সোহেল, শহিদ উদ্দিন চৌধুরী এ্যানি, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম, ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক রফিকুল আলম মজনু, উত্তরের আহ্বায়ক আমিনুল হক প্রমুখ নেতারা ছিলেন।

পরে প্রয়াত নেতার আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাতে অংশ নেন নেতারা।

জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধার্ঘ্য অর্পণের আগে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসের নেতৃত্বে নেতা–কর্মীরা সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে বীর শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানায়।

গণহত্যা চালিয়েও শেখ হাসিনার অনুশোচনা হয়নি: রিজভী

গণহত্যা চালিয়েও শেখ হাসিনার অনুশোচনা হয়নি বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবীর রিজভী। আজ মঙ্গলবার সন্ধ্যায় ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডাব) রংপুর আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এ সময় রিজভী বলেন, 'পালিয়ে গিয়েও শেখ হাসিনার অন্তর থেকে এখনও খুন ও অত্যাচারী ভাব যায়নি। তিনি বলেন, 'জুলাই-আগস্টে গণহত্যা চালিয়েও শেখ হাসিনার মধ্যে কোনো অনুশোচনা তৈরি হয়নি। তার মধ্যে এখনও হত্যার মানসিকতা ও প্রতিহিংসা রয়েছে।'

রুহুল কবীর রিজভী বলেন, 'হাজার হাজার শিশু-কিশোর, তরুণ-যুবকের রক্ত নিয়েও এখন তার রক্তপিপাসু মন শান্ত হয়নি। এখনও তিনি প্রতিহিংসা থেকে হত্যার নির্দেশনা দেন। যা একজন স্বাভাবিক মানুষের পক্ষে সম্ভব নয়। এই শেখ হাসিনা ক্ষমতাকে চিরকাল নিজের করে রাখার জন্য নির্বাচন ও গণতন্ত্র ধ্বংস করেছেন। ২০১৪ সালে ভোটারবিহীন নির্বাচন, ২০১৮ সালে রাতের ভোট এবং ২০২৪ সালে ডামি নির্বাচন করেছেন, যা ইতিহাসে বিরল ঘটনা।'

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Member: naea NYSSEA

Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্‌ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD

Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Tax & Immigration Services

MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

INCOME TAX
Income Tax Serice & Direct Deposit
quick Refund & Electronic Filing

IMMIGRATION SERVICES
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

REAL ESTATE
For Buying & Selling houses
mortgage services

irs e-file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAY CARE

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst · CenterLight · Anthem · Homaspik · MetroPlusHealth · SWH

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396

CALL US NOW:
718-516-3425

A CONCERN OF SHAH NAWAZ GROUP

CONTACT US:
Off: 718-516-3425 | FAX: 646-568-6474 | newyorksadc.com | intake@ny-sadc.com | 116-33 Queens Blvd Forest Hills, NY 11375 | 78-06 101 Ave. Suit C Ozone Park, NY 11416

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মেসি

(সাটফিন ব্লবাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudhesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. M Nayeem
Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশনের ইফতার ও দোয়া

নিউইয়র্ক

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশনের (বাকার) বার্ষিক ইফতার, দোয়া মাহফিল ও ক্বেরাত প্রতিযোগিতা গত ৮ মার্চ নিউইয়র্কে ব্রঙ্কসের পিএস ১০৬'-এর হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

সংগঠনের সভাপতি সারওয়ার চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শাহ বদরুজ্জামান রুহেল ও সহ সাধারণ সম্পাদক এমডি আলাউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করে ক্বেরাত প্রতিযোগিতায় বি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারী আব্দুর রহমান সালেহ। প্রায় পাঁচ শতাধিক মানুষের উপস্থিতিতে এই আয়োজনে অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি মেয়র অফিসের মুসলিম সিনিয়র এডভাইজার মোহাম্মদ আমীন, চীফ অফ স্টাফ মীর বাশার, মুসলিম লিয়াজো অফিসার মোহাম্মদ মেহেদী হাসান, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, অ্যালেগ্রা সিডিপ্যাপ ও বাংলা হোম কেয়ারের প্রেসিডেন্ট অ্যান্ড সিইও আবু জাফর মাহমুদ।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিম হাসনুর সার্বিক তত্বাবধানে অনুষ্ঠিত এই আয়োজনে স্বাগত বক্তব্য দেন সংগঠনের সাবেক সভাপতি আহবাব চৌধুরী খোকন। আরও বক্তব্য দেন শেখ আল মামুন, মাসুদ রহমান, মাওলানা আবুল কাশেম ইয়াহিয়া, জাকির চৌধুরী, সামাদ মিয়া জাকের, তরিকুল ইসলাম মিঠু, মাওলানা আজির উদ্দিন, মাওলানা মাহবুবুর রহমান।

সংগঠনের পক্ষ থেকে বক্তব্য দেন সহ সভাপতি মাকসুদা আহমেদ, সহ সাধারণ সম্পাদক সোহেল আহমেদ, স্কুল ও সমাজ সেবা সম্পাদক সালমা সুমি। উপস্থিত ছিলেন সংগঠনের সহ সভাপতি লোকমান হোসেন লুকু ও ফয়সল আহমেদ, সহ সাধারণ সম্পাদক শাহ কামাল উদ্দিন, অর্থ সম্পাদক মোহাম্মদ রনি, প্রচার ও গণ সংযোগ সম্পাদক লিয়াকত আলী, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, ক্রীড়া ও বিনোদন সম্পাদক শাহ ইকবাল রাজু, কার্যকরী সদস্য কবি রেহানুজ্জামান রেহান, জে মোল্লা সানী ও চৌধুরী মোমিত তানিম।

কমিউনিটির বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, জুনেদ আহমেদ চৌধুরী, মোহাম্মদ এন মজুমদার, সার্জেন্ট এরশাদ সিদ্দিকী, মাহবুবুল আলম, ফরিদা ইয়াসমিন, রিয়াজ কামরান, মখন মিয়া, সেবুল খান মাহবুব, জামিল আনসারী, হাসান আলী, কাজী হাসান, শাহ সেলিম, কবি মাসুম আহমেদ, আনোয়ার জাহিদ, সুলতান মাহমুদ, বাকী খন্দোকার, মকন মিয়া, মুতাসিম বিল্লাল তুষার, মিজানুর রহমান, জোহায়েব চৌধুরী, আজম চৌধুরী, আনোয়ার জাহিদ, রোকন আহমেদ, রাশেদুল হক।

অনুষ্ঠানের প্রথম পর্বে ক্বেরাত প্রতিযোগিতায় বিজয়ী সহ অংশগ্রহণকারী সবার মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেয়া হয়। ইফতারের পূর্বে বায়তুল আমান মসজিদের পেশ ইমাম মাওলানা আজির উদ্দিন বিশেষ দোয়া পরিচালনা করেন।

জামায়াত সেক্রেটারি

শেখ মুজিব চায়নি পাকিস্তান ভেঙে বাংলাদেশ হোক

ঢাকা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, শেখ মুজিবুর রহমান কখনো চায়নি পাকিস্তান ভেঙে বাংলাদেশ হোক। তিনি দেশপ্রেমে নয় ক্ষমতার মসনদে বসার লড়াই করেছেন।

বুধবার (২৬ মার্চ) ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতে ইসলামী কর্তৃক আয়োজিত 'মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস' উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ৭ মার্চ যদি শেখ মুজিব স্বাধীনতার ঘোষণা দিয়েই থাকে, তাহলে ৭ থেকে ২৩ মার্চ শেখ মুজিব পাকিস্তানের সঙ্গে মিটিংয়ে বসলো কেন? ওই মিটিংয়ের গোপন রহস্য হচ্ছে, তিনি বারবারই চেয়েছেন পাকিস্তানের ক্ষমতার মসনদে বসতে।

মিয়া গোলাম পরওয়ার বলেন, জামায়াতে ইসলামীর বাংলাদেশ ছাড়া আর কোথাও কোনো ঠিকানা নেই। যাদের ভারতে আর লন্ডনে দ্বিতীয় ঠিকানা আছে তারাই যখন জামায়াতে ইসলামীকে স্বাধীনতা বিরোধী, দেশ বিরোধী বলে তখন এটি ভূতের মুখে রাম-রাম বলার মতোই হয়ে যায়।

ব্রঙ্কসে বাংলাদেশ সোসাইটির ইফতার পার্টি

শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক

যুক্তরাষ্ট্রে বাংলাদেশ কমিউনিটির সর্ববৃহৎ সংগঠন বাংলাদেশ সোসাইটি ইনকের প্রথম বারের মতো নিউইয়র্কের বিভিন্ন ব্যরোতে ধারাবাহিকভাবে আয়োজিত ইফতার মাহফিলের অংশ হিসেবে ব্রঙ্কস ব্যরোতে বিশাল আয়োজনে জাঁকজমকভাবে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত মঙ্গলবার (১৮ মার্চ) ব্রঙ্কসের স্ট্রালিন বাংলাবাজারের গোল্ডেন প্যালেসে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মো. আতাউর রহমান সেলিম।

সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ও জামিল আনসারীর যৌথ পরিচালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন সিনিয়র সহসভাপতি মহিউদ্দীন দেওয়ান, আব্দুল হাসিম হাসনু, আব্দুস শহীদ, বীরমুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী ও মনজুর আহমদ, আব্দুর রহিম বাদশা, সিরাজউদ্দীন আহমদ সোহাগ, ফেঞ্চুগঞ্জ উপজেলার সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম, আহবাব চৌধুরী, সাইদুর রহমান লিংকন, নুরুল আলম

জিকু, হাসান আলী, মাহবুব আলম, জুনেদ চৌধুরী, শেখ আল মামুন, প্রকৌশলী আব্দুল খালেক, সিপিএ জাকির চৌধুরী, মনজুর আহমদ চৌধুরী জগলুল।

মাওলানা জামিল আনসারীর কোরআন তেলওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

অনুষ্ঠানে আতাউর রহমান সেলিম বলেন, 'সংগঠনের নির্বাচনে আমরা কথা দিয়ে ছিলাম, আমরা নির্বাচিত হলে সব ব্যুরোতে পর্যায়ক্রমে ইফতার পার্টি ও অন্যান্য অনুষ্ঠান করব। আমরা আজ তার সেই কথা রেখেছি।'

মোহাম্মদ আলী বলেন, 'ব্রঙ্কসে এশিয়ান ড্রাইভিং স্কুলে সাইদুর রহমান লিংকন জায়গা করে দিয়েছেন। তাই সেখানে আমরা বাংলা স্কুল চালু করতে পেরেছি। একে একে সব ওয়াদা আমরা বাস্তবায়ন করব ইনশাল্লাহ।'

ইফতারের পূর্বে মাওলানা জামিল আনসারী দেশ ও জাতির কল্যাণে দোয়া ও মুনাজাত করেন।

অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও ব্রঙ্কসে বসবাসকারী বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার বিপুল সংখ্যক প্রবাসী অংশগ্রহণ করেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শেখ জামাল হোসেন, শাহ বদরুজ্জামান রুয়েল, সাংবাদিক শেখ শফিকুর রহমান, অধ্যক্ষ সানাউল্লা মিয়া, শ্যামল চন্দ্র চন্দ, লিয়াকত আলী, মোশাহিদ চৌধুরী, আবু তাহের চৌধুরী, শামীম আহমদ।

নিউইয়র্কে এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির ইফতার মাহফিল

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের বৈশাখী রেস্টুরেন্টে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত সোমবার (১৭ মার্চ) আয়োজিত এ অনুষ্ঠানে বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি স্বপরিবারে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি জনাব আবুল বাশার মিলন এবং পরিচালনা করেন সাধারণ সম্পাদক ফেরদৌস আলম ও গাজী এস. জুয়েল। রমজানের তাৎপর্য নিয়ে আলোচনা ও বিশেষ মোনাজাত পরিচালনা করেন প্রধান উপদেষ্টা আবু তালেব চৌধুরী চান্দু।

ইফতার মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী জেলা সমিতির সভাপতি শামীম গফুর ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন, কুমিল্লা সোসাইটির সভাপতি জাকির হোসেন ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান। এছাড়া, মঞ্চে ছিলেন ইফতার কমিটির আহ্বায়ক আজহারুল ইসহাক খোকা, সাবেক নরসিংদী সদর উপজেলা ভাইস চেয়ারম্যান কবির আহমেদ, নরসিংদী সমিতির সাধারণ সম্পাদক আহসানুল হক বাবুল, উপদেষ্টা হাজী আবদুর রহমান, মফিজুল ইসলাম দুলাল, নরসিংদী জেলা সমিতির সাবেক সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, গাজীপুর সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক মোমেন সরকার, আবুল খায়ের আকন্দ, মফিজুল ইসলাম রুমী, তোফায়েল আহমেদ ও মনিরুল ইসলাম।

অনুষ্ঠানের শুরুতে ইফতার কমিটির আহ্বায়ক আজহারুল ইসহাক খোকা অতিথিদের স্বাগত জানিয়ে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আগত অতিথিদের পরিচয় করিয়ে দেন। বিশেষ অতিথিরা আয়োজকদের ধন্যবাদ জানান এবং সম্মানিত করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতি আবুল বাশার মিলন সংক্ষিপ্ত বক্তব্যে ইফতার মাহফিলে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান এবং পরিবারের সন্তানদের ধর্মীয় শিক্ষায় মনোযোগী করার আহ্বান জানান।

ইফতার মাহফিলের সার্বিক তত্বাবধানে ছিলেন এম. এম. জিন্নাহ, মাহমুদুল হাসান ও মীর জাকির। এছাড়া, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সালাউদ্দিন খান তুহিন, আমিনুল খান, ফারুক রফিকী, শাহীনুল হাসান, সহিদুল ইসলাম প্রমুখ।

নিউইয়র্কে ঢাকা জেলা অ্যাসোসিয়েশন ইউএসএর ইফতার ও দোয়া মাহফিল

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্ক সিটিতে ঢাকা জেলা অ্যাসোসিয়েশন ইউএসএর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সমগ্র মুসলিম বিশ্বের শান্তি ও সমৃদ্ধি কামনার মধ্য দিয়ে গত ১৬ মার্চ সিটির লাগোয়ার্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মাহফিলে ছোট্টমণিদের পবিত্র কোরআন তেলাওয়াত সবার দৃষ্টি কেড়েছে। অনুষ্ঠানে প্রবাসের ঢাকাবাসী ছাড়াও ছিলেন বিশিষ্টজনেরা।

অ্যাসোসিয়েশনের সভাপতি দুলাল বেহেদুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক কাজী আমিনুল ইসলাম স্বপনের সমন্বয়ে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাজনীতিক গিয়াস আহমেদ। তিনি এমন একটি আয়োজনের গুরুত্ব অপরিসীম ছিল বলে মন্তব্য করেন। মাহফিলে দোয়া পরিচালনা করেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্লাহ মোহাম্মদ আতিকুর রহমান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কমিনিটি লিডার মাসুদুর রহমান, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মো. রব মিয়া, সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, প্রধান পৃষ্ঠপোষক শাহীনুর রহমান বিপ্লব, পৃষ্ঠপোষক মো. ফরিদ খান, প্রধান সমন্বয়কারী আকতার সিদ্দীকী শামিম, সমন্বয়কারী তানভীর আহমেদ, উপদেষ্টা ফারুক হোসেন, মো আমান উল্লাহ আমান, মো হাবিব জোয়ার্দার, শেখ সালাউদ্দিন আহমেদ, ব্যবসায়ী নূরুল আজিম ও সোয়েব হোসেন খান।

মাহফিলের জন্যে গঠিত কমিটির আহ্বায়ক আজাদ রহমান, যুগ্ম আহ্বায়ক মো. আলী সবুজ, আলাউদ্দিন আহমেদ, বীর মুক্তিযোদ্ধা মো. আজাদ হোসেন, তানবীর এ মিলন, বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান, ফজলুল হক, মো. আবদুস সামাদ, মিশুক সেলিম, মোহাম্মাদ আরিফ সিদ্দিকী, মো. কাউসার আলমগীর, সিনিয়র সহ-সভাপতি খায়রুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল আজিজ, সহকারী সাধারণ সম্পাদক দেওয়ান কাউসার, দফতর সম্পাদক মো. ফরিদ খান, মহিলা সম্পাদিকা শারমিনা লিপি, কার্যকরি সদস্য মোস্তফা কামাল মুকুল, মো. আউলাদ হোসেন অতিথিদের অভ্যর্থনা ও আপ্যায়নের দায়িত্ব পালন করেন।

প্রসঙ্গত, দোহার, নবাবগঞ্জ, কেরানীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার প্রবাসীদের সমন্বয়ে গঠিত 'ঢাকা জেলা অ্যাসোসিয়েশন ইউএসএ'।

যুক্তরাষ্ট্র ভ্রমণে সতর্কতা জারি যুক্তরাজ্যের

বিশেষ প্রতিনিধি

যুক্তরাষ্ট্রে ভ্রমণে ইচ্ছুক ব্রিটিশ নাগরিকদের জন্য কঠোর সতর্কতা জারি করেছে যুক্তরাজ্য।

গত বৃহস্পতিবার (২০ মার্চ) প্রকাশিত পরামর্শে মার্কিন অভিবাসন আইন লঙ্ঘনের ফলে গ্রেপ্তার বা আটকের মতো কঠোর শাস্তির সম্ভাবনা উল্লেখ করা হয়েছে। ব্রিটিশ পররাষ্ট্র দপ্তর জানিয়েছে, মার্কিন কর্তৃপক্ষ প্রবেশের নিয়ম কঠোরভাবে প্রয়োগ করে। নিয়ম ভাঙলে আপনাকে আইনের মুখোমুখি হতে হতে পারে।

এই হালনাগাদ করা নির্দেশিকা আসে জার্মানির তিন নাগরিক নিয়ে ঘঠা ঘটনার ঠিক এক দিন পর। গত সপ্তাহে মার্কিন-মেক্সিকো সীমান্ত দিয়ে প্রবেশের সময় ওই জার্মান নাগরিকদের আটক করা হয়। এরপর জার্মানিও তাদের ভ্রমণ পরামর্শে পরিবর্তন এনে স্পষ্ট করে দিয়েছে যে, ইলেকট্রনিক সিস্টেম ফর ট্রাভেল অথরাইজেশন বা ভিসা থাকলেও মার্কিন সীমান্ত রক্ষীদের চূড়ান্ত সিদ্ধান্তই প্রবেশের জন্য মুখ্য।

এদিকে, গত মাসে যুক্তরাষ্ট্রে আটক এক ব্রিটিশ নাগরিককে সহায়তা দিচ্ছে যুক্তরাজ্য বলে রয়টার্সকে নিশ্চিত করেছে ব্রিটিশ দপ্তর।

নরসিংদী জেলা সমিতি ইউএসএ'র ইফতার ও দোয়া মাহফিল

নিউইয়র্ক

জলি আহমেদ

নরসিংদী জেলা সমিতি ইউএসএ ইনক-এর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১২ মার্চ) নিউইয়র্কের উডসাইডের গুলশান ট্যারেসে এই আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রবাসী নরসিংদীবাসী, ব্যবসায়ী, কমিউনিটি নেতৃবৃন্দসহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। ইফতার মাহফিলের শুরুতে দেশ ও জাতির কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। এসময় বক্তারা নরসিংদী জেলা সমিতির কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এ ধরনের আয়োজনের আহ্বান জানান।

নরসিংদী জেলা সমিতি, ইউএসএ ইনক-এর সভাপতি শামিম গফুর বলেন, "প্রবাসে আমরা আমাদের ঐতিহ্য ও ধর্মীয় মূল্যবোধ বজায় রাখতে চাই। এই ইফতার মাহফিল শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি আমাদের মধ্যে ভ্রাতৃত্ব ও একতার বন্ধনকে দৃঢ় করে।"

সাধারণ সম্পাদক এহসানুল হক বাবুল বলেন, "প্রবাসে থেকেও আমরা নরসিংদীবাসীদের পাশে থাকতে চাই। ইফতার মাহফিলের মতো অনুষ্ঠানের মাধ্যমে আমরা সবাই একত্রিত হওয়ার সুযোগ পাই এবং একে অপরের সুখ-দুঃখ ভাগাভাগি করতে পারি।"

অনুষ্ঠানে প্রধান সমন্বয়কারী ছিলেন মোঃ সাইফুর রহমান, এবং সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ নাজমুল হক। আয়োজকদের মধ্যে ছিলেন আহ্বায়ক মোঃ জসিম উদ্দিন খন্দকার ও যুগ্ম আহ্বায়ক কাজী কামরুজ্জামান। ইফতার আয়োজনে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মোহাম্মদ এ খালেক।

ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন, প্রধান নির্বাচন কমিশনার সালমান জাহিদ জুয়েল, নির্বাচন কমিশনার এম এ মামুন ও হুমায়ূন কবীর, নিউইয়র্ক বাংলাদেশী-আমেরিকান লায়ন্স ক্লাবের সভাপতি রকি আলীয়ান, সাধারণ সম্পাদক জে এফ এম রাসেল, বলাকা ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশনের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহাদৎ হোসেন, এ্যাস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির সভাপতি আবুল বাশার মিলন, এ্যাসেম্বলী অব আমেরিকার সভাপতি শামীম হাসান, প্রবাস পত্রিকার সিইও আবু সাইদ, সমিতির সাবেক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডাঃ নাজমুল এইচ খান, প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক জে মোল্লা সানি, ঢাকা ক্লাব লিমিটেডের সাবেক প্রেসিডেন্ট খায়রুল মজিদ মাহমুদ চন্দনসহ আরো অনেকেই।

এছাড়া কার্যনির্বাহী পরিষদের সভাপতি শামিম গফুর ও সম্পাদক এহসানুল হক বাবুলসহ সিনিয়র সহ-সভাপতি ইকবাল এ ভূইয়া, মোঃ ইসমাইল হোসেন, ফিরোজ আহমেদ, মাসুদ ভূইয়া, মোঃ গোলাম মোস্তফা, যুগ্ম সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুল কাইয়ুম, কোষাধ্যক্ষ ওয়ালিউল্লাহ খন্দকার, সমাজকল্যাণ সম্পাদক রাশিদুল কবির সজল, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ইয়াসিন মিয়া, ক্রীড়া সম্পাদক মোফাজ্জল হোসেন, সাংস্কৃতিক সম্পাদক মোঃ মতিউর রহমান, নারী সম্পাদক তোহরা বেগম, প্রচার সম্পাদক সাইফুর রহমান, দপ্তর সম্পাদক মোঃ নাজমুল হক, ধর্ম বিষয়ক সম্পাদক জাহাঙ্গীর আলম, কার্যকরী সদস্য জাকির এইচ খাঁন, মাহবুবুর রহমান, সালাউদ্দিন খান, মাহবুবুল আলম, কাজী কামরুজ্জামান, সামুদুর রহমান, শাহাদৎ হোসেন খাঁন, আতিকুর রহমান, কামাল চৌধুরী, জেরিন আজাদ, শামীমা খান ও নাসরিন জাহান উপস্থিত ছিলেন।

খাদ্য সামগ্রী বিতরণ রোটারী ক্লাব অব পাইওনিয়ারসের

নিজস্ব প্রতিদেক

মাহে রমজান উপলক্ষে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ করেছে রোটারী ক্লাব অব পাইওনিয়ারস ও রোটারি ক্লাব অব সানসাইন।

এ উপলক্ষে রোববার (২৪ মার্চ) ওজনপার্কে রোটারি ক্লাবের অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়। রোটারি ক্লাব অব পাইওনিয়ারসের চার্টার প্রেসিডেন্ট আবদুন নূরের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি রহিম হাওলাদার, ব্রুকলেন চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সাবেক সভাপতি মিগুয়েল ফিলাসিনো, ক্লাবের প্রেসিডেন্ট শাহনাজ রহিম, রোটারিয়ান রইছ রহমান, কমিউনিটি একটিভিস্ট এটিএম তালহা, সহায়তা প্রদানকারী ছাত্র আকতারুজ্জামান নূর, মুহতাদি ইয়ামিন।

অনুষ্ঠান পরিচালনা করেন রোটারিয়ান নাহিদুর রহমান নাহিদ।

অনুষ্ঠানে শাহনাজ রহিম বলেন, 'মানবতার সেবায় রোটারি ক্লাব অব পাইওনিয়ারস নিউইয়র্ক যাত্রা শুরু করেছে।

সবার সহযোগিতায় এ যাত্রা আজীবন অব্যাহত থাকবে। রোটারী ক্লাব আর্তমানবতার সেবায় বিশ্বব্যাপী সুনামের সাথে অবদান রাখছে।' তিনি সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর সেবায় বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান।

কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনকের ইফতার মাহফিল অনুষ্ঠিত

কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনকের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ২৪ মার্চ নিউইয়র্কের জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্ট হলে এই আয়োজন সম্পন্ন হয়।

এতে কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনকের সদস্যরা তাদের পরিবার পরিজন নিয়ে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বক্তারা রমজান মাসের পবিত্রতা এবং সমাজে শান্তি ও একতা প্রতিষ্ঠার গুরুত্ব তুলে ধরেন। মাহফিলে সবার অংশগ্রহণে এক মিলনমেলায় পরিণত হয়। এ সময় একে অপরকে রমজান মাসের শুভেচ্ছা জানান।

এতে উপস্থিত ছিলেন কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনকের সভাপতি সালাউদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক তাসলিমা পাটোয়ারী, বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার জামাল উদ্দিন জনি।

আরও উপস্থিত ছিলেন, সংগঠনটির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা ডা. আলী আহমেদ, হাজী পেয়ার আহমেদ, হাজী খবীর উদ্দীন ভূইয়া, মনিরুজ্জামান রমজান, মোজাম্মেল হোসেন,কাজী আব্দুর রশীদ, মনিরুল আলম দিপু, বশীর আহমেদ, শরীফুল ইসলাম, তারেকুল ইসলাম খন্দকার, মিজানুর রহমান কামরুজ্জামান, আসম খালেদুর রহমানসহ সংগঠনের নেতৃবৃন্দ ও কমিউনিটির বিশিষ্টজনরা।

প্রবাসী নরসিংদী ডিস্ট্রিক্ট সোসাইটির ইফতার ও দোয়া মাহফিল

জলি আহমেদ

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের জ্যামাইকায় প্রবাসী নরসিংদী ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএর উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রোববার (২৩ মার্চ) জ্যামাইকায় ইকরা কমিউনিটি সেন্টারে এ আয়োজন সম্পন্ন হয়।

সংগঠনের সভাপতি জয়নাল আবেদীন ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা মেজবাহ উদ্দিন ভূঁইয়া। বিশেষ অতিথি নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাবের প্রেসিডেন্ট মোরশেদ আলম, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম উসমান গনি, সাবেক উপদেষ্টা ছদরুন নূর, নরসিংদী জেলা সমিতির উপদেষ্টা এহসানুল হক, সাবেক উপদেষ্টা মোশাররফ হোসেন আঙ্গুর, জ্যামাইকা থিয়েটারের উপদেষ্টা ফারুক আহমেদ ও সংগীতশিল্পী তাসকিন আহমেদ।

সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক আবুছাইন আক্তার বাবুল ও পরিচালক জিয়াউর রহমান জিয়াসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ইফতার মাহফিলের শুরুতে কোরআন তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ আমিনুল হক।

অনুষ্ঠানে জয়নাল আবেদীন ভূঁইয়া সংগঠনের বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরেন।

তিনি বলেন, 'প্রবাসী নরসিংদী ডিস্ট্রিক্ট সোসাইটি একটি অরাজনৈতিক ও মানবিক সংগঠন, যা প্রবাসীদের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।'

মেজবাহ উদ্দিন ভূঁইয়া বলেন, 'প্রবাসী সমাজের কল্যাণে কাজ করা একটি মহৎ দায়িত্ব এবং এই সংগঠন তা নিষ্ঠার সঙ্গে পালন করছে। ভবিষ্যতেও এটি প্রবাসীদের জন্য কাজ করে যাবে।'

অনুষ্ঠানে বক্তব্য দেন সংগঠনের সিনিয়র সহসভাপতি নুরুজ্জামান আলী ও যুগ্ম সাধারণ সম্পাদক মুসফিকুজ্জামান ঝন্টু।

মাহফিলে দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয় এবং প্রবাসীদের মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

আমেরিকায় সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিম পুত্রের ১৪ অ্যাপার্টমেন্ট

ঢাকা ডেস্ক

আমেরিকার নিউইয়র্কে সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের ছেলে তমাল মনসুরের ১৪টি অ্যাপার্টমেন্টের খোঁজ পেয়েছে পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এসব সম্পদসহ মোট ৬৭ কোটি ৬৩ লাখ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে বৃহস্পতিবার তমালের বিরুদ্ধে মামলা করে দুদক। এছাড়া, অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকনের বিরুদ্ধেও মামলা করেছে দুদক।

নিউইয়র্কের কুইনসের জামাইকার বাসিন্দাদের বেশিরভাগের বসতিই নতুন। এক সময় কালো মানুষের এলাকা নামে পরিচিত থাকলেও এখন সেখানে বাংলাদেশিদের সংখ্যা অনেক।

জামাইকায় বাংলাদেশি প্রতিষ্ঠানের নির্মিত আফতাব স্কাইভিউ টাওয়ার। দুদকের তথ্য মতে, এখানে সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিমের ছেলে তমালের ১২টি অ্যাপার্টমেন্ট। একই এলাকার অন্য ভবনে আরও দুটি অ্যাপার্টমেন্ট রয়েছে তমালের। দুদকের দাবি, তমাল বাংলাদেশ থেকে ৬৩ কোটি ৯৩ লাখ টাকা পাচার করে আমেরিকায় নিয়ে গেছেন।

গ্রি মেকানিকাল ইয়াংকার্সের উদ্যোগে ইফতার

নিউইয়র্ক

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে গ্রি মেকানিকাল ইয়াংকার্সের উদ্যোগে এক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ২১ মার্চ (শুক্রবার) উডসাইটের গুলশান টেরেসে আয়োজিত এ ইফতার মাহফিলে বাংলাদেশি কমিউনিটির নানা শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

অনুষ্ঠানে সিয়ামের গুরুত্ব, ভ্রাতৃত্ববোধ ও কমিউনিটির ঐক্য নিয়ে আলোচনা করা হয়। ইফতারের আগে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়, যেখানে বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি ও কল্যাণ কামনা করা হয়।

আমন্ত্রিতদের স্বাগত জানান গ্রি মেকানিক্যাল ইয়াংকার্সের প্রেসিডেন্ট তোফায়েল চৌধুরী। তিনি বলেন, ব্যবসায়িক উদ্দেশ্যে নয়, বরং কমিউনিটির সবার সাথে ভাতৃত্ব বজায় রাখতে এ আয়োজন। ভবিষ্যতেও এ ধরনের আয়োজন চালিয়ে যাবেন বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

১২ মে ডেট্রয়েটে শুরু হচ্ছে 'অটোমেট ২০২৫'

পার্থ সারথী দেব

উত্তর আমেরিকার বৃহত্তম রোবোটিক্স ও অটোমেশন ট্রেড শো এবং সম্মেলন 'অটোমেট ২০২৫' আগামী ১২ মে থেকে ১৫ মে পর্যন্ত যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের ডেট্রয়েট শহরের হান্টিংটন প্লেসে অনুষ্ঠিত হবে। অ্যাসোসিয়েশন ফর অ্যাডভান্সিং অটোমেশন-এর আয়োজনে অনুষ্ঠিত এই ইভেন্টে রোবোটিক্স, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), মেশিন ভিশন, ইমেজিং, গতি নিয়ন্ত্রণসহ বিভিন্ন অত্যাধুনিক প্রযুক্তির প্রদর্শনী হবে। বিশ্বের শীর্ষস্থানীয় অটোমেশন নির্মাতারা তাদের নতুন উদ্ভাবন উপস্থাপন করবেন, যা শিল্প খাতের ভবিষ্যৎ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রদর্শনীতে অংশগ্রহণকারীরা সর্বশেষ প্রযুক্তির আপডেট সম্পর্কে জানতে পারবেন এবং শিল্প উদ্যোক্তাদের সঙ্গে যোগাযোগের সুযোগ পাবেন। আয়োজকদের প্রত্যাশা, এবারের ইভেন্টে ৪০ হাজারেরও বেশি দর্শনার্থী উপস্থিত থাকবেন এবং ৮০০-এর বেশি অটোমেশন কোম্পানি এতে অংশ নেবে। প্রদর্শনীর পাশাপাশি দুই শতাধিক বিশেষজ্ঞ বিভিন্ন বিষয়ে বক্তব্য দেবেন এবং ১৪০টিরও বেশি কনফারেন্স সেশন অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য বিনামূল্যে প্রবেশের সুযোগ থাকলেও আগেভাগে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে নিবন্ধন সম্পন্ন করতে হবে। অটোমেশন ও প্রযুক্তি খাতের পেশাদারদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হতে যাচ্ছে, যেখানে ভবিষ্যতের প্রযুক্তির দিকে এক নজরে দেখা এবং শীর্ষ বিশেষজ্ঞদের অভিজ্ঞতা ও বিশ্লেষণ শোনার সুযোগ থাকবে।

Home Care

Immigrant Elder Home Care LLC.

হোম কেয়ার

ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

CORPORATE OFFICE:
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

JAMAICA OFFIC
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

LONG ISLAND OFFICE:
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

BRONX OFFICE:
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

OZONE PARK OFFICE:
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

BUFFALO OFFICE:
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।

YOUR DREAM HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047

Email:info@yourdreamhomecare.com

www.yourdreamhomecare.com

M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।
•
আমরা কোনো ফি নেই না।
•
আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
•
কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718)874-0047

Sutphin Branch
Mohammad Khair(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047

Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718)874-0047

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

Albany Office
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে
সবধরণের ইমিগ্রেশন সমস্যায়
KHAIRUL BASHAR LAW OFFICES
দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল

KHAIRUL BASHAR, MBA.LL.M.
ATTORNEY AT LAW

CALL NOW
(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529

KHAIRUL BASHAR LAW OFFICES
Admitted in Washington, D.C., and Alabama State Bar | Practice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

Nurul Azim

Your Any Question Contact Here
+1 516 451 3748

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO প্রপার্টি

Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

১০ হাজার ডলারের রিভেট

নিউইয়র্ক ও লংআইল্যান্ড স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

তোফায়েল চৌধুরী

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন

914-222-9477 or 914-989-0089

Gree Mechanical Yonkers

1900 Central Park Ave, Yonkers NY 10710

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।

সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210

কুইন্সে মেডোব্রোকের ব্রাঞ্চ ম্যানেজার আকিব হোসাইনের উদ্যোগে ইফতার

উত্তর আমেরিকা অফিস

কুইন্সে মেডোব্রোক মর্টগেজের ব্রাঞ্চ ম্যানেজার আকিব হোসাইনের উদ্যোগে এক জমজমাট ইফতার আয়োজন সম্পন্ন হয়েছে। গত ২০ মার্চ (বৃহস্পতিবার) কুইন্সের সিরাজি পার্টি হলে এ ইফতারের আয়োজন করা হয়। ইফতারের পূর্বে দেশ ও জাতির কল্যাণ কামনা করে দোয়া করা হয়।

ইফতার মাহিফিলে যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্ত থেকে প্রবাসী বাংলাদেশি ব্যবসায়ী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্বরা উপস্থিত ছিলেন।

এসময় ইফতার ও ডিনারের আয়োজক আকিব হোসাইন অনুষ্ঠানে উপস্থিত হয়ে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করে তোলার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ভবিষ্যতে আরো বড় পরিসরে এ আয়োজনের আশাও ব্যক্ত করেন তিনি।

পুনরায় এসিএমইউএ'র ভাইস চেয়ারম্যান নির্বাচিত বাংলাদেশি আমেরিকান দিদার

সুব্রত চৌধুরী

মো. দিদার

আটলান্টিক সিটি মিউনিসিপ্যাল ইউটিলিটিস অথরিটির (এসিএমইউএ) ভাইস চেয়ারম্যান পদে পুনরায় নির্বাচিত হয়েছেন বাংলাদেশি আমেরিকান মো. দিদার। সম্প্রতি অনুষ্ঠিত এসিএমইউএ পর্ষদ পুনর্গঠন সভায় তাকে এই গুরুত্বপূর্ণ পদে নির্বাচিত করা হয়।

দিদার প্রথম বাংলাদেশি আমেরিকান হিসেবে এই পদে নির্বাচিত হন। বিগত কয়েক বছর ধরে সফলভাবে তার দায়িত্ব পালন করছেন। তার নেতৃত্বে এসিএমইউএ বিভিন্ন নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে এবং কমিউনিটির জন্য একাধিক সেবা প্রদান করেছে।

দিদার বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি সহ বিভিন্ন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সাথে যুক্ত। সম্প্রতি নিজের কমিউনিটি সেবার দায়িত্বে আরও নিবেদিত হয়ে উঠেছেন। তিনি বলেন, আমার মূল লক্ষ্য হল কমিউনিটির উন্নতি ও সেবামূলক কার্যক্রমকে আরও এগিয়ে নিয়ে যাওয়া।

এছাড়াও, তিনি তার দল এবং কমিউনিটির সকল সদস্যদের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে ভবিষ্যতে আরও বৃহৎ প্রকল্প গ্রহণের আশ্বাস দিয়েছেন।

নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

নিউইয়র্ক

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিউইয়র্ক বুধবার (২৬ মার্চ) যথাযথ মর্যাদায় ও বিপুল উৎসাহ উদ্দীপনায় স্বাধীনতা ও জাতীয় দিবস দিবস উদযাপন করেছে। জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন করে জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। ৭১'-এর শহিদ, শহিদ বীর মুক্তিযোদ্ধা, শহিদ বুদ্ধিজীবী ও ২০২৪ জুলাই-আগস্টের শহিদদের স্মরণে ১ মিনিট নীরবতা পালন করা হয়। দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশ থেকে পাঠানো রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা ও পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টার বাণী পড়া হয়।

অনুষ্ঠানে কনসাল জেনারেল মো. নাজমুল হুদা মুক্তিযুদ্ধের শহিদদের রূহের মাগফেরাত কামনা করেন এবং বীরাঙ্গনা, রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের সব স্তরের নেতা-কর্মীর প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন, 'এক সাগর রক্তের বিনিময়ে অর্জিত আমাদের স্বাধীনতা রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ ও আন্তরিকভাবে সচেষ্ট থাকতে হবে।'

নাজমুল হুদা বলেন, '২০২৪ সাল বাংলাদেশের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায় সংযোজন করেছে এবং বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থা মেরামত তথা সংস্কারের এক অনন্য সুযোগ সৃষ্টি করেছে।' কনসাল জেনারেল স্বাধীনতার কাঙ্খিত লক্ষ্য তথা একটি গণতান্ত্রিক ক্ষুধা-দারিদ্র্যমুক্ত, ন্যায্যতাভিত্তিক, মানবিক ও আধুনিক দেশ গড়ার জন্য সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান। বাংলাদেশের অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে একটি গতিশীল, আত্মপ্রত্যয়ী ও উন্নত দেশ গড়ার লক্ষ্যে আমাদের নতুন প্রজন্ম যে স্বপ্ন দেখছে, তা বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

বাংলাদেশের সার্বিক উন্নয়নে যুক্তরাষ্ট্রসহ সারা পৃথিবীতে অবস্থানকারী আমাদের বিপুল সংখ্যক প্রবাসী ভাই-বোনদের গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করে তিনি তাদের এ সমর্থন এবং সহযোগিতা আরো শক্তিশালী করার অনুরোধ জানান।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের বক্তব্যের প্রতিধ্বনি করে বাংলাদেশ একটি শক্তিশালী, শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক দেশ হিসেবে গড়ে উঠবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে ৭১-এর সব শহিদ, শহিদ বুদ্ধিজীবী, শহিদ বীর মুক্তিযোদ্ধা ও ২৪'-এর জুলাই-আগস্টে গণ-অভ্যুত্থানে শহিদ ছাত্র-জনতার আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

জাতিসংঘে বাংলাদেশ মিশনে ৫৫তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

ডেস্ক রিপোর্ট

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন বাংলাদেশের ৫৫তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে এক অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করেছে। ২৬ মার্চ বুধবার নিউইয়র্কের একটি স্থানীয় হোটেলে আয়োজিত অনুষ্ঠানে জাতিসংঘের প্রায় ১৫০ স্থায়ী প্রতিনিধি, উচ্চপদস্থ কর্মকর্তা ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা অংশ নেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী বলেন, ১৯৭৪ সালে জাতিসংঘের সদস্যপদ লাভের পর থেকে বহুপাক্ষিকতাবাদ বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলভিত্তি হিসেবে কাজ করেছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশ স্বল্পোন্নত দেশ (এলডিসি) শ্রেণি থেকে উত্তরণের পথে এগোচ্ছে। আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তায় অঙ্গীকারের অংশ হিসেবে বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা অভিযানে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে এবং রোহিঙ্গাদের জন্য মানবিক সহায়তা প্রদান করছে।

এর আগে সকালে স্থায়ী প্রতিনিধি ও মিশনের কর্মকর্তারা এক আলোচনা সেশনে অংশ নেন, যেখানে উচ্চপদস্থ ব্যক্তিদের বাণী পাঠ করা হয় এবং দিবসটির তাৎপর্য নিয়ে একটি বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়।

1st AIDE HOME CARE INC
A licensed home care agency, NY
ফার্স্ট এইড হোম কেয়ার
WE PAY HIGHEST RATE
CDPAP Service
HHA/PCA Service
Skilled NURSING
We help for Medicaid, Medicare, Food Stamp & House Rent.
Dr. Gee Cee Pat
Vice President
Dr. Shajadi Parvin
CEO/ President
Earn Money by Taking Care of Senior
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে বাবা-মা, শ্বশুর-শাশুড়ি এবাং আত্মীয় স্বজনদের সেবা দানের মাধ্যমে অর্থ উপার্জন করুন।
917-745-0949, 347-919-5256, 347-919-5254
Corporate Office: 37-18 73rd Street, Suite 401, Jackson Heights, NY 11372

LAW OFFICES OF CHANDA THAPA PLLC

In Pursuit of Excellence

260 W 35th Street, Floor 11
New York, NY 10001

ATTORNEY CHANDA THAPA

INJURED

CALL
929-707-8656

FREE
CONSULTATION
24/7

১৫ বছরেরও বেশি সময় ধরে কমিউনিটি এর মধ্যে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নাম

আপনার টাকা না পাওয়া পর্যন্ত কোন ফি নেই

Attorney Eitan Magendzo

ইনজুরি মামলায় ১১ বছরেরও বেশি অভিজ্ঞতা

একটি একসিডেন্ট মামলায় ১.৫ মিলিয়ন ডলার উদ্ধার

নির্মাণ সাইট বা রেস্তোরাঁয়
কাজ করতে গিয়ে আহত?

উবার বা লিফট পরিচালনা করার সময় আহত?

নিজ বা মালিকের গাড়ি চালানোর সময় আহত

সুপারমার্কেট বা দোকানে কাজ করতে গিয়ে আহত?

যেকোনো আঘাত, পড়ে যাওয়া বা দুর্ঘটনা
আমাদের কল করুন

Mohammad Zahid Hossain
LLM, USA

আমরা বাংলায় কথা বলি

মনে রাখবেন যে অতীতের ফলাফলগুলি ভবিষ্যতের ফলাফলের গ্যারান্টি দেয় না।
এটি একটি বিজ্ঞাপন। আপনার যদি আইনি পরামর্শের প্রয়োজন হয় তবে আমাদের অফিসে যোগাযোগ করুন

ঝুঁকি নেবেন না, আমাদের সাথে যোগাযোগ করুন

Call: **929-707-8656** or Email: **info@chandalaw.com**

তালেবান-ট্রাম্পের মধ্যস্থতাকারী কে এই খলিলজাদ

উত্তর আমেরিকা ডেস্ক

ডোনাল্ড ট্রাম্প আবারও তাঁর ঘনিষ্ঠ মিত্র জালমায় খলিলজাদকে আফগানিস্তানে তালেবানের সঙ্গে মধ্যস্থতার দায়িত্ব দেবেন বলে মনে করছেন বিশেষজ্ঞরা। তবে অনেকের ধারণা, এটি একটি ভুল সিদ্ধান্ত হবে।

আফগানিস্তানে জন্ম নেওয়া জালমায় খলিলজাদ একজন প্রভাবশালী মার্কিন কূটনীতিক ও পররাষ্ট্র নীতি বিশেষজ্ঞ। দোহা চুক্তির প্রধান স্থপতি ছিলেন তিনি। ওই চুক্তির মাধ্যমেই আফগানিস্তান ছেড়ে এসেছিল মার্কিন ও ন্যাটো বাহিনী। সম্প্রতি তিনি তালেবানের সঙ্গে আলোচনার মাধ্যমে এক মার্কিন বন্দীকে মুক্ত করে আবারও আলোচনার কেন্দ্রে এসেছেন।

গত সপ্তাহে খলিলজাদকে তালেবান কারাগার থেকে সদ্য মুক্ত জর্জ গ্লেজম্যানের সঙ্গে দেখা যায়। মার্কিন নাগরিক গ্লেজম্যানকে ২০২২ সালের ডিসেম্বর মাসে আফগানিস্তান ভ্রমণের সময় বন্দী করেছিল তালেবান। এই বিষয়ে আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছিল, কাতারের মধ্যস্থতাকারীদের মাধ্যমে ট্রাম্প প্রশাসনের একটি চুক্তির আওতায় গ্লেজম্যান মুক্তি পেয়েছেন।

তবে খলিলজাদ নিজেই কাবুলে গিয়ে তালেবানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করেন এবং গ্লেজম্যানকে যুক্তরাষ্ট্রে ফিরিয়ে আনেন। পরে তিনি টুইটারে এই মুক্তির খবর নিশ্চিত করে বলেন, আজকের দিনটি ভালো।

বিশ্লেষকেরা বলছেন, ট্রাম্প প্রশাসন আবারও খলিলজাদকে তালেবানের সঙ্গে আলোচনার জন্য ব্যবহার করতে পারে; বিশেষ করে, কাবুলে মার্কিন দূতাবাস পুনরায় চালুর সম্ভাব্য আলোচনায় যোগ দিতে পারেন তিনি। যদি এটি বাস্তবায়িত হয়, তাহলে তালেবান সরকারের আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়ার পথে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে।

তবে অনেক বিশেষজ্ঞই সতর্ক করেছেন, খলিলজাদের অতীত ভূমিকা ছিল ভুল। 'দ্য লং ওয়ার' গ্রন্থের লেখক ডেভিড লয়নের মতে, খলিলজাদ ছিলেন সেই ব্যক্তি, যিনি ভুলভাবে ধারণা করেছিলেন, তালেবান অতীতের তুলনায় বদলে গেছে।

বর্তমানে খলিলজাদ সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় এবং প্রায়ই সাধারণ আফগানদের নেতিবাচক প্রতিক্রিয়ার মুখোমুখি হন।

নিউইয়র্কে মিডোব্রুকের ইফতার ও ডিনার পার্টি

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে ফাইনান্সিয়াল মর্টগেজ ব্যাংকার্স করপোরেশন মিডোব্রুকের এস্টোরিয়া শাখার উদ্যোগে এক বিশেষ ইফতার ও ডিনার পার্টি অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার (২৫ মার্চ) জ্যামাইকার একটি পার্টি হলে এ আয়োজন সম্পন্ন হয়।

ইফতার মাহফিলে রিয়েল এস্টেট ব্যবসায়ী, বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ, সাংবাদিক, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। এসময় আগত অতিথিদের আন্তরিক অভ্যর্থনা জানান কোম্পানির লোন অফিসার আজাদুল ইসলাম ও ব্রাঞ্চ ম্যানেজার ভিক্টর এন্ড্রেড।

ইফতারের আগে বিশ্ব শান্তি কামনায় বিশেষ দোয়া করা হয়। পরে কমিউনিটির নেতারা শুভেচ্ছা বক্তব্য দেন এবং বাংলাদেশি কমিউনিটির উন্নয়ন ও পারস্পরিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন জাকির চৌধুরী সিপিএ, আহাদ আলী সিপিএ, ব্যবসায়ী নেতা লিটন আহমেদ, রিয়েলেটর মু. কে আহমেদ প্রমুখ।

অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance

- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেতে পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম,
কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

ইউএস-বাংলাদেশ এডভোকেচি কাউন্সিলের ইফতার ও আলোচনা সভা

ভার্জিনিয়া প্রতিনিধি

ইউএস-বাংলাদেশ এডভোকেচি কাউন্সিল (ইউবেক) এর উদ্যোগে এক ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২২শে মার্চ (শনিবার) ভার্জিনিয়ার ফেয়ারফ্যাক্স এ এ ইফতার আয়োজন সম্পন্ন হয়।

কবি, লেখক ও সংগঠক সামছুদ্দীন মাহমুদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভার্জিনিয়া স্টেট সিনেটর সাদ্দাম সেলিম। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন নিউজার্সীর মনমাউথ ইউনিভার্সিটি, সোসাল ওয়ার্ক বিভাগের ডীন প্রফেসর ডঃ গোলাম এম মাতবর।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্বের সর্ববৃহৎ সংগঠন আইইই এর সাবেক প্রেসিডেন্ট ও ভার্জিনিয়া টেক এর প্রফেসর ডঃ সাইফুর রহমান, মেজর(অবঃ) রুহুল চৌধুরী, মেজর (অবঃ) মনজুরুল হক, ডাঃ মাকসুমুল হাকিম, ডঃ নজরুল ইসলাম, মেজর (অবঃ) সাফায়াত আহমেদ, সাবেক সচিব জমির আহমেদ, ডিসিইএর কোঅর্ডিনেটর ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিরন চৌধুরী, বাংলাদেশ এমেরিকান ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ও ম্যারিল্যান্ড ডেমোক্রেট নেতা হাসান চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী রিপন আহমেদ, কমিউনিটির পরিচিত মুখ রিয়েলটর দিন খালেদ, আর্কিটেক্ট মুশফেক রহমান ও ইঞ্জিনিয়ার মিজান রহমান।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সাইবার সিকিউরিটি এনালিস্ট ও এডভাইজার ইঞ্জিনিয়ার খুরশিদ সাব্বির ও সার্বিক তত্ত্বাবধানে ছিলেন এম্পায়ার হোম হেলথ সার্ভিসের স্বত্বাধিকারী স্যাম রিয়া।

দু পর্বের অনুষ্ঠানে প্রথমে দোয়া পরিচালনা করেন খুরশিদ সাব্বির। তারপর অতিথিদের জন্য নানা প্রকারের ইফতারের আয়োজন করে এম্পায়ার হোম হেলথ সার্ভিস এবং এর কর্ণধার স্যাম রিয়া ও তাবাস্সুম রহমান, সুরাইয়াস কিচেনের স্বত্বাধিকারী নাজনিন সাব্বির ও হাসান চৌধুরী।

দ্বিতীয় পর্বে বর্তমান সমসাময়িক বিষয় নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ আলোচনা সভায় প্রধান অতিথি সিনেটর সাদ্দাম সেলিম আগামী প্রজন্মকে বেশী বেশী স্থানীয় রাজনীতিতে অংশগ্রহনের আহবান জানান। এতে ইউএস-বাংলাদেশ এডভোকেচি কাউন্সিল বিশেষ ভূমিকা পালন করতে পারে বলে তিনি অভিমত প্রদান করেন। তিনি বলেন বর্তমান বাংলাদেশে সরকারকে বিতর্কিত করার চেষ্টা চলছে মনে হয়। বাংলাদেশে হিন্দু নির্যাতনের বিষয়টা ব্যাপক প্রচার হচ্ছে, শুনেছি এ বিষয়ে একটি কংগ্রেশনাল শুনানীরও প্রস্তুতি চলছে, অথচ আমি বিভিন্ন অথেনটিক মাধ্যম থেকে জানতে পেরেছি বর্তমান সময়ে হিন্দু ও অন্যন্য ধর্মীয় সম্প্রদায় খুবই ভালো আছে। তিনি এ বিষয়টি নিয়ে ডেমোক্রেটিক ফোরামে আলোচনা করবেন বলে জানান।

চ্যানেল টুয়েন্টি ফোরের যুক্তরাষ্ট্র প্রতিনিধি সুমন

সিদ্দিকুর রহমান

বাংলাদেশের অন্যতম শীর্ষ নিউজ চ্যানেল চ্যানেল টুয়েন্টিফোরের যুক্তরাষ্ট্র প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন সাংবাদিক সিদ্দিকুর রহমান সুমন।

সুমন বর্তমানে দৈনিক মানবজমিনের প্রতিনিধি হিসেবেও কাজ করছেন। তিনি ২০০৫ সালে সিলেটের স্থানীয় দৈনিক জালালাবাদের ক্যাম্পাস প্রতিনিধি হিসেবে সাংবাদিকতায় যুক্ত হোন। এছাড়া তিনি বিভিন্ন সময়ে স্থানীয়, জাতীয় দৈনিক ও টিভি চ্যানেলেও কাজ করেছেন।

আমেরিকায় আসার পূর্বে তিনি কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কার্যালয়ের মিডিয়া উইংয়ে (গভর্নর সেক্রেটারিয়েট এন্ড পাবলিকেশন্সে) কর্মরত ছিলেন। বর্তমানে তিনি নিউইয়র্কের ব্রঙ্কসের বাসিন্দা।

সুমন সিলেট লেখক ফোরামের প্রাক্তন সাংগঠনিক সম্পাদক, এমসি কলেজ স্টুডেন্ট এসোসিয়েশনের প্রাক্তন জিএস ও লামাকাজী লালার গাঁও ক্রিকেট ক্লাবের (এলসিসির) প্রতিষ্ঠাতা অধিনায়ক ও সেক্রেটারী ছিলেন। এছাড়া, ২০২৪ সালে সাংবাদিকতা ক্যাটাগরীতে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিষ্ট্রিক্ট ৮৭ (ব্রঙ্কস) থেকে বিশেষ সাইটেশন পেয়েছিলেন সুমন।

ব্রঙ্কসে জনপ্রতিনিধিদের সম্মানে ইফতার মাহফিল

শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক

নিউইয়র্কের ব্রঙ্কসে যুক্তরাষ্ট্রের মূলধারার জনপ্রতিনিধিদের সম্মানে কমিউনিটির উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২১ মার্চ) ব্রঙ্কসের পিসি ১০৬ স্কুলে এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে অতিথি ছিলেন ব্রঙ্কস ব্যুরোর প্রেসিডেন্ট ভেনেসা এল গিবসন, স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্ডেজ, এসেম্বীওম্যান কারনেজ রায়াজ, নিউইয়র্ক সিটি কাউন্সিল মেজরিটি লিডার আমান্ডা ফারিয়াস।

কমিউনিটি বোর্ড-৯'-এর সভাপতি মোহাম্মদ এন মজুমদারের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন কমিনিটির নেতা হাসান আলী, আব্দুস শহীদ, খলিলুর রহমান, বিলাল ইসলাম, এন ইসলাম মামুন, আয়েশা আরিফ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমদ চৌধুরী, সাংবাদিক শেখ শফিকুর রহমান, এম আলাউদ্দিন, লিয়াকত আলী, কবি আবু তাহের চৌধুরী, সামাদ মিয়া জাকেরিয়া, সিপিএ জাকির চৌধুরী, ফরিদা ইয়াসমিন, এটর্নী রাশেদ মজুমদার, সাব্বির গুল, মোহাম্মদ মুছা।

কমিউনিটিতে অবদানের স্বীকৃতিস্বরুপ অনুষ্ঠানে সাব্বির গুল, হাসান আলী, সালমা সুমি, তুষার পিকে, রাশেদ মজুমদার, আয়েশা আরিফ, মোহাম্মদ কে হোসেন, আবু কায়ছার চিশতি, ফারিস আখতারকে সম্মাননা দেওয়া হয়।

অনুষ্ঠানে বাংলাবাজার মসজিদের ইমাম মাওলানা আবুল কাসেম ইয়াহিয়া কোরআন তেলওয়াত করেন ও রমজানের তাৎপর্য তুলে ধরে দোয়া মুনাজাত পরিচালনা করেন।

৩-৭ এপ্রিল নিউ জার্সির এবসিকনে বাসন্তী পুজো

সুব্রত চৌধুরী, নিউ জার্সি

যুক্তরাষ্ট্রের নিউ জার্সি রাজ্যের এবসিকন শহরে বাসন্তী পুজো উদযাপনের প্রস্তুতি নেওয়া হয়েছে। রাজ্যের এবসিকন শহরের দক্ষিণ শোর রোডের রাধাকৃষ্ণ মন্দিরে শাস্ত্রীয় মতে আগামী ৩-৭ এপ্রিল বাসন্তী পূজার যাবতীয় শাস্ত্রীয় কর্মযজ্ঞ সম্পাদন করা হবে।

পুরাণ অনুযায়ী, সমাধি নামক বৈশ্যের সঙ্গে মিলে রাজ্য-হারানো রাজা সুরথ বসন্তকালে ঋষি মেধসের আশ্রমে মূর্তি গড়ে দেবী দুর্গার আরাধনা করেন, যা পরে বাসন্তী পূজা নামে প্রসিদ্ধ হয়। বাসন্তী পুজোকেই বাঙালির আসল দুর্গা পুজো বলে মনে করা হয়।

শাস্ত্র অনুসারে এই বছর দেবীর আসা যাওয়া দুটোই হাতিতে। দেবীর গজ বাহন শাস্ত্রমতে অত্যন্ত শুভ।

পুজো উপলক্ষে আটলান্টিক কাউন্টির সনাতনী হিন্দু সম্প্রদায়ের মনে-প্রাণে ও ঘরে ঘরে উৎসাহ-উদ্দীপনা, আনন্দ-উচ্ছ্বাস পরিলক্ষিত হচ্ছে। প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের মধ্যে এই ব্যাপারে যথেষ্ট উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে।

রাধাকৃষ্ণ মন্দিরের পক্ষে লিটন ধর ও সুনীল দাশ হিন্দু ধর্মাবলম্বীদের বাসন্তী পুজোয় আমন্ত্রণ জানিয়েছেন।

জাতিসংঘের সাধারণ পরিষদে রোহিঙ্গা সংকটের বিষয়ে প্রস্তাব গৃহীত

উত্তর আমেরিকা ডেস্ক

মালয়েশিয়া ও ফিনল্যান্ডের উদ্যোগে মঙ্গলবার জাতিসংঘের সাধারণ পরিষদে মিয়ানমারে রোহিঙ্গা মুসলিম ও অন্যান্য সংখ্যালঘুর পরিস্থিতির ওপর উচ্চপর্যায়ের সম্মেলনের পরিধি, পদ্ধতি, বিন্যাস ও সংগঠন-সম্পর্কিত একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মো. সালাহউদ্দিন নোমান চৌধুরী, উন্মুক্ত বিতর্ক অধিবেশনে অংশ নেন।

তিনি এই প্রস্তাবের ওপর ভোটের প্রস্তাব করেন।

রাশিয়া বেশ কয়েকটি সংশোধনী প্রস্তাব করেছিল, যা বাংলাদেশ গ্রহণ করেনি।

আজ এখানে প্রাপ্ত এক বার্তা থেকে জানা গেছে, সাধারণ পরিষদের সভাপতি ভোট আহ্বান করেন এবং প্রস্তাবটির পক্ষে ১৪১ ভোট পড়ায় প্রস্তাবটি গৃহীত হয়।

প্রস্তাবটির বিরুদ্ধে কোনো ভোট পড়েনি।

১০টি দেশ ভোটদানে বিরত থাকে।

ভবিষ্যতে রোহিঙ্গা সমস্যা সমাধানের ক্ষেত্রে এই প্রস্তাব গৃহীত হওয়া একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। কারণ, এটি এমন এক সময়ে এসেছে, যখন ঢাকা সেপ্টেম্বরে নিউইয়র্কে রোহিঙ্গা সংকটের ওপর একটি বিশেষ শীর্ষ সম্মেলন আয়োজনের পরিকল্পনা করছে।

পাত্র-পাত্রী চাই

টিউশন!

বাংলাদেশি স্কুলগামী শিক্ষার্থীদের জন্য অভিজ্ঞ গৃহশিক্ষক

শিক্ষাগত যোগ্যতা

- এমএস ছাত্র, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি
- এমবিএ ইন ফাইন্যান্স, ঢাকা বিশ্ববিদ্যালয়
- এমএস ইন ফিজিক্স, ঢাকা

দক্ষতা

- অংক ও পদার্থবিজ্ঞানের জটিল বিষয়গুলো সহজভাবে ব্যাখ্যা করা, যাতে শিক্ষার্থীরা সহজেই বুঝতে পারে
- বাংলা ও ইংরেজিতে পারদর্শী, যা শেখার প্রক্রিয়াকে আরও কার্যকর করে তোলে, বিশেষ করে যেসব ছাত্র বাংলাদেশ থেকে নতুন এসেছে এবং ভাষাগত পার্থক্যের কারণে বুঝতে কষ্ট হচ্ছে

যোগাযোগ
929-281-4654

বেইজমেন্ট ভাড়া

জ্যামাইকাতে ১৮৭ স্ট্রীট এবং ১০৪ এভিনিউতে এক বেডরুমের একটি সম্পূর্ণ বেসমেন্ট এখন থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ : ৯১৭-৬৫১-৭১৮৮, ৯১৭-৬৫১-৯৫২৮

Registered Nurse Required (New Jersey)

প্রতিষ্ঠান: Captor USA Corporation.
পদ: Registered Nurse (RN)
অভিজ্ঞতা: নতুন বা ১/২ বছর
স্থান: Paterson, New Jersey.
Please send your resume at info@captorusacorp.com
Or call us at +1 (973) 553-2690
আবেদনের শেষ সময়: ২০/০৭/২০২৪

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

বেইজমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজ ৮৯ এভিনিউ ও ২১২ প্লেস কিউ ০১, ৩৬, ৪৩ এবং ২২ লং আইল্যান্ড এমটিয়ে ক্লোজ টু হিলসাইড ভাড়া হবে। একবেড বাথ বড় লিভিং এপ্রিল থেকে । 718-675-9305

BASEMENT FOR RENT

Two bedrooms, kitchen bathroom; Queens Village 89th ave/215th Street. $1600/month. Please contact for details 7187857123

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ২৬ বছর বয়সী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবিবাহিত পাত্রীর জন্য ইউএসএ সিটিজেন বা গ্রীন কার্ড ধারী পাত্র চাই। যোগাযোগঃ অভিভাবক +8801713161616 (WhatsApp). E-mail: yousuf.snm@gmail.com

পাত্রী চাই

ইউএস সিটিজেন অবিবাহিত চাকুরিরত এমএস ইনিজনিয়ার ৫ ফুড ৯ ইঞ্চি ৩৩ বছর বয়স্ক ফর্সা পাত্রের জন্য পাত্রী চাই। নিউইয়র্ক ও ঢাকায় বাড়ি আছে। 929-538-6313, 516-234-8517

পাত্রী চাই

নিউইয়র্কে হসপিটালে কর্মরত ৪১ বছর বয়স্ক একজন অবিবাহিত পাত্রের জন্য পাত্রী চাই। পাত্র ইউএসএ সিটিজেন। ফোন 347-615-6567

পাত্র আবশ্যক

ধার্মিক পাত্রী বয়স ৩৮ এর জন্য পাত্র চাই। পাত্রীর পড়া লেখা B.S IN MATHEMATICS (UMD) M.S IN PROJECT MANAGEMENT (UMD) ইউ এস সিটিজেন পাত্রীর জন্য মুসলিম পাত্র চাই। যোগাযোগ: 301-537-9885

পাত্র চাই

শিক্ষিত সম্ভ্রান্ত পরিবারের ২৬ বছরের হিজাবী, সিটিজেন, গ্যাজুয়েট, চাকুরিরত পাত্রীর জন্য ২৮ থেকে ৩২ বছরের নামাজি, অবিবাহিত শিক্ষিত পাত্র চাই। 929-408-7691

পাত্র চাই

নিউইয়র্কে জন্ম নেওয়া ফার্মাসিস্ট মেয়ের জন্য ডাক্তার, ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট বা এটর্নি পাত্র চাই। বয়স ২৯ থেকে ৩৩ এর ভেতরে এবং ইউএস সিটিজেন হতে হবে। একই সাথে নিউইয়র্কে জব থাকতে হবে 347-740-3872

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, , ডিভোর্সড সুদর্শন ডাক্তার পাত্রের জন্য ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
hmurshedmd@gmail.com
Phone: 850-886-9012

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ৪১ বছর বয়সী পাত্রীর জন্য ৪০ থেকে ৫৫ বছর বয়সী ইউএস সিটিজেন অথবা গ্রিনকার্ড ধারী পাত্র পাই। পাত্রী ডিভোর্সড, ৯ বছর বয়সী কন্যা রয়েছে। পাত্রী শিক্ষিত এবং ভালো ফ্যামিলি থেকে আসা।
যোগাযোগ:
rbprinceton@yahoo.com
(732) 841- 2452

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেষ্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
যোগাযোগ: সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

বগুড়া সোসাইটি ইউএসএর ইফতার ও দোয়া মাহফিলে সম্প্রীতির মিলনমেলা

সায়েম শুভ, নিউইয়র্ক

ধর্মীয় ভাবগাম্ভীর্য, ভ্রাতৃত্ববোধ ও ঐতিহ্যের চেতনাকে ধারণ করে বগুড়া সোসাইটি ইউএসএ'র ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত রোববার (১৬ মার্চ) নিউইয়র্কের কুইন্স প্যালেসে আয়োজিত এই মাহফিলে বগুড়াবাসী ছাড়াও যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্ত থেকে প্রবাসী বাংলাদেশিরা অংশ নেন। এ ছাড়া স্থানীয় আঞ্চলিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্বরাও উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বগুড়া সোসাইটি ইউএসএ'র সভাপতি মহব্বত আলী আকন্দ ও সঞ্চালনার করেন সাধারণ সম্পাদক মো. সাইফুল ইসলাম। কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া এ আয়োজনজুড়ে ধর্মীয় ভাবগাম্ভীর্য ও সৌহার্দ্য-সম্প্রীতির আবহ বিরাজ করছিল। কোরআন থেকে তেলাওয়াত করেন তওহীদ মুন্না ও মো. সাইফুল ইসলাম মান্না। ইফতারের পূর্বে বিশ্ব মুসলিম উম্মাহ ও সমগ্র মানবজাতির শান্তি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া পরিচালনা করেন বীর মুক্তিযোদ্ধা মো. শাহজাহান।

এবারের ইফতার আয়োজনকে সফল ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে আহ্বায়ক হিসেবে দায়িত্বে ছিলেন খাদেমুল ইসলাম রুবেল, সদস্য সচিব ছিলেন জাহাঙ্গীর আলম লিপন। যুগ্ম আহ্বায়কের দায়িত্ব পালন করেন গোলাম রব্বানী রাজু, রাশেদ আল হেলাল রতন ও হেলাল উদ্দিন। যুগ্ম সদস্য সচিবের দায়িত্ব পালন করেন নাসির সাদিক, এনামুল হক মুরাদ ও মোরশেদ হায়দার বিপ্লব।

প্রধান পৃষ্ঠপোষক ছিলেন বগুড়া সদরের সাবেক সাংসদ সাইফুর রহমান ভান্ডারী রাজ, সাবেক নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি রাফেল তালুকদার, বগুড়া সোসাইটির ট্রাস্টি বোর্ডের মেম্বার আতোয়ারুল আলম। সার্বিক দিক নির্দেশনায় ছিলেন বলাকা ওইয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি মো. সাইফুল ইসলাম (কুইন্স)। প্রধান সমন্নয়কারী ছিলেন জাকিরুল ইসলাম, সমন্নয়কারী হিসেবে ছিলেন মোহাম্মাদ আলী, আব্দুস সোবহান। সার্বিক তত্তাবধানে ছিলেন তালুকদার সামিম সবুজ। তত্বাবধানে ছিলেন জহুরুল ইসলাম তালুকদার লিটন। আপ্যায়নে ছিলেন রফিকুল ইসলাম রফিক, কামরুজ্জামান লালু, শাপিনুর রহমান ও শফিকুল ইসলাম। কোষাধ্যক্ষের দায়িত্বে ছিলেন জুয়েল আহমেদ, আব্দুর রাকিব খান আরিফ।

ইফতার আয়োজনের সার্বিক সহযোগীতা করেন ইঞ্জিনিয়ার রানা জামান, আলী সৈয়দ টিপু, রাইছুল হক, আব্দুল মান্নান, মো. রোকুনুজ্জামান নয়ন, ওয়াহেদ আলী মন্ডল, শফিকুল ইসলাম ডাবলু, অধ্যক্ষ আজিজুল হক মুন্না, ফারুক হোসেন মিঠু, মো. সাইফুল ইসলাম মান্না, এনামুল হক, শফিক দেওয়ান, বিলকিস বানু, আনসার আলী, মাসুদ বেলাল, মো. মর্তুজা আলী বুলবুল, মোস্তফা আলমগীর, আবু তাহের এম আলম, জাকি উল্লাহ আপেল, নাজনিন জামান রুনি, আব্দুল্লাহ আল সাদী, কামরুল হাসান, আল আমিন সোহাগ, এসএম আরমান হোসেন, মাকসুদুল আলম ডায়মন্ড, গাওছুল আজম রিগান, শাহ কামাল মনি, আল আমিন, মো. ওবায়দুল হক, রাজু শাহ, নুর আলম।

অনুষ্ঠানে বক্তারা বলেন, 'এ ধরনের আয়োজন নতুন প্রজন্মকে বাংলাদেশের কৃষ্টি, সংস্কৃতি ও ধর্মীয় ঐতিহ্যের প্রতি আগ্রহী করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশেষ করে, প্রবাসে বেড়ে ওঠা তরুণরা এসব অনুষ্ঠানের মাধ্যমে নিজেদের শিকড়ের সাথে সংযুক্ত থাকার সুযোগ পান।'

এটিভি ইউএসএ-ট্যাপ ট্যাপ সেন্ড কোরআন তিলাওয়াত প্রতিযোগিতার জয়ী তাজবীহ

নিজস্ব প্রতিবেদক

এটিভি ইউএসএ-ট্যাপ ট্যাপ সেন্ড কোরআন তিলাওয়াত প্রতিযোগিতা ২০২৫-এ প্রথম স্থান অর্জন করেছে ৬ বছরের শিশু তাজবীহ তালহাহ ভুইয়া।

রোববার (২৪ মার্চ) নিউইয়র্কের জ্যামাইকার আশা পার্টি হলে সম্পন্ন হলো প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনালে। এ সময় উপস্থিত ছিলেন নিউইয়র্কের আলেম-ওলামা, বিভিন্ন মসজিদের ইমাম, কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন স্তরের মানুষ। প্রতিযোগিতায় দ্বিতীয় হয়েছে সারাবন তহুরা ও তৃতীয় মোহাম্মদ সুরাইম সালেহ। বিজয়ীদের হাতে পুরস্কারের অর্থ ও সার্টিফিকেট তুলে দেন অতিথিরা। সেরা দশ প্রতিযোগীকে দেওয়া হয় আকর্ষণীয় পুরস্কার। এছাড়া অংশগ্রহণকারী সবাইকেই দেয়া হয়েছে সার্টিফিকেট।

নিউইয়র্কের পাঁচটি বরো থেকে উঠে আসা ১৬ জন প্রতিযোগী অংশ নেন গ্র্যান্ড ফিনালে। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে তাজবীহ তালহাহ ভুইয়া পেয়েছে দেড় হাজার ডলার পুরস্কার। দ্বিতীয় স্থান অধিকার করে সারাবন তহুরার হাতে তুলে দেয়া হয় এক হাজার ডলার ও তৃতীয় স্থান অধিকার করা মোহাম্মদ সুরাইম সালেহ পায় ৫০০ ডলার অর্থ পুরস্কার।

কোরআন আল্লাহর বাণী, যা হৃদয়কে প্রশান্ত করে, জীবনকে আলোকিত করে। কোরআনের প্রতিটি আয়াতে লুকিয়ে আছে অমীয় জ্ঞান, শান্তি আর সঠিক পথের নির্দেশনা। এই গ্রন্থের সুমধুর তিলাওয়াতেই মুখর হয়ে উঠে এটিভি ইউএসএর কোরআন তিলাওয়াত প্রতিযোগিতা ২০২৫'-এর গ্র্যান্ড ফিনালে।

জমকালো আয়োজনে অনুষ্ঠিত চূড়ান্ত পর্বে অংশ নেয়া প্রতিযোগীদের কণ্ঠে প্রতিধ্বনিত হয় কোরআনের সুমধুর আয়াত। অংশগ্রহণকারী প্রতিটি প্রতিযোগীই ছিলো অসাধারণ। তাদের কণ্ঠে উঠে আসা কোরআন তিলাওয়াতের অনুভূতি ছিলো হৃদয়গ্রাহী।

প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মাওলানা মির্জা আবু জাফর বেগ ও মাওলানা শাহ মোহাম্মদ সাইফুল্লাহ সিদ্দিকী। অনুষ্ঠান সঞ্চালনা করেন মাওলানা মোহাম্মদ শহীদুল্লাহ।

কোরআন তিলাওয়াত শেষে প্রতিটি প্রতিযোগীকে প্রশ্ন করেন বিচারকেরা। দক্ষতার সাথে উত্তর দেন প্রতিযোগীরা। দীর্ঘ বিচার প্রক্রিয়া শেষে ঘোষণা করা হয় বিজয়ীদের নাম।

কোরআন নাজিলের মাস রমজানে আমেরিকার মাটিতে কোরআন তিলাওয়াত প্রতিযোগিতার আয়োজন করায় এটিভি ইউএসএকে কৃতজ্ঞতা জানান নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা।

হুতি নেতা হত্যার দিকনির্দেশনা দেন পেন্টাগনপ্রধান হেগসেথ

উত্তর আমেরিকা ডেস্ক

ইয়েমেনে হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে পরিচালিত অভিযানের সময়সূচি ও বিস্তারিত তথ্য ব্যক্তিগত বার্তায় পাঠিয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। বুধবার মার্কিন ম্যাগাজিন দ্য আটলান্টিকের প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, ১৫ মার্চ হুতিদের বিরুদ্ধে চালানো মার্কিন বিমান হামলা শুরুর সময় এবং সামনের আরও হামলার পরিকল্পনা তিনি একটি গ্রুপ চ্যাটে শেয়ার করেন।

প্রকাশিত বার্তা অনুযায়ী, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের শীর্ষ নিরাপত্তা উপদেষ্টাদের সঙ্গে এনক্রিপ্টেড মেসেজিং অ্যাপ 'সিগন্যালের' একটি গ্রুপ চ্যাটে এ তথ্য শেয়ার করা হয়। এতে দ্য আটলান্টিকের প্রধান সম্পাদক জেফরি গোল্ডবার্গকেও অন্তর্ভুক্ত করা হয়। এ ঘটনায় ব্যাপক সমালোচনা শুরু হয়েছে।

প্রতিরক্ষামন্ত্রী হেগসেথ অভিযোগ অস্বীকার করে বলেছেন, তিনি কোনো যুদ্ধের পরিকল্পনা ফাঁস করেননি। গত মঙ্গলবার ট্রাম্প প্রশাসন দাবি করে, ওই বার্তায় কোনো গোপনীয় তথ্য ছিল না। তবে বিশ্লেষক ও সাবেক মার্কিন কর্মকর্তারা বলছেন, সামরিক অভিযানের লক্ষ্যবস্তু-সংক্রান্ত তথ্য সাধারণত কঠোরভাবে গোপন রাখা হয়।

প্রকাশিত বার্তার স্ক্রিনশট অনুযায়ী, হেগসেথ তাঁর বার্তায় লেখেন, সময় এখন (১১:৪৪ ইটি বা পূর্বাঞ্চলীয় সময়) অনুকূলে। সেন্টকম থেকে নিশ্চিত করা হয়েছে, মিশন চালুর জন্য সবুজ সংকেত দেওয়া হয়েছে।

কুইন্সে জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ইফতার ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত রোববার (১৫ মার্চ) কুইন্সের ব্লুবার্ডের আগ্রা প্যালেসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ার।

কংগ্রেসওম্যান গ্রেস মেং ও নিউইয়র্ক সিটির পাবলিক এডভোকেট জুমানা উইলিয়ামস এতে অংশ নিয়ে মুসলিম বাংলাদেশি আমেরিকান কমিউনিটির প্রসংশা করেন। তারা ট্রাম্প প্রশাসন কৃর্তক কিছু মুসলিম দেশের নাগরিকদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপের উদ্যোগের তীব্র নিন্দা জানান।

অনুষ্ঠানে অতিথি ছিলেন আতাউর রহমান সেলিম, ফজলুর রহমান, হোসনে আরা, ওয়াজেদ এ খান, ফাহাদ সোলায়মান, আহসান হাবিব, সৈয়দ রাব্বী মোহাম্মদ, আব্দুর রশীদ বাবু, নুরুল আজিম, মহিউদ্দীন দেওয়ান, কারুজ্জামান কামরুল, আকিব উদ্দীন, বিল্লাল হোসেন, রোকন হাকিম ও কাজি তোফায়েল ইসলাম।

ইফতার মাহফিলে বাংলাদেশি কমিউনিটির সর্বস্তরের মানুষ অংশ নেন।

অনুষ্ঠানকে সফল করতে জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কর্মকর্তরা নিরলস পরিশ্রম করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন এবিএম ওসমান গনি, অপুন ইমাম, রিজু মোহাম্মদ, এনায়েত মুন্সী, ইসমাঈল স্বপন, এএফএম জামান, কামরুল ইসলাম সনি, আকতার বাবুল, নওশাদ হায়দার, হিমু মিয়া, মহিন উদ্দীন পাটওয়ারি, জিল্লুর রহমান, শরীফ হোসেন, ইকবাল আহমেদ, সুমন খান ও সাইফুল ইসলাম, মোহাম্মদ কাশেম, রেজাউল আলম অপু, এসএম সোলায়মান, ইফ্ফাত ইয়াসমীন রিমি, জে মোল্লাহ সানী।

ফিলাডেলফিয়া তরুণের মৃত্যু, শোকের ছায়া

ফারহান জামান

পেনসিলভানিয়ার ফিলাডেলফিয়া এবং সাউথ জার্সির আটলান্টিক সিটির এক বাংলাদেশি তরুণের মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। শুক্রবার (২১ মার্চ) সন্ধ্যা সাড়ে ৫টায় আটলান্টিক সিটির একটি পাঁচতলা পার্কিং ভবন থেকে পড়ে ফারহান জামান মৃধা (১৫) মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃত ফারহান জামান মৃধা কমিউনিটি সংগঠন বিটিএসপির সদস্য মোহাম্মদ কামরুজ্জামান মৃধার বড় ভাই ফকরুজ্জামান মৃধা বাবুর পুত্র। তার অকাল মৃত্যুতে শোকাহত হয়ে পড়েছে স্থানীয় বাংলাদেশি কমিউনিটি।

এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন কমিউনিটির নেতৃবৃন্দ, আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষীরা। সামাজিক যোগাযোগমাধ্যমেও ফারহানের মৃত্যুতে শোকবার্তা জানাচ্ছেন অনেকে।

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন

কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্ককিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেজন্যেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসেহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এ্যান্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
গ্রাজুন সার্বস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

যুক্তরাষ্ট্রে রেড ফ্ল্যাগ সতর্কতার আওতায় ২৫ মিলিয়ন মানুষ

রোকেয়া দীপা

যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঞ্চলে দাবানলের আশঙ্কা বেড়ে যাওয়ায় ২৫ মিলিয়নের বেশি মানুষ রেড ফ্ল্যাগ সতর্কতার আওতায় রয়েছেন। উষ্ণ, শুষ্ক এবং ঝড়ো বাতাসের কারণে দাবানলের ঝুঁকি আরও বৃদ্ধি পেয়েছে। দক্ষিণ-পূর্বাঞ্চলের কিছু অংশ যেমন উত্তর ক্যারোলাইনা, দক্ষিণ ক্যারোলাইনা, এবং জর্জিয়া এই ঝুঁকির মধ্যে রয়েছে। তবে সবচেয়ে বেশি বিপদের আশঙ্কা কেন্দ্রীয় মার্কিন যুক্তরাষ্ট্রের বিস্তৃত অঞ্চলে।

ফ্লোরিডার দক্ষিণ-পূর্বাঞ্চলীয় মিয়ামি-ডেড কাউন্টিতে ছড়িয়ে পড়া একটি দাবানল শনিবার সকাল পর্যন্ত ৫০ শতাংশ নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে বলে স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন। মিয়ামি-ডেড কাউন্টির মেয়র ড্যানিয়েলা লেভিন কারা এক বিবৃতিতে জানান, দমকল বাহিনী সার্বক্ষণিক কাজ করছে দাবানল নিয়ন্ত্রণে আনতে। বর্তমানে ফ্লোরিডা কিসের যাতায়াতে কোনো রাস্তা বন্ধ হয়নি। তবে পরিস্থিতির পরিবর্তন হতে পারে বলে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

এদিকে নিউ মেক্সিকো ও পশ্চিম টেক্সাসে আগুন ছড়িয়ে পড়ার ঝুঁকি সবচেয়ে বেশি বলে মনে করা হচ্ছে। সেখানে ঘণ্টায় ১৫-২৫ মাইল বেগে বাতাস বইছে। সঙ্গে রয়েছে আরও দ্রুত গতি সম্পন্ন দমকা হাওয়া। উষ্ণ আবহাওয়া এবং কম আর্দ্রতার কারণে পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে উঠেছে।

দমকল বাহিনী এবং স্থানীয় প্রশাসন সবাইকে সতর্ক থাকতে বলেছে এবং বাতাসের গতিবেগ ও আবহাওয়ার পরিবর্তনের দিকে খেয়াল রাখার পরামর্শ দিয়েছে। রেড ফ্ল্যাগ সতর্কতা কার্যকর থাকায় জনগণকে খোলা আগুন জ্বালানো থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে।

বাংলাদেশে সাম্প্রতিক অপরাধ বৃদ্ধির প্রতিবাদে জাপা যুক্তরাষ্ট্র শাখার সভা

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের বর্তমান অপরাধ প্রবণতা বৃদ্ধি ও জনমনে আতংকের প্রতিবাদে সভা করেছে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা।

গত শনিবার (১৫ মার্চ) শনিবার বিকালে নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টের মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়।

সংগঠনের সভাপতি আব্দুর রহমান সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায় সভায় বক্তব্য দেন উপদেষ্টা জসীম চৌধুরী, সিনিয়র সহ-সভাপতি এডভোকেট হারিস উদ্দিন আহমেদ, সহ-সভাপতি শফিকুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক মো. আব্দুল করিম, কোষাধ্যক্ষ জিএম.ইলিয়াস।

সভায় বক্তারা বলেন, 'সাম্প্রতিক সময়ে ঢাকাসহ সারা দেশে পিটিয়ে হত্যা, খুন, অপরাধ, নারী- শিশু নির্যাতন, ধর্ষন, শ্লীলতাহানী, চুরি, ডাকাতি, ছিনতাই, চাদাবাজি, হামলা, দখল, চোরাচালানসহ সব ধরনের অপরাধমূলক ঘটনা বেড়েছে। এতে দেশব্যাপী সাধারণ মানুষ আতংকিত। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দায়ীত্বে ঘাটতির বিষয়টিও দৃশ্যমান। দায়িত্বশীলদের সঠিক জবাবদিহির আওতায় আনা, আইন না মেনে চলার চর্চা এবং আইনের যথাযথ প্রয়োগ না থাকা- এসব ঘটনার পেছনে অনেকাংশে দায়ী বলে মনে করেন অপরাধ বিশ্লেশকরা।'

জাতীয় পার্টির প্রাক্তন চেয়ারম্যান প্রয়াত হোসাইন মোহাম্মদ এরশাদ নারী ধর্ষণের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করেছিলেন। সেই সময় অপরাধ কমে গিয়েছিলো। তাই, বাংলার জনগন আজো এরশাদের কথা স্মরণ করেন।

সবশেষে দেশের উন্নতি প্রত্যাশায় দোয়া ও ইফতারির মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
IRS e-file PROVIDER
tax refund
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Save Yourself
This Tax Season
Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)
ENROLLED AGENT
Authorized e-file Provider
Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com
প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।
Tax Immigration Real Estate
Income Tax and Accounting Services For:
Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
Sales and Payroll Tax Business Licenses and Setup FBAR and FATCA Filing
Notary Public Immigration Form Fill-Up Services
Credit Repair, Real State and much more...
Member of
NYSSEA
naea
National Association of Enrolled Agents
184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার
আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই। এবং আমরা কোন ফি চার্জ করি না।
বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার জন্য আজই কল করুন
Mamun Ur Rashid
President
917-476-8914
PROHEALTH HOMECARE
PROHEALTH HOMECARE
375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117

নিউইয়র্কে বাংলাদেশের এসএসসি ১৯৮৪ ব্যাচের ইফতার আয়োজন

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কের কুইন্সের পানসি রেস্টুরেন্টে শনিবার (১৫ মার্চ) অনুষ্ঠিত হয়ে গেলো চুরাশিয়ানদের ইফতার আয়োজন। নিউইয়র্কে অবস্থানরত বাংলাদেশের এসএসসি ১৯৮৪ ব্যাচের শিক্ষার্থীদের আয়োজনে বিপুল সংখ্যক ব্যাচমেটসহ তাদের পরিবারের সদস্যরা এতে উপস্থিত ছিলেন।

নর্থ আমেরিকা চুরাশিয়ান গ্রুপের প্রতিষ্ঠাতা শামস চৌধুরী রুশোর আহ্বানে সাড়া দিয়ে বিকেল থেকেই চুরাশিয়ানরা হাজির হতে থাকেন। মুহূর্তের মধ্যে বিশাল মিলনমেলায় রূপ নেয়। অনেক বন্ধুকে একসাথে পেয়ে আনন্দমুখর পরিবেশ সৃষ্টি হয়। দোয়ার পর ঐতিহ্যবাহী ইফতার সামগ্রী দিয়ে সকলে ইফতার করেন।

মাগরিবের নামাজের পর অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে লজিস্টিক সাপোর্টের জন্য আবুল ফজল দিদারুল ইসলামের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।

আলোচনায় অংশ নেন নাদির খান, মির্জা শওকত, শেখ ইয়াসমিন, নাসরিন চৌধুরী, কানিজ তাহমিনা, রাব্বি সাঈদ, মাহের আব্দুল্লাহ, হাসান মাহমুদ, মাসুদ ভূইয়া, দিদারুল ইসলাম, শেখ শাহিদ, শাহনাজ কাদির, সাবিরা করিম, জান্নাতুল ফেরদৌস সুরমা, সোহানা আহমেদ, হুমায়ুন কবির, কামরুল হাসান, শাহ মুজিবুর রহমান।

আলোচনায় রমজানের সংযম ও আত্মশুদ্ধির শিক্ষাকে কাজে লাগিয়ে সহমর্মিতার মাধ্যমে পরিবার ও সমাজে সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। এছাড়া, আগামী ১৯ জুলাই কানাডায় অনুষ্ঠিতব্য নর্থ আমেরিকা চুরাশিয়ান বার্ষিক মিলনমেলায় অংশগ্রহণ ও রেজিস্ট্রেশনের বিষয়েও আলোচনা করা হয়।

ড. দিলারা চৌধুরী

তুলসী গ্যাবার্ডের বক্তব্য আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ

ঢাকা ডেস্ক

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে গণশক্তি সভার আয়োজনে 'ষড়যন্ত্রতত্ত্ব ও তুলসী গ্যাবার্ড' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. দিলারা চৌধুরী। ছবি: আজকের পত্রিকা

আজ মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে গণশক্তি সভার আয়োজনে 'ষড়যন্ত্রতত্ত্ব ও তুলসী গ্যাবার্ড' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. দিলারা চৌধুরী। ছবি: আজকের পত্রিকা

বাংলাদেশে 'ধর্মীয় সংখ্যালঘু নির্যাতন' এবং 'ইসলামি খিলাফত' প্রতিষ্ঠার চেষ্টা বিষয়ে ভারতীয় সংবাদমাধ্যমে দেওয়া যুক্তরাষ্ট্রের গোয়েন্দাপ্রধান তুলসী গ্যাবার্ডের বক্তব্য আন্তর্জাতিক ষড়যন্ত্রেরই অংশ বলে মন্তব্য করেছেন বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. দিলারা চৌধুরী। তিনি বলেন, 'তুলসী গ্যাবার্ড বলেছেন, বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতিত হচ্ছে, কিন্তু কোথায়, কাদের দ্বারা নির্যাতিত হচ্ছে, সে বিষয়ে কোনো প্রমাণ বা তথ্য তিনি দেননি। তাঁকে অবশ্যই এটি স্পষ্ট করতে হবে।'

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে গণশক্তি সভার আয়োজনে 'ষড়যন্ত্রতত্ত্ব ও তুলসী গ্যাবার্ড' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, বাংলাদেশ আন্তর্জাতিক ও দেশীয় ষড়যন্ত্রের শিকার এবং দেশের বর্তমান পরিস্থিতিতে কৌশলী সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

পরিশ্রমী লড়াকুদের সংগঠন

শেষ পৃষ্ঠার পর

করতে পারবেন। উভয় কোম্পানিতে কাজ করা ড্রাইভাররা আলাদাভাবে উভয়ের কাছ থেকে অর্থ পাবেন।

নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স (NYTWA) ড্রাইভারদের বিনামূল্যে সহায়তা প্রদান করছে। রবিবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত তাদের অফিসে উপস্থিত হয়ে দুটি ফটো আইডি সহ আবেদন করতে হবে। কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই।

সেটেলমেন্টের অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে, উবার ও লিফট- এর এর বর্তমান ড্রাইভারদের জন্য বেতনসহ 'সিক লিভ' চালু করা হয়েছে। প্রতি ৩০ ঘণ্টা কাজের জন্য ১ ঘণ্টার সিক লিভ মিলবে (সর্বোচ্চ বছরে ৫৬ ঘণ্টা)।

অসুস্থতা বা পরিবারের সদস্যের যত্নের জন্য ছুটিতে ১৮.০৩ ডলার প্রতি ঘণ্টা হারে বেতন দেওয়া হবে।

এতদসংক্রান্ত আবেদন অ্যাপের মাধ্যমে বা ইউনিয়ন অফিসে গিয়ে সম্পন্ন করা যাবে।

সেটেলম্যান্টের অর্থ দাবী করার জন্য যারা নিউইয়র্কের বাইরে আছেন, আমেরিকার বাইরে আছেন বা অন্য যেকোনো কারণে যদি ৩১ মার্চের মধ্যে দাবী পেশ না করতে পারেন, তবুও ট্যাক্সি এলায়েন্সের সাথে যোগাযোগ করার জন্য ভৈরবী দেশাই ক্যাব চালকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

সাক্ষাৎকারে ভৈরবী দেশাই জানালেন, নিউইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স (এনওয়াইটিডব্লিউএ) এবং ট্যাক্সি চালকদের দীর্ঘ সংগ্রামের পর আরেকটি বিজয় এসেছে। নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলায় ১৪০ মিলিয়ন ডলারের একটি সমঝোতা চুক্তি অর্জিত হয়েছে। সমঝোতায় পাওয়া এই অর্থ প্রদান হবে ২০০৩ থেকে ২০২০ সালের মধ্যে গ্রেপ্তারের পর লাইসেন্স বাতিল হওয়া ট্যাক্সি চালকদের।

২০০৬ সালে এনওয়াইটিডব্লিউএ এবং ট্যাক্সি চালকদের পক্ষে 'ননেবে বনাম ডস' মামলা দায়ের করা হয়, যা ২০০৩ সালের পর থেকে লাইসেন্স স্থগিতকরণের বিষয়টি কভার করে। ২০১৯ সালে ফেডারেল আপিল আদালত টিএলসি-র (ট্যাক্সি অ্যান্ড লিমুজিন কমিশন) পদ্ধতিকে অসাংবিধানিক ঘোষণা করে। ২০২০ সালে মামলাটি ক্লাস অ্যাকশন (গোষ্ঠীগত মামলা) হিসেবে স্বীকৃত হয়। ২০২৩ সালে ৮,৫০০ চালক ক্ষতিপূরণের শুনানির জন্য নিবন্ধন করেন। আদালত ১০টি টেস্ট জুরি ট্রায়ালের মাধ্যমে প্রতিটি চালকের পক্ষে রায় দেন।

২০২৫ সালে এসে নিউইয়র্ক সিটির ইতিহাসে সর্ববৃহৎ ১৪০ মিলিয়ন ডলার সমঝোতা চুক্তি সম্পন্ন হয়।

টিএলসি গ্রেপ্তারের পর চালকদের লাইসেন্স স্থগিত করলেও তাদের সঠিক আইনি প্রক্রিয়া (ডিউ প্রসেস) প্রদান করেনি। আদালত রায় দেয়, টিএলসি লাইসেন্স স্থগিত করতে পারলেও চালকদের একটি ন্যায্য শুনানির অধিকার থাকতে হবে।

২০০৩-২০২০ সালে প্রায় ২০,০০০ চালক লাইসেন্স হারান, কিন্তু কেউই শুনানির মাধ্যমে লাইসেন্স ফেরত পাননি। অন্যদিকে, ৯০ শতাংশ অপরাধমূলক মামলা বাতিল বা হালকা শাস্তিতে শেষ হয়েছিল, এবং ৮০ শতাংশ ঘটনা চালকদের ডিউটিবিহীন অবস্থায় ঘটে। ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারিত হবে স্থগিত হওয়ার দিনের সংখ্যা এবং শুনানিতে অংশগ্রহণের ভিত্তিতে। ৮,৫০০ চালক শুনানির জন্য নিবন্ধন করেছিলেন; তারা সর্বোচ্চ ক্ষতিপূরণ পাবেন। বাকি ১১,৫০০ চালক পাবেন তাদের তুলনায় ৩৫ শতাংশ। গত ১৫ মার্চ সমঝোতা চুক্তি চূড়ান্ত হলেও আদালতের চূড়ান্ত অনুমোদন এবং দাবি প্রক্রিয়া শুরু হওয়ার জন্য চালকদের আরও নির্দেশনার জন্য অপেক্ষা করতে হবে।

নিউইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স এলায়েন্সের অধিকাংশ সদস্যই ইমিগ্র্যান্ট। এরমধ্যে দক্ষীণ এশীয় সদস্যদের প্রাধান্য। কোনও একক দেশ হিসেবে বাংলাদেশের ক্যাবচালক নিউইয়র্কে সবচেয়ে বেশি। ভৈরবী দেশাই জানালেন, তাদের ইউনিয়নের প্রায় ২৫ ভাগ সদস্যই বাংলাদেশি।

এনওয়াইটিডব্লিউএ এক বিজ্ঞপ্তিতে সকল ট্যাক্সি চালককে সংগঠনটির সাথে সংযোগে থাকতে বলেছে। দাবি প্রক্রিয়া শুরু হলে সদস্যদের জানানো হবে। বিজ্ঞপ্তিতে ফোন:৭১৮-৭০৬-৯৮৯২, ইমেইল: Media@nytwa.org এবং অফিস ঠিকানায় (৩১-১০ ৩৭তম এভিনিউ, স্যুট ৩০০, এলআইসি, এনওয়াই ১১১০১) যোগাযোগ করে বিস্তারিত তথ্য জানা যাবে বলে জানানো হয়েছে।

প্রবাসীদের অর্থায়নে ইফতার ও ঈদ উপহার

মৌলভীবাজার

রাবেল আহমেদ

আর্ত মানবতার সেবায় ও সমাজ উন্নয়নে নিবেদিত ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত মৌলভীবাজার জেলা সদরের ঐতিহ্যবাহী একাটুনা ইউনিয়ন ডেভেলাপমেন্ট এন্ড ওয়েলফেয়ার ফাউন্ডেশনের পক্ষ থেকে প্রতি বছরের ন্যায় এবারও সেহরি, ইফতার খাদ্যসামগ্রী ও ঈদ উপহার নগদ অর্থ বিতরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

একাটুনা ইউনিয়নের কচুয়া আদর্শ গ্রামের আল- মনসুর হাউসে শুক্রবার (২১ মার্চ) দুপুরে জেলার ৫০০ পরিবারের মধ্যে ৭ লক্ষ টাকার সেহরি ও ইফতার খাদ্যসামগ্রী এবং নগদ অর্থ বিতরণ করা হয়।

ফাউন্ডেশনের উপদেষ্টা ছালিকুর রহমান টুকুর সভাপতিত্বে এবং যুবসংগঠক শামীম আহমেদ ও ট্রেজারার মোহাম্মদ মুজিব মনসুরের যৌথ পরিচালনায় অনুষ্ঠানে ইউকে থেকে টেলিকনফারেন্সে বক্তব্য দেন ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোহাম্মদ মকিস মনসুর।

পোগ্রামে প্রধান ও বিশেষ অতিথি উপস্থিত ছিলেন একাটুনা ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সৈয়দ রুমেন আলী, সাংবাদিক সরওয়ার আহমদ ও সরকার জবলু, মুরব্বি দুরুদ মিয়া, ফাউন্ডার্স ট্রাস্টি মোহাম্মদ মতব্বির মনসুর, ইউকে প্রবাসী শামীম তরফদার, আমারিকা প্রবাসী শাহ গিয়াস আহমদ, কচুয়া আল- মনসুর ওয়েলফেয়ার ট্রাস্ট্রে সভাপতি আাসাব মিয়া ও সহ সভাপতি ফারুক আহমদ।

পোগ্রামে দোয়া পরিচালনা করেন কচুয়া জামে মসজিদের ঈমাম ও খতীব মাওলানা সাদিক আহমদ।

ফাউন্ডেশনের সেক্রেটারি সেলিম রেজা তরফদার, সাংবাদিক গিয়াস আহমদ, ইউনিয়ন পরিষদের ওয়ার্ড মেম্বার শাহাদ আহমদ, মুজিবুর রহমান, নানু মিয়া, আব্দুল আলিম, তাজুল চৌধুরী, জামান আহমদ, মহসিন চৌধুরী, পারভেজ আহমদ, আব্দুর রহমান পারভেজ, জিকে জসিম, হোসাইন আহমদ, সুমন আহমদ ও মুজিব মিয়া বক্তব্য দেন অনুষ্ঠানে।

অনুষ্ঠানে মোহাম্মদ মকিস মনসুর বলেন, 'একাটুনা ইউনিয়নবাসীর প্রাণের সংগঠন একাটুনা ইউনিয়ন ডেভেলাপমেন্ট এন্ড ওয়েলফেয়ার ফাউন্ডেশন অব মৌলভীবাজার ১৯৯৫ সাল থেকে দীর্ঘ ৩০ বছর ধরে প্রবাসীদের অর্থায়নে বিভিন্ন প্রজেক্টের মাধ্যমে শুধু একাটুনা ইউনিয়নে নয় মৌলভীবাজার জেলাব্যাপী ঘর নির্মাণ, টিউওয়েল প্রদান, অসহায় পরিবারের ছেলে-মেয়েদের লেখাপড়া, বিয়েতে সাহায্য করা, অসুস্থ রুগীদের চিকিৎসা বাবদ সহযোগিতা করা, বন্যাদুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ, ফ্রি মেডিক্যাল ক্যাম্প সেবা ও ইউনিয়ন ভিত্তিক প্রতিভা মেধা প্রকল্পের মাধ্যমে মেধা যাচাই পরীক্ষার আয়োজন।

, প্রতিভা যুব সংঘের মাধ্যমে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় ও মসজিদ মাদ্রাসায় নিয়মিত অর্থ প্রদান, করোনা ভাইরাসের নিহতদের দাফন-কাফনের কাজে যে সব সংগঠন কাজ করছে, তাদেরকে ইতিমধ্যে অনুদান প্রদানসহ আর্ত মানবতার সেবায় সমাজ উন্নয়নে নিষ্টা ও নিরলসভাবে কাজ করে চলছে।'

যাদের অনুদানে রামাদান প্রজেক্ট ২০২৫ সফল হয়েছে, সেইসব দানশীল ব্যক্তিরা ফাউন্ডার্স ট্রাস্টি নুরুল ইসলাম মাহবুব, কচুয়া আল- মনসুর ওয়েলফেয়ার ট্রাস্টে পক্ষে মকিস মনসর এন্ড ব্রাদার্স, ফাউন্ডার্স ট্রাস্টি আব্দুল লতিফ কয়সর, লুবান মিয়া, ফাউন্ডার্স ট্রাস্টি শেখ আব্দুর রুউফ এন্ড ইব্রাহিম তালুকদার, এবি রুনেল, মোহাম্মদ বশির খান, মোহাম্মদ জয়নাল আহমেদ, মোহাম্মদ মৌলা আফতাব, ফাউন্ডার্স ট্রাস্টি ময়নুল হক চৌধুরী, ফয়সল মুরাদ সাজ্জাদ, আব্দুর রকির, ফাউন্ডার্স ট্রাস্টি বাপু মিয়া, মোহাম্মদ আলকাস মিয়া, আনকার মিয়া, ফাউন্ডার্স ট্রাস্টি মরহুম গোলাম আবু সালেহ সুয়েব এন্ড পরিবার, কবি কাজল রশিদ, আব্দুল মোছাব্বির, শামীম আহমেদ কুরুরী, সাজ্জাদুর রহমান, সুয়েবুর রহমান ইমন, কেএম আবু তাহের চৌধুরী, হেলেন ইসলাম, আব্দুল হান্নান, শামসুল ইসলাম, মাহমুদ মিয়া, তজমুল হোসেইন, আব্দুল আজিজ মউজ, শামসুল ইসলাম, জাহানারা বেগম, লিলি বেগম,

মেয়র প্রার্থী মামদানির

শেষ পৃষ্ঠার পর

প্রাথমিক নির্বাচনী প্রচারে $৭৯ মিলিয়ন খরচ করতে পারবেন।

মামদানি বলেন, আমি ইতিমধ্যেই $৮ মিলিয়নের বেশি তহবিল সংগ্রহ করেছি। যার মধ্যে পাবলিক ম্যাচিং ফান্ডও রয়েছে। এই অর্থ আমি প্রায় ১৮ হাজার দাতার কাছ থেকে সংগ্রহ করেছি। যা এই বছরের অন্যান্য মেয়র প্রার্থীদের তুলনায় অনেক বেশি। মামদানি তাঁর ফান্ড রেইজিং স্থগিত করার ঘোষণা দিয়ে বলেন, এখন থেকে তিনি তাঁর প্রচারণার বাকি সময় মেয়র নির্বাচনে অংশগ্রহণকারী অন্যান্য প্রার্থীর সাথে তুলনা করে জনগণের কাছে তাঁর নীতিগত অবস্থান তুলে ধরবেন।

তিনি বলেন, "আমরা নিউইয়র্কের কাজ করা মানুষদের দ্বারা অনুপ্রাণিত, যারা দুর্নীতিগ্রস্ত রাজনীতিবিদদের বিরুদ্ধে লড়াই করছেন, যারা তাদের নিরাপত্তা এবং আর্থিক স্বার্থ নিয়ে চিন্তা করেন না।"

মামদানি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে উঠেছেন এবং বামপন্থী নীতির পক্ষে কথা বলে যাচ্ছেন। তাঁর লক্ষ্য এখন ভোটারদের মধ্যে সচেতনতা বাড়ানো এবং বৃহত্তম স্বেচ্ছাসেবক কর্মসূচি চালু করা।

গণনা অনুযায়ী, মামদানি গত দুই মাসে প্রায় $৮ লাখ ৪৯ হাজার তহবিল সংগ্রহ করেছেন, যা ১৩ হাজার দাতার কাছ থেকে এসেছে। অপরদিকে, প্রাক্তন গভর্নর অ্যান্ড্রু কুমো, যিনি মেয়র নির্বাচনে সবচেয়ে এগিয়ে আছেন, একই সময়ে $১.৫ মিলিয়ন তহবিল সংগ্রহ করেছেন।

মামদানি মূলত সাশ্রয়ী মূল্যের নীতি নিয়ে নির্বাচনে অংশ নিচ্ছেন। তাঁর অন্যতম প্রধান প্রস্তাব হলো, নিউইয়র্ক সিটির সকল স্টেবিলাইজড ভাড়াটিয়াদের জন্য ভাড়া স্থগিত করা, যা অন্তত চার বছর পর্যন্ত কার্যকর থাকবে। এছাড়া, কুমোর বিরুদ্ধে দুর্নীতি এবং যৌন নিপীড়নের অভিযোগ থাকার পরেও তিনি নির্বাচনী দৌড়ে প্রথম স্থানে রয়েছেন। মামদানি এবং কুমো দুইজনেই ডেমোক্র্যাটিক দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

নোয়াখালী এসোসিয়েশন অব নিউ জার্সির ইফতার মাহফিল

সুব্রত চৌধুরী

আটলান্টিক সিটিতে নোয়াখালী এসোসিয়েশন অব নিউ জার্সির উদ্যোগে বিশাল ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ২৬ মার্চ (বুধবার) আটলান্টিক সিটিতে বাংলাদেশি আমেরিকানদের দ্বারা পরিচালিত আটলান্টিক এভিনিউতে অবস্থিত মসজিদ আল হেরায় এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার মাহফিলে মুসলিম উম্মাহর সুখ- শান্তি ও সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত করেন মসজিদ আল হেরার খতিব মুহাদ্দিস আজিম উদ্দিন।

সাউথ জার্সিতে বসবাসরত প্রবাসী নোয়াখালীবাসীসহ কমিউনিটির বিভিন্ন শ্রেণীপেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ এই ইফতার মাহফিলে যোগ দেন। এই ইফতার মাহফিলে বিপুল সংখ্যক মহিলাও অংশগ্রহন করেন।

নোয়াখালী এসোসিয়েশন অব নিউজার্সির সভাপতি সিরাজুল হক বাংলাদেশ কমিউনিটির সর্বস্তরের লোকজনকে সপরিবারে ইফতার মাহফিলে যোগদান করে তা সফল করায় ধন্যবাদ জানিয়েছেন।

বাংলা সিডিপ্যাপ

শেষ পৃষ্ঠার পর

কমিউনিটির জন্য অনেক বড় অর্জন। তিনি বলেন, আজকে এই আর্ন্ত:ধর্মীয় এই ইফতার আয়োজনের মধ্য দিয়ে নিউইয়র্কে বসবাসরত বিভিন্ন ধর্ম ও জাতি গোষ্ঠী আমাদের শক্তি ও একাত্মতা দেখেছে। একই সাথে তাদের সাথে যে বাংলাদেশিদের মেলবন্ধন তাও প্রকাশ্যে এসেছে। বৈরী আবহাওয়াকে উপেক্ষা করে ইফতার আয়োজনে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতির জন্য তিনি আগতদের ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে নিউইয়র্ক সিটি কাউন্সিলের ২৫ ডিস্ট্রিক্ট এর কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান বলেন, এই ইনক্লুসিভ ইফতার আসলে জ্যাকসন হাইটস ও এলমার্স্টে বসবাসরত বিভিন্ন জাতিগোষ্ঠীর মধ্যে যে বন্ধন, পারস্পরিক শ্রদ্ধাবোধ সেটির প্রতিফলন ঘটায়। এটি বিশ্বের মধ্যে অন্যতম এলাকা যেখানে এক সাথে বহু জাতিগোষ্ঠী ও সত্তা বছরের পর বছর বসবাস করছে বলেও জানান তিনি।

ইফতার অনুষ্ঠানে মুসলীম ধর্মাবলম্বীকে পবিত্র রমজানে জন্য শুভকামনা জানান নিউইয়র্ক স্টেট এর জনপ্রিয় অ্যাসেম্বলি ওমেন জেসিকা গঞ্জালেস রোজাস।

নিউইয়র্কে চতুর্থ রেমিট্যান্স ফেয়ার

শেষ পৃষ্ঠার পর

ইউএসএ-বাংলা বিজনিস লিংকের যৌথ উদ্যোগে এই মেলা অনুষ্ঠিত হচ্ছে। সহযোগী সংগঠন হিসেবে থাকছে বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই)।

এবারের রেমিট্যান্স ফেয়ারের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে— "বৈধ রেমিট্যান্স, উন্নত বাংলাদেশ।" মেলায় সরকারি-বেসরকারি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ব্যাংক, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস কোম্পানি, মানি ট্রান্সফার অপারেটর ও রেমিট্যান্স চ্যানেল পার্টনাররা অংশ নেবেন। তারা তাদের পণ্য ও সেবা তুলে ধরবেন, পাশাপাশি রেমিট্যান্স খাতের উন্নয়নের জন্য সেমিনার, সিম্পোজিয়াম, প্রশ্নোত্তর পর্ব এবং নেটওয়ার্কিং ডিনারের আয়োজন করা হবে। মেলার অংশ হিসেবে একটি বিশেষ প্রকাশনা প্রকাশ করা হবে, যেখানে খ্যাতনামা অর্থনীতিবিদ, ব্যাংকার এবং বিশেষজ্ঞরা রেমিট্যান্স ও অফশোর ব্যাংকিং নিয়ে বিশ্লেষণধর্মী লেখা প্রকাশ করবেন।

মেলায় অংশগ্রহণকারী বিশেষ অতিথিদের মধ্যে থাকবেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান, বাংলাদেশ ব্যাংকের পরিচালক মনোয়ার উদ্দীন আহমেদ, এফবিসিসিআই-এর প্রশাসক মো. হাফিজুর রহমান, সোনালী ব্যাংকের চেয়ারম্যান মোহাম্মদ মুসলিম চৌধুরী, অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান সৈয়দ আবু নাসের বখতিয়ার আহমেদ, ন্যাশনাল ব্যাংকের চেয়ারম্যান আব্দুল আউয়াল মিন্টু, ইসলামী ব্যাংকের চেয়ারম্যান ওবায়েদ উল্লাহ আল মাসুদসহ বাংলাদেশ এবং আমেরিকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তারা।

এবারের মেলায় প্রবাসী বাংলাদেশিদের জন্য ব্যাংক একাউন্ট খোলার সুযোগ রাখা হয়েছে। একই সঙ্গে নিউ ইয়র্ক ফিনান্সিয়াল সার্ভিস ডিপার্টমেন্ট এবং শীর্ষস্থানীয় মানি এক্সচেঞ্জ কোম্পানিগুলোর প্রতিনিধিরা উপস্থিত থাকবেন, যারা রেমিট্যান্স পাঠানোর আধুনিক সুযোগ-সুবিধা এবং উদ্ভাবনসমূহ তুলে ধরবেন।

এ বছরও রেমিট্যান্স প্রেরণকারী এবং সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি দেওয়া হবে। পুরস্কারপ্রাপ্তদের মধ্যে থাকবেন সেরা ১০ বাংলাদেশি-আমেরিকান রেমিট্যান্স প্রেরক, বাংলাদেশের শীর্ষ তিন রেমিট্যান্স গ্রহণকারী ব্যাংক এবং শীর্ষ তিন মানি এক্সচেঞ্জ কোম্পানি বা রেমিট্যান্স চ্যানেল পার্টনার।

মেলার মিডিয়া পার্টনার হিসেবে যুক্ত হয়েছে দৈনিক বণিক বার্তা, অর্থনীতি বিষয়ক ইংরেজি দৈনিক দ্য বিজনেস স্ট্যান্ডার্ড, সাপ্তাহিক ঠিকানা, একান্তর টিভি ও নিউ ইয়র্ক ভিত্তিক টেলিভিশন চ্যানেল টিবিএন২৪। প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে মেলা, যেখানে দর্শনার্থীরা বিনামূল্যে প্রবেশ করতে পারবেন।

এ আয়োজনের মাধ্যমে বৈধ রেমিট্যান্স ব্যবস্থার প্রচার ও প্রসার ঘটবে বলে আয়োজকরা আশাবাদী। প্রবাসী বাংলাদেশিদের অংশগ্রহণে এবারের রেমিট্যান্স ফেয়ার আরও প্রাণবন্ত হয়ে উঠবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

আটলান্টিক সিটিতে বিএএসজের আন্তঃধর্মীয় ইফতার মাহফিল

সুব্রত চৌধুরী

যুক্তরাষ্ট্রের নিউ জার্সি স্টেটের আটলান্টিক সিটিতে বাংলাদেশের প্রবাসীদের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে একটি আন্তঃধর্মীয় ইফতার মাহফিল। গত রবিবার (২৩ মার্চ) ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটিতে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির (বিএএসজ) উদ্যোগে এই মাহফিল আয়োজন করা হয়। যা সম্প্রীতির এক অনন্য নিদর্শন হয়ে উঠেছে।

ইফতার মাহফিলের শুরুতে দোয়া ও মোনাজাত করেন ইসলামিক সেন্টারের হাফেজ মওলানা রুহুল আমিন খান। মাহফিলে উপস্থিত সকলকে স্বাগত জানান বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল। অনুষ্ঠানে বক্তৃতা করেন নিউ জার্সি রাজ্যের এসেম্বলিম্যান ডন গার্ডিয়ান, সাবেক নিউ জার্সি স্টেট সিনেট প্রেসিডেন্ট স্টিভ সুইনি, সিটি কাউন্সিল সহসভাপতি কলিম শাহবাজ, আটলান্টিক কাউন্টির ডেমোক্রেটিক দলের চেয়ারম্যান মাইক সুলেমান, স্টিল পিয়ার এর প্রেসিডেন্ট অ্যান্থনি কাটানোসো, ইমাম শেখ তৌফিক আজিজ এবং অন্যান্য বিশিষ্ট নেতারা।

বিএএসজের সাংগঠনিক সম্পাদক শাহরিয়ার আহমেদের সঞ্চালনায় এই অনুষ্ঠানে সাউথ জার্সিতে বসবাসরত বাংলাদেশি কমিউনিটির সদস্যসহ বিভিন্ন ধর্মাবলম্বীদের বিপুল উপস্থিতি লক্ষ্য করা গেছে। এই ইফতার মাহফিল শুধুমাত্র একটি ধর্মীয় অনুষ্ঠানে পরিণত হয়নি, বরং এটি বিভিন্ন ধর্মের মধ্যে সহনশীলতা ও একতা প্রতিষ্ঠার এক সুবর্ণ উদাহরণ হয়ে উঠেছে।

মাহফিলে বিশেষভাবে উল্লেখযোগ্য ছিল মহিলাদের অংশগ্রহণ। অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকল অতিথি ও সাধারণ মানুষকে ধন্যবাদ জানিয়ে বিএএসজের সভাপতি মো. জহিরুল ইসলাম বাবুল এবং সাধারণ সম্পাদক মো. জাকিরুল ইসলাম খোকা বলেন, এ ধরনের আয়োজনের মাধ্যমে আমাদের মধ্যে বন্ধুত্ব ও সম্প্রীতির বন্ধন আরো দৃঢ় হবে।

অনুষ্ঠানের শেষে এক মনোজ্ঞ নৈশভোজের মাধ্যমে ইফতার মাহফিলের সমাপ্তি ঘটে।

ছেলের সঙ্গে পাবজি না খেলায় দুজনকে গুলি করে মারল বাবা

উত্তর আমেরিকা ডেস্ক

ছেলের সঙ্গে পাবজি গেম খেলতে না চাওয়ায় ইফতারের আগ মুহূর্তে দুই যুবককে গুলি করে হত্যা করেছেন এক বাবা। ঘটনাটি ঘটেছে মধ্যপ্রাচ্যের দেশ ইয়েমেনের হাদরামাউত গভর্নরেটের ওয়াদি আমদ জেলায়।

ইয়েমেনের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বরাত দিয়ে সংযুক্ত আরব আমিরাতভিত্তিক সংবাদমাধ্যম গালফ নিউজ জানায়, নিহতদের বয়স ২০ ও ১৮। অভিযুক্তের বাড়ির কাছের একটি ক্যাফেতে তাঁদের গুলি করে হত্যা করা হয়।

কর্তৃপক্ষ জানায়, পাবজি গেম খেলা নিয়ে দুই যুবকের সঙ্গে বাগবিতণ্ডা হয় অভিযুক্তের ছেলে। পরে ৫৫ বছর বয়সী ওই অভিযুক্তের কাছে এ নিয়ে নালিশ করলে তিনি এসে ওই যুবকদের ওপর গুলি চালান।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
পারসনাল ট্যাক্স
বিজনেস ট্যাক্স
সেলস ট্যাক্স
বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
ফ্যামিলি পিটিশন
সিটিজেনশীপ আবেদন
গ্রীণকার্ড নবায়ন
সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
-Emirates -Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More
(646) 685-3765, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

সুখবর! সুখবর!!
আমেরিকান সিটিজেনদের জন্য
সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল
ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড
দারীদের জন্য উমরাহ ভিসা পেতে
আজই যোগাযোগ করুন ।
571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

ভিজিট (B1B2), ষ্টুডেন্ট (F1), ট্রানজিট (C1) বা অন্য যে-কোন ভিসায়
কিংম্বা বর্ডার (EWI) দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি
নিউ ইয়র্কে সম্পূর্ণ বিনাখরচে (ভিজিটরসহ অন্য যে-কোন আনডকুমেন্টেডদের) চিকিৎসা সুবিধে পেতে মেডিকেল ইন্সুরেন্স
E2 EB3
L1A EB5
SIJS VAWA
POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে।
আমরা গ্রীনকার্ড এবং সিটিজেনশীপ এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতার পরও ২ বছরের 'কন্ডিশনাল গ্রীনকার্ড' থেকে 'কন্ডিশন' রিমোভ করে গ্রীনকার্ড পেতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে- নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিষ্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
Old Club Man Corporation
www.oldclubman.com
(212) 814-4068
16222 87th Road, JAMAICA, NY 11432

উবার - লিফট ড্রাইভারদের জন্য!
৩২৮ মিলিয়ন ডলারের নিউইয়র্ক স্টেট আটর্নি জেনারেলের
সেটেলম্যান্ট ফান্ড (২০১৪ - ২০১৭)

** ৬০,০০০ ড্রাইভার ইতিমধ্যে তাদের অর্থ পেয়েছেন!

** আপনার টাকা দাবি করুন! **

যদি আপনি Uber-এ (২০১৪ সালের ১০ নভেম্বর থেকে ২০১৭ সালের ২২ মে পর্যন্ত যেকোনো সময়) অথবা Lyft-এ (২০১৫ সালের ১১ অক্টোবর থেকে ২০১৭ সালের ৩১ জুলাই পর্যন্ত যেকোনো সময়) কাজ করে থাকেন, তাহলে ৩১ মার্চের মধ্যে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের $৩২৮ মিলিয়ন ডলার Uber/Lyft সমঝোতা তহবিল থেকে আপনার দাবি (ক্লেইম) জমা দিন!

Uber এবং Lyft যাত্রীদের পরিবর্তে ড্রাইভারদের বেতন থেকে অবৈধভাবে BCF সারচার্জ এবং বিক্রয় কর কেটে নিত।

৬০,০০০ এর বেশি ড্রাইভার ইতিমধ্যে তাদের অর্থ পেয়েছেন, কিন্তু ৩০,০০০ ড্রাইভারকে এখনও তাদের দাবি জমা দিতে হবে।

নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল অফিস ৩১ মার্চের মধ্যে শেষ দলটিকে আবেদন করতে সহায়তা করার জন্য NYTWA (নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স)-কে অনুরোধ করেছেন। NYTWA রবিবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত তাদের অফিস থেকে এ বিষয়ে ব্যক্তিগত সেবা দিচ্ছে।

আপনি যদি Uber বা Lyft-এ আর কাজ না করেন, অ্যাকাউন্ট বন্ধ হয়ে যায়, বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে চলে যান, তবুও দাবি করতে পারবেন। যদি কোনো ড্রাইভার মারা গিয়ে থাকেন, তাহলে পরিবারের সদস্যরা দাবি করতে পারবেন। যেসব ড্রাইভার উভয় কোম্পানির জন্য সমঝোতা সময়ে কাজ করেছেন, তারা উভয় কোম্পানি থেকে অর্থ পাবেন।

NYTWA-ই সেই অভিযোগটি দায়ের করেছিল, যার ফলে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের তদন্ত শুরু হয়। NYTWA সাড়ে আট বছর ধরে ৩টি মামলা লড়েছে।

কোনো ড্রাইভার পিছিয়ে থাকবেন না! ৩১ মার্চের মধ্যে দাবি করুন।

বিনামূল্যে এবং গোপনীয়ভাবে তা করা হচ্ছে।

নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স (NYTWA)

- **সময়:** সকাল ১১টা – সন্ধ্যা ৭টা
  রবিবার থেকে শুক্রবার
- **ঠিকানা:** ৩১-১০ ৩৭তম এভিনিউ,
  এলএলসি, নিউ ইয়র্ক ১১১০১
- **ফোন:** ৭১৮-৭০৬-৯৮৯২
- **আবশ্যক:** দুইটি ফটো
  আইডি নিয়ে আসুন।

*** স্প্যানিশ, ম্যান্ডারিন, বাংলা, রুশ, ফরাসি, নেপালি, উর্দু/পাঞ্জাবি, আরবি, এবং অন্যান্য ভাষায় সেবা ও সহযোগিতা দেয়া হচ্ছে।

*** নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল অফিস NYTWA-কে এখনও দাবি জমা না দেওয়া ড্রাইভারদের সাথে যোগাযোগ করতে নিয়োগ দিয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ব্যক্তিগত গোপনীয়তা সুরক্ষা আইন অনুযায়ী, NYTWA-কে প্রদত্ত আপনার নাম বা ঠিকানার মতো ব্যক্তিগত তথ্য শুধুমাত্র পেমেন্ট প্রক্রিয়াকরণের জন্য ব্যবহার করা হবে। NYTWA-র কেউই আপনার ব্যাংকিং তথ্য চাইবে না। NYTWA অ্যাটর্নি জেনারেল অফিসের নির্দেশনা অনুযায়ী Rust Consulting-এর মাধ্যমে পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত আপনার তথ্য একটি নিরাপদ ডেটাবেসে সংরক্ষণ করবে। ডেটা সুরক্ষা বা গোপনীয়তা নিয়ে কোনো প্রশ্ন থাকলে অ্যাটর্নি জেনারেল অফিসে যোগাযোগ করুন।

বিঃদ্রঃ: সমস্ত তথ্য অফিসিয়াল নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের নির্দেশনামা অনুযায়ী প্রস্তুত। আরও তথ্যের জন্য সরাসরি NYTWA বা অ্যাটর্নি জেনারেল অফিসে যোগাযোগ করুন।

সেই দিন কালরাত ২৫ মার্চের গণহত্যা

গাজী তারেক আজিজ

একটি বাংলাদেশ। অর্জনের পিছনে রয়েছে এক রক্তক্ষয়ী সংগ্রামের পটভূমি। দীর্ঘ লড়াইয়ের ফলে বহুল কাঙ্খিত এক অর্জন। যার আছে একটি ভূখণ্ড, একটি পতাকা, একটি মানচিত্র, একটি জাতীয় সঙ্গীত। প্রাণ বিসর্জন দিতে হয়েছে ৩০ লক্ষ মানুষের। সম্ভ্রমহানি ঘটেছে ২ লক্ষ মা-বোনের। যার নেতৃত্বে অবিচল আস্থায় মানুষ সশস্ত্র লড়াইয়ে ঝাঁপিয়ে পড়েছিল এই দেশের মুক্তিকামী জনতা, তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সেই বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্মলগ্নে জড়িয়ে রয়েছে তৎকালীন পাকিস্তান নামক একটি বর্বর রাষ্ট্র কর্তৃক নারকীয় ধ্বংসযজ্ঞের রক্তাক্ত এক উপাখ্যান।

তৎকালীন পাকিস্তানের আগ্রাসী হওয়ার একটি নজিরবিহীন ঘটনার কাল ছিল সেই দিন। ১৯৭১ সালে নিরস্ত্র বাঙালীর ওপর নির্বিচার হত্যাযজ্ঞের দিন এই কালরাত। সংঘটিত হয়েছিল ২৫ মার্চ দিবাগত রাতে। যার সাংকেতিক বা ছদ্মনাম দেয়া হয়েছিল 'অপারেশন সার্চলাইট'। তৎকালীন পূর্ব পাকিস্তান তথা বর্তমান বাংলাদেশের মানুষের কাছে এই দিনটি ঘৃণ্য, বর্বরোচিত, পৈশাচিক উন্মত্ততায় ভরা, নারকীয় তাণ্ডবলীলার উল্লম্ফ মঞ্চায়নের দিন। আজও মানুষ ভয়ে কুঁকড়ে ওঠে সেই সেদিনের কথা মনে করে। বাংলাদেশ দিনটিকে পালন করে আসছে 'গণহত্যা দিবস' হিসেবে। ইতিহাসের পাতায় দিনটি ঠাঁই পেয়েছে 'ভয়াল কালরাত' হিসেবে।

সেই রাতে হামলার উদ্দেশ্য ছিল স্বাধিকার আন্দোলন দমিয়ে রাখা। স্বাধীনতার দাবিকে স্তিমিত করে দেয়ার পরিপূর্ণ নীলনকশার বাস্তবায়ন। যা ছিল নিন্দনীয়, ন্যাক্কারজনক, নজিরবিহীন! বিশ্বের ইতিহাসে বিরল রক্তক্ষরণের ইতিহাস। একটি উদ্ভট রাষ্ট্রতত্ত্ব থেকে দুই মেরুর দুই ভূখণ্ড দিয়ে গড়ে তোলা হয়েছিল একই শাসন ক্ষমতায় পরিচালিত একটি দেশ! অবাস্তব, অবৈজ্ঞানি, কাল্পনিক আর হঠকারী চালের কারণে অভ্যুদয় থেকেই বঞ্চিত, নিগৃহীত, নিষ্পেষিত হয়ে আসতে থাকা একটি দেশের জনগণের। যাদের ভাষাগত, সংস্কৃতিগত, ঐতিহ্যগত, চিন্তাগত, ভৌগোলিক দৃষ্টিভঙ্গিসহ প্রাত্যহিক কত-শত অমিল নিয়ে গঠিত হওয়া কাল্পনিক কাঠামোর বাস্তব রূপ দানকারী একটি দেশের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হয়েই একের পর এক একপেশে মনোভাবের প্রতিফলন ঘটাতে শুরু করে আধিপত্য বিস্তারে দমন-পীড়ন। যা বাংলাদেশের মানুষজন কখনোই মেনে নেয় নি। ফলে ৪৭ সালে উদ্ভট তত্ত্বের দেশভাগ। বাংলাদেশ নামক একটি রাষ্ট্রের অভ্যুদয়ের সূতিকাগার মূলতঃ ৫২ সালের মাতৃভাষা আন্দোলন। যখন বাংলা নয় উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। এমন ঘোষণায় বিক্ষোভে ফেটে পড়ে। আন্দোলন আর রক্ত ঝরিয়ে সে দাবি বাস্তবায়নে বাধা হয়ে দাঁড়িয়ে পিছু হটিয়ে দিয়েছিল উর্দুভাষী শাসকের রক্তচক্ষু উপেক্ষা করে যাবার দিন!

তারপরও পাকিস্তানের শাসক গোষ্ঠী বাংলাদেশকে শাসনের নামে শোষণ করেই যাচ্ছিল। তারই ধারাবাহিকতায় ৬৯'-এর গণঅভ্যুত্থানে আইয়ুব খান পদত্যাগে বাধ্য হয়। ৭০'-এর নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পরও রাষ্ট্র ক্ষমতায় আসীন হতে না দেয়া। ধারাবাহিকতায় তীব্রতর হতে থাকে পাকিস্তান বিরোধী আন্দোলন। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের দাবি তখন জোরালো হয়ে ওঠে। এরই প্রেক্ষিতে নিরস্ত্র বাঙালীদের ওপর পেশিশক্তির নির্মম প্রদর্শনে ঝাঁপিয়ে পড়ে পাকিস্তানি হানাদার আর তাদের এদেশীয় মিত্র রাজাকার, আলবদর, আল শামস নিয়ে গঠিত দোসররা। যার একচেটিয়া নিয়ন্ত্রণে থাকে জামায়াতে ইসলামী নামক দলটির নেতৃবৃন্দ। স্বাধীনতার ৫৪ বছর পরও যুদ্ধাপরাধী দল হিসেবে স্বীকৃতি পাওয়া দলটি ১৯৭১ সালে তাদের কৃতকর্মের জন্য অনুশোচনা কিংবা দায় স্বীকার করে ক্ষমা পর্যন্ত চায়নি। উপরন্তু তারা দম্ভ করে বলে বেড়িয়েছে, দেশে কোন মুক্তিযুদ্ধ হয়নি, হয়েছে গৃহযুদ্ধ! এই আস্ফালনও জাতিকে চেয়ে দেখতে হয়েছে। তারচেয়েও তামাশার বিষয় হচ্ছে, স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা করেও স্বাধীন বাংলাদেশের বুকে জাতীয় পতাকা লাগানো গাড়িতে ঘুরে বেড়িয়েছে। এর চেয়ে হুমকির আর কী হতে পারে?

১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাতে ব্যাপক গণহত্যা চালিয়ে বাঙালি জাতিকে নিশ্চিহ্ন করার জন্য পাকিস্তানের সামরিক বাহিনী যে সশস্ত্র অভিযান পরিচালনা করে, তারই নাম অপারেশন সার্চলাইট। এই অভিযানের নির্দেশনামা তৈরি করে পাকিস্তানের দুই সামরিক কর্মকর্তা মেজর জেনারেল খাদিম হোসেন রাজা ও মেজর জেনারেল রাও ফরমান আলী। এই নির্দেশনামার কোনো লিখিত নথি রাখা হয়নি। গণহত্যার সেই পুরো নির্দেশ মুখে মুখে ফরমেশন কমান্ডার বা সংশ্লিষ্ট ব্যক্তিদের জানানো হয়। অথচ এই গণহত্যার একক, একতরফা ও একচেটিয়া দায় তৎকালীন পাকিস্তানি সেনাবাহিনীর। কিন্তু এই হত্যাযজ্ঞ নিয়ে তাদের কোন ধরনের বিচারের মুখোমুখি হতে হয়নি! জাতিসংঘও ২৫ মার্চের তথা সারা ৭১ সাল জুড়ে সংঘটিত হত্যাকাণ্ডের জন্য কোনরূপ বিচারের উদ্যোগ নিয়ে আন্তর্জাতিক আদালতে অভিযোগ উত্থাপিত করা কিংবা বিচার কিংবা বিধিনিষেধ আরোপ করার কথা আজও শোনা যায়নি। তার মানে কি দাঁড়ায়? তৎকালীন আমেরিকা পাকিস্তানের শাসক গোষ্ঠীর পক্ষে থাকায় জাতিসংঘ নির্বিকার ছিল বলেও আমরা ধরে নিতে পারি!

১৯৭১ সালের একতরফা সেনাঅভিযান শুরু করে। সেই রাতের ঘটনাটি খোদ পাকিস্তানের সেনা অফিসার নিজের লেখা আত্মজৈবনিক বইয়ে বর্ণনা করেন, ২০১২ সালে, মেজর জেনারেল খাদিম হোসেন রাজা 'এ স্ট্রেঞ্জার ইন মাই ওন কান্ট্রি' নামে আত্মজীবনী প্রকাশ করেন। অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস প্রকাশিত সে আত্মজীবনীতে প্রথম বারের মতো অপারেশন সার্চলাইট সম্পর্কে কিছু তথ্য প্রকাশিত হয়। অপারেশন সার্চলাইট কীভাবে পরিকল্পিত হয়, ১৯৭১ সালের সেই স্মৃতিচারণ করে রাজা লিখেছেন, '১৭ মার্চ, সকাল প্রায় ১০টা বাজে। টিক্কা খান আমাকে ও মেজর জেনারেল ফরমানকে কমান্ড হাউসে গিয়ে তার সঙ্গে দেখা করতে খবর পাঠান। খবর পেয়ে আমরা দুইজন টিক্কা খানের সঙ্গে দেখা করি। গিয়ে দেখি, সেখানে জেনারেল আবদুল হামিদ খানও রয়েছেন। টিক্কা খান আমাদের বলেন, প্রেসিডেন্টের সঙ্গে শেখ মুজিবের সমঝোতা আলোচনা ইতিবাচক দিকে এগোচ্ছে না। প্রেসিডেন্ট চান আমরা যেন সামরিক অভিযানের প্রস্তুতি গ্রহণ করি এবং সে অনুযায়ী একটা পরিকল্পনা তৈরি করি। এ ছাড়া আর কোনো মৌখিক বা লিখিত নির্দেশনা আমরা পাইনি। আমাদের বলা হয়, পর দিন ১৮ মার্চ বিকেলে আমরা দুইজন যেন উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে আলাপ-আলোচনা করে ওই পরিকল্পনা চূড়ান্ত করি।'

পর দিন সকালেই খাদিম হোসেন রাজা তার কার্যালয়ে রাও ফরমান আলীকে নিয়ে বসেন। তারাই গণহত্যার এ অভিযানের নাম দেন অপারেশন সার্চলাইট। যদিও অপারেশনটিতে ঠিক কতজনকে হত্যা করা হয়েছে সেই কথা তিনি উল্লেখ করেননি। যাতে তার সম্পৃক্ততার কথা স্পষ্ট করলেও কোন দায় নেয়ার কথা তিনি স্বীকার করেননি। কিন্তু মার্কিন সাংবাদিক রবার্ট পেইন ২৫ মার্চ রাত সম্পর্কে লিখেছেন, 'সেই রাতে ৭ হাজার মানুষকে হত্যা করা হয়, গ্রেফতার করা হল আরও ৩ হাজার লোক। ঢাকায় ঘটনার শুরু মাত্র হয়েছিল। সমস্ত পূর্ব পাকিস্তানজুড়ে সৈন্যরা বাড়িয়ে চললো মৃতের সংখ্যা। জ্বালাতে শুরু করলো ঘর-বাড়ি, দোকান-পাট। লুট আর ধ্বংস যেন তাদের নেশায় পরিণত হল। রাস্তায় রাস্তায় পড়ে থাকা মৃতদেহগুলো কাক-শেয়ালের খাবারে পরিণত হল। সমস্ত বাংলাদেশ হয়ে উঠলো শকুন তাড়িত শ্মশান ভূমি।লাশগুলো হয়ে উঠলো শকুনের খাবার। এত এত লাশ দেখে শকুনও যেন বিলাসী হয়ে উঠেছিল। তারা যেনে বেছে বেছে খেতে চাইলো! আর তাই, নিজের লেখা কবিতার পঙক্তিতে বলতে পারি, 'ঝড় এসে থেমে গেলে, মানুষটা বনে যায় বিলাসী শকুন!' যদি এখানে রূপক অর্থে মানুষ বলা হয়েছে। আদতে শকুন এত এত খাদ্য তথা মনুষ্য দেহ একসাথে আগে দেখেনি। তাই লাশ পেয়ে অনেক লাশের শরীর তাদের টানেনি। আর এ জন্যেই শকুনও বিলাসী হয়ে উঠেছিল। সংখ্যার বিচারে একরাতেই ঢাকায় ১০ হাজারের অধিক নিরীহ বেসামরিক লোক হত্যার দৃষ্টান্ত বিশ্বের ইতিহাসে এতই বিরল যে, অবলীলায় এটিকে 'গণহত্যা' হিসেবে আখ্যায়িত করা হয়েছে। সারাদেশের সঠিক হিসেব পাওয়াটা ছিল একটু কঠিনই। তবে ক্ষমতার পালাবদল না ঘটিয়ে চালানো হয়েছিল নির্মম হত্যাযজ্ঞ। আর এতে করেই বাঙালীদের মন বিষিয়ে ওঠে।

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান অপারেশন সার্চ লাইট পরিকল্পনা বাস্তবায়নের সব পদক্ষেপ চূড়ান্ত করে গোপনে ঢাকা ত্যাগ করে করাচি চলে যায়। যা ছিল অত্যাচারী শাসকের শেষ অস্ত্র! বাঙালিরা সেদিন দুর্বৃত্ত সেই শাসকের ওপর আস্থা হারিয়েছিল। সেনা অভিযানের শুরুতেই হানাদার বাহিনী বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তার ধানমন্ডির বাসভবন থেকে গ্রেপ্তার করে। আর এতে করেই দাবানলের মতো মানবস্ফুলিঙ্গ ছড়িয়ে পড়ে দেশের আনাচে-কানাচে। গ্রেফতারের আগে ২৬ মার্চ (২৫ মার্চ মধ্যরাতে) বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং যে কোন মূল্যে শত্রুর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। বঙ্গবন্ধুর এই আহ্বানে সাড়া দিয়ে বীর বাঙালীরা পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং দীর্ঘ ৯ মাস সশস্ত্র লড়াই শেষে একাত্তরের ১৬ ডিসেম্বর পূর্ণ বিজয় অর্জন করে। অভ্যুদয় ঘটে নতুন রাষ্ট্রের। যার বলে বলীয়ান হয়ে, যে মন্ত্রে উদ্দীপিত হয়ে লড়াই আর সংগ্রামে অর্জিত হয় বিশ্বমানচিত্রে নতুন একটি দেশ।

পরিশেষে বলা যায়, ২৫ মার্চের গণহত্যা আন্তর্জাতিক আদালতে বিচার করার মতো অপরাধ হলেও ৩০ লক্ষ নিরস্ত্র মুক্তিকামী বেসামরিক লোকজনকে হত্যা প্রত্যক্ষ করলেও মুসলিম বিশ্বই শুধু নয় তাবৎ মানবাধিকারের দেশও থেকেছে নিশ্চুপ! জাতিসংঘ থেকেছে কোমায়। প্রতিবেশী দেশ মিয়ানমারে তাদের কি ভূমিকা? ইউক্রেনে কি কোন ভূমিকা রেখেছে? কিংবা ফিলিস্তিনের জনগণের সাথে ইসরায়েল কি করে চলেছে সেটাও কি মুখে বলে বুঝিয়ে দিতে হবে? সারাবিশ্ব যেখানে সোচ্চার, সেখানে জাতিসংঘ নির্বিকার! শুধু বিবৃতিতেই সীমাবদ্ধ! কার্যকর কোন ভূমিকা যদি রাখা সম্ভব না হয়, তবে এমন একটি প্রতিষ্ঠানের এক ছায়ার নীচে অপেক্ষাকৃত দুর্বল রাষ্ট্রগুলোকে একত্রিত করে রাখার আদৌ কোন অর্থ বহন করে কী?

লেখক: অ্যাডভোকেট, রাজনৈতিক বিশ্লেষক

বাঙ্গালির ঈদ যাপন

শাহজালাল সরকার

নতুন জামা, নতুন জুতো-টুপি সারিসারি
কসমেটিকস ও গয়নাগাটি; সবার বাড়ি বাড়ি।
হাটবাজারে দোকানপাটে-বেঁচাকেনার ভীড়ে
প্রতি বছর এমন করেই; ঈদের আমেজ ফিরে।

ধনী-গরিব সবার ঘরেই-ঈদের বার্তা বয়
শত্রু-মিত্র হাসি মুখে; সুখের কথা কয়।
মেহেদী পাতায় হাত রাঙিয়ে-উল্লসিত হয়
ঈদ যেনো তাই সবার কাছে; রঙিন স্বপ্নময়।

ঈদগাহেতে ঈদের নামাজ-পড়ে জনে জনে
কোলাকুলি করে সবাই; হিংসা নেয় না মনে।
ঘরে ঘরে ফিরনি পায়েশ-সেমাই রাঁধা হয়
পোলাও, কোর্মা, গোস্ত, রুটি; তা-ও খাওয়া হয়।

ছোট ছোট ছেলে মেয়ে-ছুটে ঈদের মেলায়
সারাটা দিন কাটে তাদের; হাসিখুশি খেলায়।
মানুষজনে দলে দলে-স্বজন গৃহে যায়
রাস্তাঘাটে যানবাহনে; দারুণ শোভা পায়।

ঈদের শপিং

মেশকাতুন নাহার

ঈদ এলো রে ঈদ এলো রে
খুশির নেইতো শেষ,
বাজার ঘিরে শপিং করা
জমে উঠছে বেশ।

রোজার দিনে কেনাকাটা
ভারি কষ্টের কাজ,
তাই বলে কি থেমে থাকে
খুকুমণির সাজ?

হরেক রকম জামা কাপড়
হরেক রকম সাজ
ঈদ সালামির নেই যে ছাড়
পকেট ভরবে আজ।

আশেপাশের মার্কেট জুড়ে
মানুষজনের ভীড়,
মনের মতো পোশাক কিনে
ফিরছে সুখের নীড়।

তিরিশ রোজা পেরিয়ে ফের
আসবে খুশির ঈদ,
চাঁদের আলো কাটবে কালো
এই সবার উমিদ।

ঈদের খুশি

গোলাম আযম

বাঁধ ভেঙেছে খুশির আমেজ
চারদিকে রব,
ছড়িয়ে পড়ুক দিগ্বিদিক্
আনন্দ উৎসব।

উৎসবের উন্মাদনায়
নাচে সবার মন,
কলকাকলিতে মুখরিত
ঘন সবুজ বন!

ফিঙে নাচে গাছের গালে
খুকি নাচে কোলে,
গন্ধ মেখে ফুলকলিরা
গাছের শাখে দোলে।

ঈদ আনন্দে আত্মহারা
সৃষ্টিকুলের সব,
জান্নাতি ঘ্রাণ সবাই মিলে
করি অনুভব।

ইদ বানের মতো ছোট ঈদ

নাহিদ সরদার

দেবদারু পাতার পিছনে যে লকুনো ঈদ-
সেই ঈদে,
কলাগাছের গেট পেরুলে চোখে পড়ে
রঙিন কাগজে উড়ুক্কু সময়;
আর সেটা বয়ে নিয়ে চলেছে মৃচ্ছকটিক।
এখন এখানে
ফিরনির প্লেটে ঘরবন্দী চলে ভোজ
ইদ বানানের মতো ছোট হয়ে গেছে
আমাগো পাড়ার ঈদ।

আজ বসন্ত ডেকেছে

সৈয়দ নূরুল আলম

নদীর ওপাড় থেকে বসন্ত ডেকেছে চোখ-ইশারায়,
মধ্যরাতের হিম বাতাস কাঁপুনি দিয়ে যায়
বুকের বন্ধ দরজায়।
কে আসে কে যায় খেয়াঘাটে,
রেখে যায় নগ্ন পায়ের ছাপ।
পাড়ানি ছাড়া কেউ কি যাবে ওপাড়ে?
খেয়ামাঝি পারে না হিসাব মেলাতে।
অসমাপ্ত গল্পটার শিরোনাম লেখা হয় না জলপাতায়।

তাদের ঈদ

সেলিনা আক্তার

ঈদের চাঁদ ওঠে আকাশে ধীরে,
আনন্দে ভাসে শহর-গ্রামে
হাসির ঢেউ বয়ে যায় ঘরে ঘরে,
তবু কিছু মন পড়ে থাকে খামে।

ওরা বসে চুপটি করে,
নাঙা পায়ে পথের ধারে
ঈদের নতুন পোশাক কোথায়?
ওদের চোখও প্রশ্নে ভরে।

সেমাইয়ের গন্ধ বাতাসে ভাসে,
ওদের প্লেটে শূন্যতা হাসে
কেউ কি ওদের কথা ভাবে?
ঈদ তবে কার জন্য আসে?

সময়ের পরিবর্তনে ঈদ

দিনা ফেরদৌস

দীর্ঘ একমাস সিয়াম সাধনার পর ঈদ আসে। ঈদ মানেই আনন্দ। সেই আনন্দ ভাগাভাগি করে নিতে কাছের লোকজনদের ঈদ কার্ড দিয়ে বাসায় দাওয়াত দেয়াই ছিল রেওয়াজ। সময়ের সাথে সাথে আনন্দের ধরন পাল্টায়। একটা সময়ে গিয়ে আমরা আনন্দের স্মৃতি নিয়েই বাঁচি। ঈদের চাঁদ দেখার সাথে সাথেই চারপাশ কেমন সরগরম হয়ে উঠত। টিভির সংবাদ পাঠিকাদের মাথা থেকে ঘুমটা চলে যেত। প্রফুল্ল একটা হাসি মুখে টেনে বলতেন, শাওয়ালের চাঁদ দেখা গিয়েছে। সাথে সাথেই টিভিতে কাজী নজরুল ইসলামের সেই জনপ্রিয় গান, "ও মন রমজানের ওই রোজার শেষে এলো খুশির ঈদ"। পাশাপাশি সৈয়দ আব্দুল হাদীর গান, "চাঁদের পালকি চড়ে আসলো সবার ঘরে, আসলো খুশির ঈদ"।

এইতো সেদিনই মনে হয়, ঈদের জামা আমরা ছোটরা লুকিয়ে রাখতাম। কেউ দেখলেই ঈদ চলে যাবে। ভোরে উঠে গোসল করে ঈদের জামা পরে সেমাই, পরোটা, লুচি, নারিকেলের পিঠা, তেলের পিঠা, নুনগড়া পিঠা, এইসব দিয়েই সকাল শুরু। আব্বা ঈদগাহ থেকে ঈদের নামাজ শেষ করে ঘরে ফিরলেই সালাম করলে সাথে সাথে দশ টাকা সালামি অবধারিত। ঈদের সময় যেই বেড়াতে আসতেন, বাচ্চাদের সালামি দিতেন।

চাঁদা তুলে সব চাচাতো ভাই-বোনেরা মিলে রিক্সা করে আত্নীয়-স্বজনদের বাসায় ঘুরতে যাওয়া। দুপুরের আগে ঘরে ফিরতে হবে। ঈদের দিন নিজের ঘরে খেতে হয়। কোরমা-পোলাও, মিষ্টি পোলাও, সাথে আমাদের সিলেটের বন্দর বাজারের মশরাফিয়ার দই। টিভিতে বাচ্চাদের অনুষ্ঠান চলছে। এরমধ্যে বাসায় মেহমনদের আসা- যাওয়াও চলছে।

স্কুল ছেড়ে কলেজে যেতেই ঈদ একটু পাল্টে গেলো। এইবার মার্কেটে ঈদের বাজারে কি আসছে, আনার কলি নাকি পাখি ড্রেস। বিশেষ করে ইন্ডিয়ান টিভি সিরিয়ালের নায়িকারা যেইসব জামা পরেন, সেইসব সিরিয়ালের নায়িকাদের নাম দিয়ে ঈদ জামা বের হয়। তখন আর কেউই জামা লুকিয়ে রাখে না। বরং অতি উৎসাহে কার, কি জামা কেনা হলো খুশি মনে সবাইকে দেখানো যেত। লাচ্চা- সেমাইয়ের জায়গায় সকালের নাস্তায় জায়গা করে নিল, চটপটি, নুডুলস, কাস্টার্ড, চিকেন রুল। কোরমা-পোলাও এর জায়গায় রোস্ট- পোলাও সাথে ডিমের পুডিং। কাজিনদের বাদ দিয়ে বান্ধবীদের নিয়ে ঘুরাঘুরি। কখনো অন্য বান্ধবীদের বাসায় দাওয়াতে, তো কখনো দূরে অন্য কোথাও দলবেঁধে যাওয়া। চাঁদা তুলে সবাই মিলে ছবি তোলা। আমরা সবাই তখন ইন্ডিয়ান চ্যানেলে অভ্যস্ত।

সময় আরও পাল্টে গিয়েছে সময়ের নিয়মে। চাহিদা বেড়েছে, চিন্তায় পরিবর্তন এসেছে। এখন ঈদ কার্ড দিয়ে কেউ কাউকে তেমন দাওয়াত করেন না। ফেইসবুক, মেসেঞ্জারে ঈদের শুভেচ্ছা জানিয়েই শেষ। আগে যেখানে একশো টাকা পেলে বাচ্চারা খুশিতে গদ গদ হয়ে যাওয়া যেত, সেখানে এখন হাজার টাকা পেলেও তাদের হয় না। সবার হাতে হাতে মোবাইল ক্যামেরা। ঈদের জামা পরে সাজগুজ দেখলে মনে হয় বর / ব্রাইডাল সাজ। এখন জামাকাপড় মানুষ কিনে ব্রান্ড দেখে, বিশ্বের নামীদামী ফ্যাশন ডিজাইনারদের করা জামা পরাই ফ্যাশন। খাবারেও পরিবর্তন এসেছে। শুধু ফ্যাশনে নয়, রান্নাবান্নায়ও মোটামুটি সবাই এক্সপার্ট। নানাজাতের মিষ্টান্ন বেশিরভাগই বানাতে পারেন। শুধু দেশিও নয়, বিদেশি নাস্তাও কমন এখন। সেই লাচ্চা-সেমাই দিয়েই এখন করা হয় আরাবিয়ান সুইট কুনাফা, তুর্কি ডেজার্ট রেসিপিও রাখেন কেউ কেউ। ডিম ছাড়াও নানা জাতের পুডিং, সমুচা, রোলস, ফ্রুটস দিয়ে ফালুদা, দই দিয়ে বানানো হয় লাচ্ছি। রোস্ট - পোলাও এর জায়গায় এখন অনেকেই করেন আস্ত চিকেন ফ্রাই, ফ্রাইড রাইছ অথবা কাচ্ছি, মাটন, চায়নিজ ভেজিটেবল, চিংড়ি মালাইকারি আরও কত কি। ইউটিউব দেখে দেখে সকলেই আজকাল রান্নায় দক্ষ। তারপরও দেখা যায় ঘরের বাচ্চাদের কাছে, বাইরের রেস্টুরেন্টের পিজ্জা, বার্গারই বেশি পছন্দের।

এখনকার ডিজিটাল বাচ্চারা স্মার্ট ওয়াচ ব্যবহার করে। কম্পিউটার- ট্যাব সব চালাতে জানে তারা। বাচ্চারা এখন আর কার্টুন দেখে হাসে না, তারা রোবলক্স খেলে, বিভিন্ন ধরনের গেইম খেলে, চরিত্র নিজেরাই বানায়। গেইমের জন্যে কার্ড পেলে খুশি হয়।

অন্যদিকে বড়রাও মেকাপ -গেটাপে অনেক সচেতন হয়েছেন। রাত্রের সাজ, দিনের সাজের সাথে সামঞ্জস্য রেখে জামা- জুতা- ব্যাগ- জুয়েলারি তো আছেই। মানুষের হাতে টাকা হয়েছে। এখনকার ঈদের বাজেট কারো কারো ৩/৪ লাখ টাকা পযর্ন্ত যায় বা তারও বেশি। মধ্যবিত্তদের অনেকেই দেশের বাইরে থেকে ঈদের শপিং করেন। কেউ কেউ সারা বছর এতো শপিং করেন, যে ঈদের শপিং বলে তাদের কাছে আলাদা কিছু নেই। ঈদে দল বেঁধে এর তার বাড়িতে এখন খুব কমই যাওয়া হয়। উচ্চবিত্ত ও মধ্যবিত্তরা পরিবার নিয়ে দেশের বাইরে ঘুরতে যান। নিম্নমধ্যবিত্তরা কাছের মানুষজন নিয়ে দেশের মধ্যেই বিভিন্ন রিসোর্টে ঘুরতে যান। কোলাহল থেকে একটু দূরে গিয়ে শান্তিতে ঈদের ছুটি প্ল্যান করে কোন আত্নীয় বা বন্ধুর বাসায় জড়ো হন সবাই। মানুষের ব্যস্ততার কারণে হুটহাট কেউ আর কারো বাসায় তেমন যায় না এখন।

সবই এতো বেশি বেশি আছে। তারপরও কি যেন কি নেই। বিশেষ করে আগের সেই আন্তরিকতা আর নেই, যাওয়া আসা নেই। আছে শুধু ব্যস্ততা আর নাই নাই রব। কিছুতেই যেন মনে শান্তি নেই। কি আছে, তার থেকে বেশি যন্ত্রণা কি নেই। কি দেখাতে পারলাম না, কি দেখাতে পারলে মানুষ আরও বেশি কিছু ভাবত। এই যে দেখানোর একটি প্রবণতা এটাই রাতের ঘুম কেড়ে নিয়ে যায়। কি দেখালে আরেকটু বেশি দাম পাওয়া যেত সেই চিন্তা সারাক্ষণ অস্থির করে রাখে। যা নেই তা কি করে লুকিয়ে রাখা যায়, তার জন্যে সব সময় সত্য-মিথ্যা মিলিয়ে নিজের কাছেই নিজেকে চোর হতে হয়। অথচ না থাকাটা দোষের কিছু না। না থাকলে যারা কাছে থাকে না, তাদের ধরে রাখার কোন মানে হয় না।

সময় পাল্টায়। আমরাও পাল্টাই সময়ের সাথে সাথে। পাল্টানো দোষের কিছু নয়, কিন্তু পাল্টাতে গিয়ে যদি নিজেই নিজের অস্থিত্ব হারিয়ে ফেলি, তখন সেটা নিজের জন্যেই হজম করা কঠিন হয়ে যায় একসময়। ঈদ আসে ঈদ যায়, কারো কারো সারা বছরই ঈদ। কারো কারো জীবনে সারা বছরই রোজার মতো করে কাটাতে হয়। একবেলা খেয়ে, অন্যবেলা অনাহারে। ঈদ মানে আনন্দ, আর সেই আনন্দ তখনই পূর্ণতা পায়, যখন আশেপাশের সকলের সাথে ভাগাভাগি করে নেয়া হয়। তাই যারা কষ্টে আছেন, অনাহারে আছেন তাদেরকেও যেন আমরা সেই আনন্দে শরীক করতে পারি, তাদেরকে যেন সহযোগিতা করতে পারি নিজের সামর্থ্য অনুযায়ী সেদিকেও খেয়াল রাখা আমাদের কর্তব্য।

"ঘুরে ফিরে বারে বারে ঈদ এসে ঈদ চলে যায়।
ঈদ হাসতে শেখায়, ভালোবাসতে শেখায়
ত্যাগের মহিমা শেখায়"।

বাঁকা চাঁদের জ্যোৎস্নায়

সোহানা নাজনীন

সিজদায় থাকা অবস্থাতেই তাহেরা খরগোসের মতো কান খাড়া করলো। সিঁড়িতে হুড়োহুড়ির ধুপ-ধাপ শব্দ শোনা যাচ্ছে। তার মানে ভাশুরের ছেলে-মেয়েরা ইতোমধ্যে ছাদে চলে গিয়েছে, উপর থেকে ওদের চেঁচামেচির জারালো আওয়াজ পাওয়া যাচ্ছে। তাহলে চাঁদ কি উঠে গেছে? আগামীকাল ঈদ হবে?

নামাজে মন বসাতে পারলো না তাহেরা, মনোযোগ হালকা হয়ে গেল। ডানে-বায়ে দ্রুত সালাম ফিরিয়ে অন্যদিনের মতো আর লম্বা মোনাজাত করলো না। ঝটপট উঠে দাঁড়াতে গেল তাহেরা। আর ঠিক সেই সময় পাশের জায়নামাজে বসা শাশুড়ি খপ করে তাহেরার ডান হাতটা ধরে ফেললেন।

"কোথায় দৌড়াচ্ছ? আরো একটু বসো, নামাজটা আগে শেষ করে নেই। কথা আছে তোমার সাথে। বেশি সময় লাগবে না, মাত্র দুই মিনিট নেব।"

তাহেরার আর তর সইছে না, কি কথা বলতে চায় তার শাশুড়ি- এই টানটান উচাটনের সময়? দিনশেষে সব আনন্দ এখন জড় হয়েছে বাড়ির ছাদে, না জানি কতো আনন্দ ঘটে যাচ্ছে সেখানে! আজ যদি চাঁদ উঠেই যায় তাহলে উনত্রিশ রোজা হবে এবার। খুব ভালো হবে তাহলে, একটুপরেই সেমাই বানাতে বসবে সবাই। বেচারা বয়স্ক শাশুড়ি, দোয়া শেষ করে দাঁড়াতে গিয়ে হাঁপিয়েই উঠলেন। মাথার ঘোমটা টেনে দিয়ে তাহেরার মুখোমুখি দাঁড়িয়ে তার মুখে হাত ছোঁয়ালেন। শাশুড়ি ছোট খাট মানুষ, ইশারায় নিচু হতে বললেন তাহেরাকে। তাহেরার তখন বয়স আর কত হবে, এই কুড়ি-একুশের বেশি নয়। ছিপছিপে লম্বা শরীরটা সামনে ঝুকে ধরলো যেন তার শাশুড়ি মাথা স্পর্শ করতে পারেন। মাত্র সতের বছর বয়সে এই বাড়ীর বৌ হয়ে এসেছে তাহেরা, কিন্তু চার বছরেও কিশোরীর খোলস ছেড়ে বের হতে পারেনি। এখনো ভাশুরের ছেলে-মেয়েদের সাথে ছাদে লুটোপুটি করতে মন চায়। ফোলা শাড়ির ভিতরের শরীরটা বাড়ন্ত হলেও মন এখনও সেই কচুর লতির মতো কোমল। তাহেরার শাশুড়ি সেই কোমল শরীর ছুঁয়ে বিড়বিড় করে কিছু বলতে লাগলেন,

"সারা রোজার মাস তুমি আমাদের সেবা করলে, কতো যত্ন করে ইফতারি করালে, আমার প্রাণটা জুড়ায়ে গেছে। দোয়া করি আল্লাহও যেন তোমার প্রাণটা এভাবেই শান্তিতে জুড়ায়। স্বামী-সন্তান নিয়ে চিরসুখী হও তুমি। আর আটকাবো না, যাও এবারে ছাদে যাও, দেখে আস চাঁদ উঠলো কিনা"

ছাড়া পেতেই তাহেরা ছুট লাগালো সিঁড়ি ঘরের দিকে। তার মনে পড়ছে, গত এক মাস সারা বিকাল ধরে সে ইফতারির জোগাড় করেছে। শাশুড়ির দাঁত নেই, তাই দুধ গরম করে খেজুর কুঁচি ভিজিয়ে রাখতো, শসার ভুজি কাটতো, নরম করে দুটো পিঁয়াজু ভাজতো। এসব কথা ভাবতে ভাবতেই বিড়ালের মতো টপকে সিঁড়ি ভাঙতে লাগলো তাহেরা। তখনো পুরোপুরি আঁধার নামেনি, হালকা আলো চারিদিকে।

ছাদে উঠে দেখে রাস্তার ওপারে মসজিদের বা'কোণ আলো করে চিকণ বাঁকা চাঁদ উঠেছে। তারই নিচে গাব গাছের কচি লাল পাতাগুলো চকচক করে দুলছে। বাড়ির ছেলেমেয়ে সবাই একসাথে, বাড়ির বৌয়েরা মাথার ঘোমটা ফেলে চিবুক উঁচিয়ে চাঁদ দেখছে। সবার কলরবে তখন "ঈদ মোবারাক"।

ছোটবেলার ঈদ

শামছুন ফৌজিয়া

ঈদ মানেই আনন্দ আর ছোটবেলার ঈদের স্মৃতি ও আনন্দ যেন একটু বেশিই স্পেশাল। যদিও বর্তমানের আধুনিকতার জৌলুস ছোটবেলার ঈদে ছিল কম। একমাস সিয়াম সাধনার পর আসে ঈদ আর রোজার ঈদে 'ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ ' কাজী নজরুল ইসলামের গানটি রেডিও টেলিভিশনে প্রচারিত হওয়ার সাথে ঈদের আনন্দ যেন বেড়ে যেত।

ছোটবেলার ঈদে প্রধান আকর্ষণ ছিল ঈদের জামা, মেহেদী পরা,নাস্তা খাওয়া আর বেড়ানো। ঈদের দিনে পরার জন্য নতুন জামার ব্যবস্থা না হওয়া পর্যন্ত ছোটদের স্বস্তি ছিলো না।অনেকেই কাপড় কিনে সেলাই করতেন, কেউ তৈরি জামা পরতেন আর কেউ নিজের হাতে সেলাই করতেন।

নিজের কথা বললে বলব, আমার জামা বড় বোন সিলাই করে দিতেন, আমাদের একটা সিঙ্গার সেলাই মেশিন ছিল। কোন সময়ে হাফ সেলাই শেষে মাপ ঠিক হয়েছে কিনা সেটা দেখার সময় কাজিন বা বাল্যসাথী কেউ যাতে না দেখে সেদিকে খুব খেয়াল রাখতাম। দরজা বন্ধ করে সেলাই করতেন এবং একবার পরার পর লুকিয়ে রাখতেন আর সেই জামা ঈদের দিন সকালে বের করতেন। জামার সাথে মিলিয়ে চুলের বেনিবল, ফিতা বা বড় জোর চুড়ি থাকত। তবে জামা পরার পরে বোনের সংগ্রহে থাকা জিনিসগুলো দিয়ে মেকাপ করে, চুল বেঁধে দিতেন। আহা আমরা ছোটরা সাজুগুজুর আনন্দে মাতোয়ারা ছিলাম।

গ্রামের ঈদ আরো সাদামাটা। ঈদের চাঁদ দেখার হিড়িক ছিল অনেক সময় চাঁদ দেখা না গেলে শেষ ভরসা রেডিও/টেলিভিশনের খবর থেকে নিশ্চিত হবার পর ছেলেমেয়েদের আনন্দের চিৎকার শোনা যেত,"আগামীকাল ঈদ"। তাছাড়া মসজিদের মাইকে পুরো মাস সেহরির সময় হুজুর ডেকে দিতেন এবং ঈদের চাঁদ দেখার ঘোষণা ও দিতেন।

গ্রামে ঈদের সময় ভোর রাতে পুকুরের পানিতে গোসল করার প্রচলন ছিল। কে বলেছিল জানিনা ঐ সময়ে নাকি আব জমজমের পানি মেশানো থাকে বলে সবাই ঐ সময়েই গোসল করার চেষ্টা করতো। উনত্রিশ রোজার সকালে গাছের মেহেদী পাতা সংগ্রহ করে পিষে রাখা হতো এবং চাঁদ রাতে আমরা হাতে পরতাম, কেউ কেউ ঐ অবস্থায় ঘুমিয়ে যেতাম।

সকালে নতুন জামা পরে মা বাবাকে সালাম দিয়ে একসাথে বসে ঈদের স্পেশাল সেমাই পরোটা, পিঠা, হালুয়া খেয়ে দলবেঁধে এঘর ওঘর, এবাড়ি ওবাড়ি বেড়ানো হত। সালাম দিয়ে চলে আসতাম কিন্তু সবাই বলতেন নাস্তা খেয়ে যেতে। দুপুরের সময় বাল্যসাথীদের সাথে দেখা হতো,আমরা তিনজন ছিলাম একসাথে বেড়াতাম।

এখন ঈদের আনন্দ ও থিম বদলে গেছে। গেট টুগেদার হয় সেই সাথে রকমারি খাবার ও বিনোদন সবই থাকে, এক জামাতেই ঈদ নয় একের অধিক লাগে। এতসব জৌলুসের মাঝে তবুও ছোটবেলার ঈদের স্মৃতি জড়িয়ে থাকে মনে, মা বাবা ভাই বোন, আত্মীয়স্বজন সবাই স্মৃতিতে জড়িয়ে আছেন। এখন সবই আছে কিন্তু নেই সেই বাবা, মা ভাই বোনের সাথে একসাথে থাকার আনন্দ।

ঈদের খুশিতে অবহেলিত হৃদয়

ফরিদা ইয়াসমীন

ঈদের চাঁদ উঠলেই শহরজুড়ে আনন্দের ঢেউ ছড়িয়ে পড়ে। রঙিন পোশাক, সুগন্ধি আতর, নতুন জুতার শব্দে মুখরিত হয় চারপাশ। শিশুরা খিলখিলিয়ে হাসে, বড়রা ব্যস্ত থাকেন উৎসবের আয়োজন নিয়ে।কিন্তু এই আনন্দের মাঝেও কোথাও কেউ চুপচাপ দাঁড়িয়ে থাকে—চোখে এক অপূর্ণতার ছায়া নিয়ে।

দীর্ঘদিন যাবত দেশ ছাড়া। জীবিকার প্রয়োজনে হোক বা উন্নত জীবনযাপনের আশায়, ঈদের আয়োজন করতে গেলেই দেশের অসহায় মানুষগুলো চোখে ভাসে; যাদের জন্য ঈদ বলে বিশেষ কোনো দিন নেই। দেশ থেকে দূরে থাকলেও ঈদের চাঁদ উঠলে হৃদয় ছুটে যায় শৈশবের সেই চেনা আকাশের নিচে। স্মৃতির পাতায় ভেসে ওঠে ঈদের আগের রাতের ব্যস্ততা, নতুন জামাকাপড়ের গন্ধ। কিন্তু এ সবকিছুর মাঝেও এক অদৃশ্য বেদনা মনের কোণে জমে থাকে—ঈদ যাদের কাছে আসে না কোনো আনন্দের বার্তা নিয়ে, বরং প্রতিদিনের বঞ্চনার চেহারা হয়ে।

যারা পথের ধারে বসে থাকে, হয়তো কারও দয়া দান পাওয়ার আশায়, তাদের ঈদ কেমন কাটে? হয়তো কারও ফেলে দেওয়া সেমাইয়ের আধপোড়া টুকরোই তাদের উৎসবের স্বাদ, হয়তো পুরোনো একজোড়া ছেঁড়া স্যান্ডেলই তাদের জন্য নতুন উপহার। শহরের উজ্জ্বল আলো, বিলাসী খাবারের আয়োজন, দামি পোশাকের মাঝে যখন আমরা নিজেদের ডুবিয়ে রাখি, তখন কি একবারও মনে পড়ে, এই ঈদের দিনেও কেউ না খেয়ে ঘুমোচ্ছে?

রাস্তার ধারে রুক্ষ হাতে পুরোনো শার্টের বোতাম জুড়ে দেওয়া সেই ছেলেটি, ময়লার স্তূপ থেকে পড়ে থাকা টুকরো কুড়িয়ে নেওয়া মেয়েটি—তারা কি ঈদ বোঝে? নতুন কাপড়ের উচ্ছ্বাস, সুস্বাদু খাবারের স্বাদ, ঈদের সালামি পাওয়ার আনন্দ—এসব যেন তাদের জন্য কেবলই গল্প।

খুব ছোটবেলায়, একটা ঘটনা আমার মনে গভীর দাগ কেটে গিয়েছিল। ঈদের দিন যে ই বের হলাম, দেখলাম কোণের দোকানের সামনে একটি ছেলে বসে আছে, কাঁধে ছেঁড়া গামছা। তার চোখে ঈদের আনন্দ নেই, বরং একধরনের শূন্যতা। বাবা এগিয়ে গিয়ে তার হাতে কিছু টাকা দিলেন। ছেলেটি মাথা নিচু করে নিয়ে চলে গেল, কিন্তু তার চোখের ভাষা যেন কোনো এক হারিয়ে যাওয়া ঈদের গল্প বলছিল।

সেদিন বাড়ি ফিরে খাবারের থালার সামনে বসেও আমার আর খেতে ইচ্ছে করছিল না। মাকে জিজ্ঞেস করেছিলাম, "ঈদ কি সবার জন্য একইরকম?" মা একটু চুপ থেকে বলেছিলেন, "যদি আমরা চাই, ঈদ সবার জন্য আনন্দময় হতে পারে।"

আজ প্রবাসে বসে যখন ঈদের আয়োজন করি, তখন সেই ছেলেটির মুখ মনে পড়ে যায়। মায়ের কথা মনে পড়ে যায়।

একবার ভাবুন, যদি প্রতিটি পরিবারের ছোট্ট আনন্দের ভাগ থেকে তাদের জন্য কিছু রাখা যেত? যদি একজোড়া নতুন স্যান্ডেল, এক প্লেট সেমাই, এক টুকরো মাংস তাদের মুখে হাসি ফোটাতে পারত?

ঈদ শুধু নতুন পোশাক পরার নাম নয়, ঈদ মানে ভালোবাসা ভাগ করে নেওয়া। ঈদ মানে একে অপরের কষ্ট বুঝতে শেখা। তাই আসুন, এই ঈদে আমরা শুধু নিজেদের আনন্দ নিয়েই ব্যস্ত না থেকে, তাদের মুখে একটু হাসি ফোটানোর চেষ্টা করি, যাদের ঈদ এখনো শুধু আকাশের চাঁদ দেখার মধ্যে সীমাবদ্ধ।

ঈদের আনন্দ হোক সবার জন্য, ঈদের খুশি ছড়িয়ে পড়ুক প্রতিটি হৃদয়ে।

পঞ্চাশ মিনিটের বন্ধু

সুমন শামসুদ্দিন

টিকিট কাউন্টারে হঠাৎ কথা! "ওহ্ দুঃখিত! আমি খেয়াল করিনি যে তোমরা লাইনে! আমি দাঁড়াচ্ছি তোমাদের পেছনে, তোমরা সামনে যেতে পারো।"

হেসে দিয়ে স্বর্ণকেশি শ্বেতবর্ণ রন্ডা বললো, "না না ঠিক আছে তুমি দাঁড়াতে পারো, অসুবিধা নেই।"

আমি বলি, "না, তা হয় না, তোমরা তো আমার আগেই এসেছিলে, দয়া করে চলে এসো সামনে।"

আমি ওদের পেছনে গিয়ে লাইনে দাঁড়ালাম। ওরা চারজন, স্বামী স্ত্রী এবং এক ছেলে ও এক মেয়ে। ব্যস, এইটুকুই!

তারপর বোর্ডিং এর সময় হলে ম্যানহাটনের পিয়ের ১৬ থেকে ছোট্ট ক্রুজটিতে উঠলাম। ওপরের ডেকে উঠে বসেছি, দেখি আমার সামনের সারিতে রন্ডা, ওর হাজবেন্ড এ্যাছনি এবং ওর বাচ্চারা বসেছে।

চোখে চোখ পড়তেই রন্ডা হেসে দিয়ে বললো, "হাই, খুব ভালো হলো, আমরা আবার একসাথে।"

আমিও হেসে সায় দিলাম।

ক্রুজ দুলতে দুলতে ছুটে চললো সাইট সিয়িং এর উদ্দেশ্যে। প্রথমে ব্রুকলিন ব্রিজ ক্রস করে ম্যানহাটন ব্রিজের নিচ দিয়ে ঘুরিয়ে লিবার্টি আইল্যান্ডের দিকে ছুটে চললো। সবাই যার যার মতো করে ম্যানহাটনের ছবি, আর বিভিন্ন রকম ফটোশুটে ব্যাস্ত হয়ে পড়লো। আমিও কিছু ছবি তুললাম। তারপর কিছু সেলফি তুললাম।

আমাকে দেখে হঠাৎ রন্ডা এগিয়ে এসে বললো, "আমি তুলে দেবো?"

আমি বললাম, "ঠিক আছে দাও।"

ছবি তোলা হলে রন্ডা বললো, "তুমি কোত্থেকে এসেছো?"

"আমি নিউইয়র্কেই থাকি, তুমি?"

"আমরা ফ্লোরিডা থেকে এসেছি; আমি, আমার হাজবেন্ড-এ্যাছনি, আর আমাদের দুই বাচ্চা", ওর ছেলে আর মেয়ের দিকে দেখিয়ে বললো।

পরে জেনেছি ওদের তিন মেয়ে এক ছেলে।

তারপর এ্যাছনির সাথে পরিচয় করিয়ে দিলো। এ্যাছনি একটু লাজুক টাইপের, খুবই কম কথা বললো; তবে মুখে সবসময় হাসি লেগেই ছিল।

রন্ডা বললো, "আমরা ফার্স্ট টাইম নিউইয়র্কে।"

"ওহ তাই! ওয়েলকাম টু নিউইয়র্ক।"

তারপর গল্প জমে গেল, গল্পে গল্পে কেটে গেল পুরো পঞ্চাশ মিনিট!

এর মধ্যেই লিবার্টি আইল্যান্ড, ষ্ট্যাচু অব লিবার্টি আর সাইট সিয়িং করার সাথে সাথে সবাই ছবিও তুলছিলাম।

একসময় রন্ডা বললো, "আমরা একসাথে একটা ছবিও তুলতে পারি? কি বলো?"

"ডেফিনিটলি"

"তোমার ক্যাপটা একটু আমাকে দিবে? আমার চুলগুলো বাতাসের ঝাপটায় মুখে এসে পড়ছে, তোমার ক্যাপ পড়েই ছবিটা তুলি।"

আমি আমার ক্যাপটা ওকে এগিয়ে দিলাম। ও আমার ক্যাপ পড়ে ওর অসাধারণ সুশ্রী স্বর্ণালী চুলের অর্ধেকটাই ঢেকে ফেললো। তারপর আমি ওদের সাথে আমাদের পঞ্চাশ মিনিটের বন্ধুত্বের একটা স্মৃতি ডিজিটাল ছবির ফ্রেমবন্দি করে রাখলাম।

NABANNO RESTAURANT & PARTY CENTER
حلال HALAL
FREE WiFi

দেশীয় স্বাদ নবান্নেই

- আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
- পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
- আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।

- সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

DOORDASH Uber Eats GRUBHUB

www.nabannorestaurant.com

Nabanno Restaurant

37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000

LIBERTY BROKERAGE

GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE

(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)

Our Services

- TLC Insurance
- DMV & TLC Service
- TLC Car & Plate Rent
- Auto, Home & Business Ins.
- TLC Base (Black & Green Cab)

ARIF SHAHRIAR
PRESIDENT & CEO

NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377

Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211

Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী

হোম কেয়ার

HHA/PCA & CDPAP SERVICE

যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে
প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন
আজই যোগাযোগ করুন

প্রশিক্ষণ ছাড়াই
ঘরে বসে আপনজনকে
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন

৫জি আনলিমিটেড ইন্টারনেটসহ
স্যাংসাম গ্যালাক্সী ট্যাব
সম্পূর্ণ ফ্রি

সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

CALL: (718) 775-7852

SHAH NAWAZ MBA
President & CEO
Cell: 646-591-8396

Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office	Bronx Office	Yonkers Office	Jamaica Ave. Office
71-24 35th Avenue	831 Burke Avenue	558 E Kimball Ave	180-15 Jamaica Ave
Jackson Hts, NY 11372	Bronx, NY 10467	Yonkers, NY 10704	Jamaica, NY 11432
Ph: 718-775-7852	Ph: 347-449-5983	Ph: 718-844-4092	Ph: 718-785-6883
Fax: 917-396-4115	Fax: 347-275-9834	Fax: 917-396-4115	Fax: 917-396-4115

www.goldenagehomecare.com

Parkchester Medical
PARKCHESTER MEDICAL
TEL: 718-828-6610
1211 WHITE PLAINS ROAD,
BRONX, NY 10472

WE WELCOME WALK INS
MEDICAL CENTER
718.828.6610
পার্কচেষ্টার মেডিক্যাল

INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY

WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM

WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.

শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র

আমরা বাংলায় কথা বলি
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!

মেডিক্যাল সময়সূচি:
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছেঃ • কর্মস্থলের ক্ষতিপুরন • নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

COMMUNITY DEVELOPMENT FOR ASIAN AMERICAN
CDAA
Community Development for Asian American (CDAA)
একটি স্বাস্থ্য সামাজিক ব্যপস্থাপনা সংস্থা
যাঁরা আপনার ভাষায় কথা বলে এবং আপনার অধিকারের জন্য কথা বলে

আমাদের সেবা সমূহ–
- আর্থিক অনুদান গ্রহণে সহায়তা
- বাসস্থান ও বাড়ি ভাড়া প্রাপ্তিতে সহায়তা
- কর্মসংস্থান ও দক্ষতা প্রশিক্ষণ
- ফুডস্ট্যাম্প ও পুষ্টিকর খাদ্য সামগ্রী গ্রহণে সহায়তা
- যাতায়াত ব্যবস্থা গ্রহণে সহায়তা

এছাড়া যে কোন শারিরীক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক পরামর্শ।
Tel: +1(866) 367-3232 Email: info@cdaany.org

ABRAMS LAW GROUP
আব্রামস আইন গ্রুপ

INJURED?
WE CAN HELP!!

FREE
Accident
Consulation

Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

WE ALSO HANDLE

- CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- DEPORTATIONS | নির্বাসন
- ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

ATTORNEY AT LAW
MELANIE ABRAMS, ESQ.
RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

GET HELP TODAY!
718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 403
FOREST HILLS, NY 11375

abramslawgroupny.com
https://g.co/kgs/iC36XA
abramslawgrouppc
abramslawgrouppc

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

প্রথম আলো

Prothom Alo North America
27 March 2025, Thursday, Issue 419

বৃহস্পতিবার, ২৭ মার্চ ২০২৫, ১৩ চৈত্র ১৪৩১, ২৭ রমজান ১৪৪৬

২০ মার্চ জ্যাকসন হাইটসের পিএস ৬৯ ক্যাফেটেরিয়ায় আন্ত:ধর্মীয় ইফতার আয়োজন।

বাংলা সিডিপ্যাপ, শেখর কৃষ্ণান ও এলমার্স্ট হসপিটালের ইনক্লুসিভ ইফতার আয়োজন

নিউইয়র্ক

এ ইফতার আয়োজনকে সকল জাতিগোষ্ঠীর পারস্পরিক ভ্রাতৃত্বের এক অনুপম দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করা হয়।

উত্তর আমেরিকা ডেস্ক

পবিত্র রমজানের শিক্ষা ও মানবিক মূল্যবোধকে সমাজের সকল স্তরে ছড়িয়ে দিতে অনুষ্ঠিত হয়েছে বিশেষ ইনক্লুসিভ ইফতার ২০২৫। গত বৃহস্পতিবার (২০ মার্চ) প্রবাসীদের অন্যতম প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের পিএস ৬৯ ক্যাফেটেরিয়ায় সন্ধ্যায় ৬টা থেকে রাত ৮ পর্যন্ত চলে এই ইফতার আয়োজন। আন্ত:ধর্মীয় এ ইফতার আয়োজনের মূল উদ্যোক্তা ছিলেন কুইন্স কাউন্টি কমিটির সদস্য ও বাংলাদেশি কমিউনিটিতে হোম কেয়ার সেবার পথিকৃৎ ড. আবু জাফর মাহমুদ, কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান ও এলমহার্স্ট হাসপাতাল।

আন্ত:ধর্মীয় এ ইফতার আয়োজনে প্রবাসী বাংলাদেশিসহ নিউইয়র্কের বিভিন্ন জায়গা থেকে আসা স্প্যানিশ, আফ্রিকান, ভারতীয়, রোমানীয়সহ এথনিক কম্যুনিটির প্রগতিশীল ৬টি বিশাল সাংগঠনিক শক্তির প্রতিনিধি ও নেতৃবৃন্দ এবং ১৫ জন সিটি কাউন্সিল ও অ্যাসেম্বলি মেম্বার, এল জি বিডি কমিউনিটির প্রতিনিধিরাসহ প্রায় ২ শতাধিক নারী পুরুষ অংশ নেয়।

এ ইফতার মাহফিলে সৌহার্দপূর্ণ দৃষ্টান্ত সৃষ্টিকারী মূল প্রকাশশক্তি ছিল বাংলা সিডিপ্যাপের রোজাদার সদস্য এবং স্পেনিশ সদস্যরা। বাংলা সিডিপ্যাপের রোজাদার কর্মী এ স্প্যানিশ কর্মীরা অনুষ্ঠানে আগত বিভিন্ন জাতি গোষ্ঠী, এথনিক কমিউনিউটির মানুষদের সাথে ভাব বিনিময় করেন । অনুষ্ঠানের শুরুতে রোজাদারদের জন্য দোয়া পড়ান বাংলাদেশি কমিউনিটির অন্যতম পরিচিত ইমাম আব্দুস সাদেক ।

এ সময় ইন্টারফেইথ ইফতার আয়োজনকে সকল জাতিগোষ্ঠীর পারস্পরিক ভ্রাতৃত্বের এক অনুপম দৃষ্টান্ত উল্লেখ করে ডক্টর আবু জাফর মাহমুদ বলেন, এখানে পবিত্র রমজানের ইফতার অনুষ্ঠানে যে পারস্পরিক বন্ধন ও যোগাযোগ গড়ে উঠলো তা গোটা

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৩

নিউইয়র্কে চতুর্থ রেমিট্যান্স ফেয়ার ১৯ ও ২০ এপ্রিল

উদ্বোধন করবেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের বাংলাদেশি প্রবাসীদের জন্য আয়োজিত চতুর্থ রেমিট্যান্স ফেয়ারের উদ্বোধন করবেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। ১৯ ও ২০ এপ্রিল দুই দিনব্যাপী এ মেলা অনুষ্ঠিত হবে জ্যাকসন হাইটসের সানাই রেস্তোরাঁ ও পার্টি হলে। বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণকে উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ-ইউএসএ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিইউসিসিআই) এবং

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

মেয়র প্রার্থী মামদানির ফান্ড রেইজিং স্থগিত ঘোষণা

উত্তর আমেরিকা ডেস্ক

জোহরান মামদানি

২০২৫ সালের মেয়র নির্বাচনের জন্য প্রার্থী হওয়া জোহরান মামদানি তাঁর প্রচারণার ফান্ড রেইজিং কার্যক্রম স্থগিত ঘোষণা করেছেন। তাঁর দাবি, নির্বাচনী প্রচারের জন্য প্রয়োজনীয় আইনি ব্যয় সীমা পূর্ণ হয়েছে। ফলে তিনি প্রথম প্রার্থী, যিনি এই মাইলফলক অর্জন করেছেন।

সোমবার সকালে মামদানি এই তথ্য জানান। আইন অনুযায়ী, মেয়র প্রার্থীরা

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

ট্যাক্সি ওয়ার্কার্স এলায়েন্স

পরিশ্রমী লড়াকুদের সংগঠন

বিশেষ প্রতিনিধি

নিউইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স এলায়েন্স পরিশ্রমী মানুষদের লড়াকু একটি সংগঠন হয়ে উঠেছে। ১৯৯৬ সাল থেকে অল্প কিছু লোকজন নিয়ে এর যাত্রা শুরু হয়েছিল। ১৯৯৮ সালে সংগঠনটি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠা লাভ করে। দক্ষিণ এশিয়ার এক লড়াকু নারী ভৈরবী দেশাই শুরু থেকে এ সঙ্গঠনের সাথে জড়িত আছেন। নিদ্রাহীন নগরীকে নিত্য চালু রাখা পরিশ্রমী ট্যাক্সি চালকদের নেতৃত্ব দিয়ে আসছেন ট্যাক্সি ওয়ার্কার্স এলায়েন্সের নির্বাহী পরিচালক ভৈরবী দেশাই।

নিউইয়র্কের ইতিহাসে সবচেয়ে বড় ক্ষতিপূরণ আদায় করে লড়াকু ভৈরবী দেশাই তাঁর সতীর্থদের নিয়ে এখন অনেকটাই বিজয় উদযাপন করছেন। ৩২৮ মিলিয়ন ডলারের "ওয়েজ থেফ্ট সেটেলমেন্ট ফান্ড" থেকে টাকা দাবির শেষ সময়সীমা ৩১ মার্চ, ২০২৫।ট্যাক্সি চালকদের মধ্যে কারা এখনো এ ক্ষতিপূরণের অর্থ দাবী করেননি, এ নিয়ে উদ্বেগের কথা জানালেন। প্রথম আলো উত্তর আমেরিকাকে দেয়া এক সাক্ষাৎকারে ভৈরবী দেশাই জানালেন তাদের দীর্ঘ লড়াই আর বিজয়ের কাহিনী। গত ২৫ মার্চ মঙ্গলবার লঙ আইল্যান্ড সিটিতে ট্যাক্সি ওয়ার্কার্স এলায়েন্সের অফিসে গিয়ে দেখা গেলো ব্যস্ত সময় কাটাচ্ছেন ইউনিয়ন নেতারা। প্রতিদিন শতশত ট্যাক্সি চালক আসছেন। ক্ষতিপূরণের দাবী ছাড়াও সদস্যদের বিভিন্ন সমস্যা নিয়ে তাঁরা কাজ করছেন একনিষ্টভাবে। ইউনিয়নের নেতা এবং নিউইয়র্কে জনসমাজের পরিচিত সংগঠক টিপু সুলতান প্রথম আলোকে তাদের কার্যালয়ে স্বাগত জানালেন।

নির্বাহী ভৈরবী দিশাই একের পর এক সংবাদমাধ্যমের সাথে কথা বলছিলেন। তাঁর সতীর্থ ইউনিয়ন নেতাদের নিয়ে আলাপচারিতায় জানালেন, উবার বা লিফট -এ ২০১৪ থেকে ২০১৭ সালের মধ্যে কাজ করা ড্রাইভারদের মধ্যে ইতিমধ্যে ৬০ হাজারের বেশি ড্রাইভার তাদের প্রাপ্য অর্থ পেয়ে গেছেন, তবে প্রায় ২৩ হাজার ড্রাইভার এখনও আবেদনই করেননি বলে জানালেন। ভৈরবী দেশাই জানালেন, উবার - এ ২০১৪ সালের ১০ নভেম্বর থেকে ২০১৭ সালের ২২ মে পর্যন্ত যেকোনো সময় কাজ করা ড্রাইভার এবং লিফট -এ ২০১৫ সালের ১১ অক্টোবর থেকে ২০১৭ সালের ৩১ জুলাই পর্যন্ত কর্মরত ছিলেন এমন যেকোনো ব্যক্তি এ তহবিল থেকে অর্থ পাওয়ার আবেদন করতে পারবেন।

বর্তমানে এসব কোম্পানিতে কাজ না করলেও, অ্যাকাউন্ট বন্ধ থাকলেও, বা দেশের বাইরে থাকলেও আবেদন করা যাবে। প্রয়াত ড্রাইভারের পরিবারের সদস্যরাও টাকা দাবি

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ**: news@prothomalony.com, **বিজ্ঞাপন**: cm@prothomalony.com